৩৪ নম্বর।—মহিমবর শ্রীযুক্ত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেবের প্রতি মহারাণী ভিক্টোরি-য়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৬৭ অধ্যায়ের ১০ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়া‌ছে তদনুসারে তিনি, কাশীস্থ রাজা শ্রীযুক্ত শিব প্রসাদ, সি, এস, আইকে, আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার অতিরিক্ত সভ্যপদে মনোনীত করিলেন।

আর, জে, ক্রোস্থোয়েট,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

হোম ডিপার্টমেণ্ট।

সিব্বিশৃঙ্খলা বিষয়ক—বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৮১ সাল ১০ ডিসেম্বর।

৩৯৭ নম্বর।—শ্রীযুক্ত আর, ডি, হাইম সাহেব ১৮৮১ সালের ৮ সেপ্টেম্বর অবধি শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিস ত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন।

এ, মাকেঞ্জি,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

" [দ্বিতীয়বার প্রকাশিত।]

LEGISLATIVE DEPARTMENT.

NOTIFICATION.

Fort William, the 26th November 1881.

No. 28.—Whereas the Secretary of State for India has by Resolution in Council declared the provisions of Act 33 Vic., cap. 3, section 1, to be from and after the 1st of January 1873 applicable to the Chittagong Hills:

And whereas the Lieutenant-Governor of Bengal has proposed to the Governor-General in Council a draft of the following Regulation, together with the reasons for proposing the same:

And whereas the Governor-General in Council has taken such draft and reasons into consideration and has approved of such draft and the same has received the Governor-General's assent:

In pursuance of the direction contained in the said section, the said Regulation is now published in the *Gazette of India*;—

The Chittagong Hill Tracts Frontier Police Regulation III of 1881.

Preamble.

Whereas the Frontier Police of the Hill Tracts of Chittagong enrolled under Act No. V of 1861 (*for the regulation of Police*) perform services of a *quasi*-military character; and whereas the provisions of the said Act, and the orders and rules framed under section twelve thereof, have been found insufficient for the maintenance of discipline among such Police, and it is therefore expedient to make further provision for the maintenance of discipline among them; It is hereby enacted as follows:—

Short title.

1. This Regulation may be called "The Chittagong Hill Tracts Frontier Police Regulation, 1881:"

Local extent.

It applies to all persons now, or hereafter appointed, under the said Act, No. V of 1861, to be Frontier Police officers, and posted to the Hill Tracts of Chittagong;

Commencement.

and it shall come into force at once.

Interpretation-clause.

2. In this Regulation, unless there is something repugnant in the subject or context—

"active service."

"active service" means service at the frontier outposts or against hostile tribes or other persons in the field;

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।

ফোর্ট উইলিয়ম। ১৮৮১ সাল ২৬ নবেম্বর।

২৮ নম্বর।—ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব মন্ত্রিসভার নির্দ্ধারণক্রমে শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ৩৩ বৎসরের আইনের ৩ অধ্যায়ের ১ ধারার বিধান ১৮৭৩ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসাবধি চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশে বর্ত্তিবার আজ্ঞা করিয়াছেন;

এবং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকট নিম্নলিখিত ব্যবস্থার পাণ্ডুলিপি প্রস্তাব করিয়াছেন ও তৎসঙ্গে প্রস্তাব করিবার হেতু দিয়াছেন;

এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব উক্ত পাণ্ডুলিপি ও হেতু সকল বিবেচনা করিয়া দেখিয়া ঐ পাণ্ডুলিপি অনুমোদন করিয়াছেন, এবং তাহাতে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি দেওয়া হইয়াছে;

অতএব পূর্ব্বোক্ত ধারার আদেশমতে উক্ত ব্যবস্থা একণে ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা গেল।—

১৮৮১ সালের ৩ নং ব্যবস্থা।

চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের সীমাঞ্চলের পোলীস সংক্রান্ত ১৮৮১ সালের ব্যবস্থা।

হেতুবাদ।

চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের সীমাঞ্চলের পোলীস (পোলীসের বিধানার্থ) ১৮৬১ সালের ৫ আইনমতে নিযুক্ত হইয়া সৈনিকভাবাপন্ন কার্য্য করে। উক্ত আইনের বিধান ও ঐ আইনের ১২ ধারামতে কৃত আজ্ঞা ও বিধি উক্ত পোলীসের মধ্যে সুধারা রক্ষণার্থ অনুপযোগী দৃষ্ট হওয়াতে, তাহাদের মধ্যে সুধারা রক্ষণার্থ আরো বিধান করা বিহিত, অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই ব্যবস্থা "চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের সীমাঞ্চলের পোলীস সংক্রান্ত ১৮৮১ সালের ব্যবস্থা" নামে খ্যাত হইতে পারিবে।

স্থানীয় ব্যাপ্তি।

যে সকল ব্যক্তি একণে বা ভবিষ্যতে উক্ত ১৮৬১ সালের ৫ আইনমতে ঐ সীমাঞ্চলের পোলীস কর্ম্মচারীপদে নিযুক্ত হইয়া চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশে অবস্থাপিত হন, সেই সকল ব্যক্তির প্রতি এই আইন বর্ত্তিবে;

আরম্ভ।

এবং ইহা অবিলম্বে বলবৎ হইবে।

অর্থকরণের ধারা।

২ ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথাক্রমে ভাবান্তর বোধ না হইলে, এই ব্যবস্থায়

"শ্রমসাধ্য কর্ম্ম।"

সীমাঞ্চলের ফাঁড়িতে কিম্বা যুদ্ধক্ষেত্রে উপস্থিত বিরোধী জাতিদের বা অন্য ব্যক্তিদের বিরুদ্ধে যে কর্ম্ম করা যায়, তাহাকে "শ্রমসাধ্য কর্ম্ম" বলে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৭ ডিসেম্বর।]

"Deputy Commissioner" and "District Superintendent" mean the Deputy Commissioner of the Hill Tracts of Chittagong and the District Superintendent of Police within the same tracts, respectively; and

"Deputy Commissioner" and "District Superintendent."

the expressions "reason to believe," "criminal force," "assault," and "fraudulently" have the meanings assigned to them respectively in the Indian Penal Code.

"reason to believe," "criminal force," "assault," and "fraudulently."

3. Any person subject to this Regulation, not being above the rank of sùbahdár, who—

More heinous offences.

(a) begins, excites, causes or joins in any mutiny or sedition, or being present at any mutiny or sedition, does not use his utmost endeavours to suppress the same, or, knowing or having reason to believe in the existence of any mutiny, or of any intention to mutiny, does not without delay give information thereof to his commanding or other superior officer; or

(b) uses, or attempts to use, criminal force to, or commits an assault on, his superior officer, whether on or off duty, under any circumstances in which the superior officer is distinguishable as such in any manner; or

(c) shamefully abandons or delivers up any garrison, fortress, post or guard committed to his charge, or which it is his duty to defend; or

(d) directly or indirectly holds correspondence with, or assists or relieves any persons in arms against the state, or omits to discover immediately to his commanding or other superior officer any such correspondence coming to his knowledge; and

any such person who, while on active service—

(e) disobeys the lawful command of his superior officer; or

(f) deserts the service; or,

(g) being a sentry, sleeps upon his post, or quits it without being regularly relieved or without leave; or,

(h) without authority, leaves his commanding officer, or his post or party, to go in search of plunder; or

(i) quits his guard, picquet, party or patrol without being regularly relieved or without leave; or

"ডেপুটী কমিশ্যনর" ও "ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট" বলিতে যথাক্রমে চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের ডেপুটী কমিশ্যনর ও সেই প্রদেশের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট বুঝাইবে; এবং

"ডেপুটী কমিশ্যনর" ও "ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট।"

"বিশ্বাস করিবার হেতু" "অপরাধযুক্ত বল-প্রকাশ" "আক্রমণ" ও "প্রতারণাক্রমে" এই২ শব্দের যে২ অর্থ ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনে নিরূপিত হইয়াছে সেই২ অর্থ থাকিবে।

"বিশ্বাস করিবার হেতু" "অপরাধযুক্ত বল প্রকাশ" "আক্রমণ" ও "প্রতারণাক্রমে।"

৩ ধারা। এই ব্যবস্থার অধীন কোন ব্যক্তি সুবাদারের উপরের পদস্থ না হইয়া,

গুরুতর অপরাধের কথা।

(ক) যদি কোন বিদ্রোহ বা বিদ্রোহভাবের গোলমাল আরম্ভ, উদ্দীপন বা সংঘটন করে বা তাহাতে যোগ দেয়, কিম্বা কোন বিদ্রোহের স্থলে বা বিদ্রোহভাবের গোলমালের স্থলে উপস্থিত থাকিয়া তাহা দমন করিবার যথাসাধ্য চেষ্টা না করে, কিম্বা কোন বিদ্রোহের সত্তা বা অভিপ্রায় অবগত হইয়া বা তাহাতে বিশ্বাস করিবার কারণ দেখিয়া অবিলম্বে তাহার সম্বাদ আপন সৈন্যাধ্যক্ষকে বা অন্য উপরিতন কর্ম্মচারীকে না জানায়; কিম্বা

(খ) আপনার উপরিতন সেনাপতিকে যে কোন অবস্থায় তৎস্বরূপ বলিয়া কোনরূপে চিনা যায়, সেই অবস্থায় তিনি কর্ম করিতে থাকুন বা না থাকুন, তাঁহার প্রতি যদি অপরাধযুক্ত বল প্রকাশ করে বা করিবার চেষ্টা করে বা আক্রমণ করে; কিম্বা

(গ) আপনার জিম্মায় যে কোন দুর্গস্থ সেনাদল, দুর্গ, আড্ডা বা চৌকি থাকে, কিম্বা যাহা রক্ষা করা তাহার কর্ত্তব্য, তাহা যদি লজ্জাজনকরূপে পরিত্যাগ বা শত্রুহস্তে সমর্পণ করে; কিম্বা

(ঘ) রাজ্যের বিরুদ্ধে সশস্ত্র কোন ব্যক্তির সহিত সাক্ষাৎ বা পরম্পরায় চিঠিপত্র চালায় কিম্বা তাহার সাহায্য বা কষ্টমোচন করে, কিম্বা উক্তরূপ কোন চিঠিপত্র আপনার জ্ঞানগোচরে আসিলে তাহা তৎক্ষণাৎ আপনার সৈন্যাধ্যক্ষের বা অন্য উপরিতন কর্ম্মচারির নিকট প্রকাশ করিতে ত্রুটি করে; এবং

উক্তরূপ কোন ব্যক্তি শ্রমসাধ্য কর্ম্মে নিযুক্ত থাকিলে,—

(ঙ) যদি আপনার উপরিতন সেনাপতির বৈধ আজ্ঞা অমান্য করে; কিম্বা

(চ) কর্ম্মত্যাগ করিয়া পলায়; কিম্বা

(ছ) সান্ত্রী হইয়া আপনার পাহারার স্থানে নিদ্রা যায়, কিম্বা নিয়মিতরূপে অন্যের প্রতি ভারার্পণ না করিয়া বা ছুটী না লইয়া ঐ স্থান ত্যাগ করিয়া যায়; কিম্বা

(জ) অনুমতি বিনা আপনার সৈন্যাধ্যক্ষকে বা আপনার পাহারার স্থান বা দল ছাড়িয়া লুটের অনুসন্ধানে যায়; কিম্বা

(ঝ) নিয়মিতরূপে অন্যের প্রতি ভারার্পণ না করিয়া বা ছুটী না লইয়া আপনার চৌকি, পাহারা দল বা রোঁদ ছাড়িয়া যায়; কিম্বা

(*j*) uses criminal force to, or commits an assault on, any person bringing provisions or other necessaries to camp or quarters, or forces a safeguard, or without authority breaks into any house or any other place for plunder, or plunders, destroys or damages any field, garden or other property of any kind; or

(*k*) intentionally causes or spreads false alarm in action, camp, garrison or quarters,

shall be punished with transportation for life or for a term of not less than seven years, or with imprisonment, with or without hard labour, for a term which may extend to fourteen years.

Less heinous offences.

4. Any person subject to this Regulation, not being above the rank of súbahdár, who—

(*a*) is in a state of intoxication when on or for any duty, or on parade or on the line of march; or

(*b*) strikes or attempts to force any sentry; or

(*c*) being in command of a guard, picquet or patrol, refuses to receive any prisoner duly committed to his charge, or without proper authority releases any prisoner, or negligently suffers any prisoner to escape; or

(*d*) being under arrest or in confinement, leaves his arrest or confinement, before he is set at liberty by proper authority; or

(*e*) is grossly insubordinate or insolent to his superior officer in the execution of his office; or

(*f*) refuses to superintend or assist in the making of any field-work or other military work of any description ordered to be made either in quarters or in the field; or

(*g*) strikes or otherwise ill-uses any person subject to this Regulation, being his subordinate in rank or position; or

(*h*) being in command at any post or on the march, and receiving a complaint that any one under his command has beaten or otherwise maltreated or oppressed any person, or has committed any riot or trespass, fails to have due reparation made to the injured person, or to report the case to the proper authority; or

(*i*) designedly or through neglect injures or loses, or fraudulently disposes of his arms, clothes, tools, equipments, ammunition, accoutrements or regimental necessaries, or any such articles entrusted to him or belonging to any other person; or

(ঞ) যে কোনব্যক্তি শিবিরে বা ছাউনী স্থানে রসদ বা প্রয়োজনীয় দ্রব্যাদি লইয়া আসিতেছে, তাহার প্রতি যদি অপরাধযুক্ত বলপ্রকাশ করে বা আক্রমণ করে, বা রক্ষক দলের প্রতি বল প্রয়োগ করে, কিম্বা লুঠ করিবার নিমিত্ত অনুমতি বিনা কোন গৃহাদি ভাঙ্গিয়া প্রবেশ করে, কিম্বা কোন ক্ষেত্র, বাগান বা কোনরূপ অন্য সম্পত্তি লুঠ বা নষ্ট করে বা তাহার হানি করে; কিম্বা

(ট) যুদ্ধস্থলে, শিবিরে, দুর্গস্থ সেনার মধ্যে বা ছাউনীতে ইচ্ছাপূর্ব্বক মিথ্যা আশঙ্কা উৎপাদন বা বিস্তার করে

তবে সেই ব্যক্তির যাবজ্জীবন বা অন্যূন সাত বৎসর দ্বীপান্তর প্রেরণ দণ্ড কিম্বা চৌদ্দ বৎসর পর্য্যন্ত কঠিন পরিশ্রম সহিত বা ভদ্বিনা কারাদণ্ড হইবে।

লঘুতর অপরাধের কথা।

৪ ধারা। এই ব্যবস্থার অধীন কোন ব্যক্তি সুবাদারের উপরের পদস্থ না হইলে,

(ক) যদি কর্ম্মকালে বা কর্ম্মে যাইবার সময়ে কিম্বা কাওয়াদ বা যুদ্ধ যাত্রা করিতেং নেসায় ভোর হয়; কিম্বা

(খ) কোন সান্ত্রীকে মারে বা তাহার প্রতি বলপ্রয়োগ করিবার উদ্যোগ করে; কিম্বা

(গ) যদি কোন চৌকী, পাহারা বা রোঁদের কর্তৃত্বভার প্রাপ্ত হইয়া, নিয়মতরূপে তাহার জিম্মায় অর্পিত কোন কয়েদিকে গ্রহণ করিতে অস্বীকার করে, কিম্বা উপযুক্ত ক্ষমতা বিনা কোন কয়েদিকে মুক্ত করে, কিম্বা অনবধানতাবশতঃ কোন কয়েদিকে পলাইতে দেয়; কিম্বা

(ঘ) আসিদ্ধ বা অবরুদ্ধ হইয়া উপযুক্ত কর্ত্তৃপক্ষের আজ্ঞাক্রমে খালাস পাইবার পূর্ব্বে আপনার আসেধের বা অবরোধের স্থান ছাড়িয়া যায়; কিম্বা

(ঙ) আপন কার্য্য সাধন করিতে গিয়া আপনার উপরিতন সেনাপতির প্রতি অত্যন্ত অবাধ্যতা বা ধৃষ্টতা দেখায়, কিম্বা

(চ) ছাউনীতে বা যুদ্ধক্ষেত্রে যে কোন প্রকার ক্ষেত্র-কার্য্য বা অন্য সৈনিক কার্য্য করিবার আদেশ হয় তাহার তত্ত্বাবধান বা সাহায্য করিতে অস্বীকার করে; কিম্বা

(ছ) এই ব্যবস্থার অধীন যে কোন ব্যক্তি পদ বা অবস্থান ক্রমে আপনার অধীন, তাহাকে যদি মারে বা তাহার প্রতি প্রকারান্তরে অত্যাচার করে; কিম্বা

(জ) কোন স্থানে বা যুদ্ধযাত্রা কালে কর্তৃত্বভার-প্রাপ্ত হইয়া যদি এইরূপ নালিশ প্রাপ্ত হয় যে আপনার কর্তৃত্বাধীন কেহ কোন ব্যক্তিকে মারিয়াছে বা প্রকারান্তরে তাহার প্রতি কুব্যবহার বা অত্যাচার করিয়াছে, কিম্বা হাঙ্গামা বা অনধিকার প্রবেশ করিয়াছে, অথচ ক্ষতিপ্রাপ্ত ব্যক্তির উপযুক্ত ক্ষতি পূরণ করিয়া দিতে কিম্বা উপযুক্ত কর্ত্তৃপক্ষের নিকট ঐ বিষয় রিপোর্ট করিতে ত্রুটি করে; কিম্বা

(ঝ) ইচ্ছাপূর্ব্বক বা অনবধানতা বশতঃ আপনার অস্ত্র কাপড়, হাতিয়ার, সাজ, বারুদাদি, পোষাক বা পল্টন সংক্রান্ত আবশ্যক দ্রব্য, কিম্বা তাহার হস্তে সমর্পিত বা অন্য কোন ব্যক্তির উক্তরূপ কোন দ্রব্য লোকসান করে বা হারায়, কিম্বা প্রতারণাপূর্ব্বক বিক্রয়াদি করে; কিম্বা

(j) malingers, feigns or produces disease or infirmity in himself, or intentionally delays his cure, or aggravates his disease or infirmity; or

(k) with intent to render himself or any other person unfit for service, voluntarily causes hurt to himself or any other person; and

any such person who while not on active service—

(l) disobeys the lawful orders of his superior officer; or

(m) plunders, destroys or damages any field, garden or other property; or

(n) being a sentry, sleeps upon his post, or quits it without being regularly relieved, or without leave,

shall be punished with imprisonment, with or without hard labour, which may extend to one year.

Corporal punishment

5. Any person subject to this Regulation, not being above the rank of havildár, who, while on active service, commits any of the offences specified in section three, or in section four, clauses (a) to (k), both inclusive, may, in lieu of or in addition to any punishment to which he is liable under those sections, be punished with whipping.

In no case, if the cat-of-nine-tails be the instrument employed, shall the punishment of whipping exceed fifty lashes, or, if the ratan be employed, shall the punishment exceed thirty stripes.

Minor punishments

6. In addition to the powers conferred upon them by the rules made under section twelve of the said Act, No. V of 1861, the Deputy Commissioner, the District Superintendent, or an Assistant District Superintendent of Police in command of a detachment may, without a formal trial, award to any person subject to his authority, and to whom this Act applies, the following punishments for the commission of petty offences against discipline which are not otherwise provided for, or which are not of a sufficiently serious nature to call for a prosecution before a criminal court (that is to say):—

(a) imprisonment to the extent of seven days in the quarter-guard, or such other place in or near the lines as may be considered suitable, with forfeiture of all pay and allowances during its continuance;

(b) punishment-drill, extra guard, fatigue or other duty, not exceeding thirty days in duration, with or without confinement to lines.

Any of these punishments may be awarded separately or in combination with the others.

(ঞ) আপনার শরীরে কোন রোগ বা অক্ষমতার ভাণ বা ছল করে বা তাহা উৎপাদন করে, কিম্বা ইচ্ছাপূর্ব্বক আপনার আরোগ্যলাভের বিলম্ব করে, কিম্বা আপনার রোগ বা অক্ষমতা বৃদ্ধি করে; কিম্বা

(ট) আপনাকে বা অন্য কোন ব্যক্তিকে কর্ম্ম করণের অনুপযোগী করিবার অভিপ্রায়ে, যদি ইচ্ছাপূর্ব্বক আপনার বা অন্য কোন ব্যক্তির হানি করে; এবং

উক্তরূপ কোন ব্যক্তি শ্রমসাধ্য কার্য্য করিতে না থাকিলে,

(ঠ) যদি আপনার উপরিতন সেনাপতির বৈধ আজ্ঞা অমান্য করে; কিম্বা

(ড) কোন ক্ষেত্র, বাগান বা অন্য সম্পত্তি লুঠ বা নষ্ট বা নোকসান করে; কিম্বা

(ঢ) সান্ত্রী হইয়া আপন পাহারার স্থানে নিদ্রা যায়, কিম্বা অন্যের প্রতি নিয়মিতরূপে ভারার্পণ না করিয়া বা ছুটী না লইয়া যদি ঐ স্থান ছাড়িয়া যায়,

তবে সেই ব্যক্তির এক বৎসর পর্য্যন্ত কঠিন পরিশ্রম সহিত বা তদ্বিনা কারাদণ্ড হইবে।

শারীরিক দণ্ডের কথা।

৫ ধারা। এই ব্যবস্থার অধীন কোন ব্যক্তি হাবিলদারের উপরের পদস্থ না হইলে যদি শ্রমসাধ্য কার্য্যে নিযুক্ত থাকিতে২ ৩ ধারার নির্দ্দিষ্ট কিম্বা ৪ ধারার (ক) অবধি (ট) পর্য্যন্ত প্রকরণের নির্দ্দিষ্ট কোন অপরাধ করে, তবে ঐ ধারামতে তাহার যে কোন দণ্ড হইতে পারে তৎপরিবর্ত্তে বা তদতিরিক্ত তাহার কশাঘাত দণ্ড হইতে পারিবে।

কোনস্থলে যদি কোড়া ব্যবহার করা যায়, তবে কশাঘাত দণ্ডে পঞ্চাশ ঘার অধিক মারিতে হইবে না, যদি বেত্র ব্যবহার করা যায়, তবে ত্রিশ ঘার অধিক নহে।

ক্ষুদ্রতর দণ্ডের কথা।

৬ ধারা। উক্ত ১৮৬১ সালের ৫ আইনের ১২ ধারামতে প্রণীত বিধি অনুসারে তাহাদের প্রতি যে২ ক্ষমতা অর্পিত হয়, তদতিরিক্ত ডেপুটী কমিশানর, ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট, বা কোন সেনাদলের কর্ত্তৃত্বভারপ্রাপ্ত পোলীসের আসিষ্টাণ্ট ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব সুধারার বিরুদ্ধে যে ক্ষুদ্র অপরাধ সম্বন্ধে প্রকারান্তরের বিধান নাই কিম্বা যাহা এত গুরুতর নয় যে তজ্জন্য ফৌজদারী আদালতে অভিযোগ করা আবশ্যক হয় সেই অপরাধ করণ নিমিত্ত আপনার ক্ষমতাধীন যে ব্যক্তির প্রতি এই আইন বর্ত্তে তাহাকে রীতিমত বিচার ব্যতিরেকে নিম্নলিখিত দণ্ড দিতে পারিবেন, অর্থাৎ

(ক) ছাউনীর চৌকিতে কিম্বা ছাউনীর মধ্যে বা নিকটে অন্য যে স্থান উপযুক্ত বলিয়া বিবেচিত হয় সেই স্থানে সাত দিন পর্য্যন্ত কারাদণ্ড ও তৎকালের সমুদয় বেতন ও বৃত্তি দণ্ড;

(খ) ছাউনীর মধ্যে অবরোধ সহিত বা তদ্বিনা ত্রিশ দিনের অনধিক কালের নিমিত্ত দণ্ডাত্মক কাওয়াদ অতিরিক্ত পাহারা শ্রম বা অন্য কর্ম্ম।

এই দণ্ডের মধ্যে কোনটি স্বতন্ত্রভাবে বা অন্য দণ্ডের সঙ্গে দেওয়া যাইতে পারিবে।

7. Any person sentenced under this Regulation to imprisonment for a period not exceeding three months, shall, when also dismissed the service, be imprisoned in the nearest jail; but, when not also dismissed the service, he may, at the discretion of the convicting officer, subject to revision by the Deputy Commissioner, be confined in the quarter-guard or such other place as such officer may consider suitable.

Where person sentenced to imprisonment to be confined.

8. Nothing in this Regulation shall prevent any person from being prosecuted under the said Act, No. V of 1861, or any order or rule framed thereunder, or under any other enactment for the time being in force for any act or omission punishable hereunder, or from being liable under any other enactment to any other or higher penalty than is provided for such act or omission by this Regulation:

Prosecutions, &c., under other enactments.

Provided that no person shall be punished twice for the same offence.

9. Nothing contained in the said Act, No. V of 1861, shall be deemed to prevent the local Government from investing any Police-officer with the powers of a Magistrate for the purpose of enquiring into or trying any offence committed by a Police-officer and punishable under the said Act or this Regulation.

Magisterial powers of Police-officers.

R. J. CROSTHWAITE,
Offg. Secy. to the Govt. of India.

৭ ধারা। এই ব্যবস্থামতে কোন ব্যক্তির তিন মাসের অনধিক কালের কারাদণ্ডের আজ্ঞা হইলে, যদি তাহাকে কর্ম্মচ্যুতও করা যায়, তবে তাহাকে নিকটস্থ জেলে কারাবদ্ধ করিতে হইবে; কিন্তু তাহাকে কর্ম্মচ্যুত না করা গেলে, অপরাধ নির্ণয়কারী কার্য্যকারকের বিবেচনামতে, ডেপুটী কমিশ্যনর সাহেবের সংশোধনের নিয়মাধীনে, ছাউনীর চৌকিতে কিম্বা উক্ত কার্য্যকারক অন্য যে স্থান উপযুক্ত জ্ঞান করেন সেই স্থানে অবরুদ্ধ করিয়া রাখিতে হইবে।

যাহার কারাদণ্ডের আজ্ঞা হয়, সেই ব্যক্তিকে কোথায় আবদ্ধ করিয়া রাখিতে হইবে. তাহার কথা।

৮ ধারা। এই ব্যবস্থামতে যে কার্য্য বা ত্রুটি দণ্ডযোগ্য হয় তন্নিমিত্ত উক্ত ১৮৬১ সালের ৫ আইনমতে বা তৎক্রমে প্রণীত কোন আজ্ঞা বা বিধিমতে, কিম্বা প্রচলিত অন্য কোন আইনমতে কোন ব্যক্তির নামে অভিযোগ হইবার, কিম্বা এই ব্যবস্থায় উক্ত কার্য্যের বা ত্রুটির যে দণ্ডের বিধান আছে অন্য কোন আইনমতে ঐ ব্যক্তির তদ্ভিন্ন বা তদপেক্ষা উচ্চতর দণ্ড হইতে পারিবার কোন বাধা এই ব্যবস্থার কোন কথাক্রমে হইবে না।

অন্যান্য আইনমতে অভিযোগ প্রভৃতির কথা।

কিন্তু একই অপরাধ নিমিত্ত কোন ব্যক্তির দুইবার দণ্ড হইবে না।

৯ ধারা। পোলীসের কোন কর্ম্মচারী উক্ত ১৮৬১ সালের ৫ আইনমতে কিম্বা এই ব্যবস্থামতে দণ্ডনীয় যে কোন অপরাধ করে, তাহার তদন্ত লইবার বা বিচার করিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট পোলীসের কোন কর্ম্মচারিকে মাজিষ্ট্রেটের ক্ষমতা দিতে পারিবেন না, উক্ত ৫ আইনের কোন কথাক্রমে এরূপ বাধা আছে বলিয়া বিবেচনা করা যাইবে না।

পোলীসের কর্ম্মচারিদের মাজিষ্ট্রেটী ক্ষমতা পাইবার কথা।

আর, জে, ক্রস্থোয়েট,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 4, 1881.

মঙ্গলবার ১৮৮১ সাল ৪ জানুয়ারি ।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড ।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 5587A.

GENERAL.—*The 10th December* 1880.—Mr. F. F. Handley, Officiating Joint-Magistrate and Deputy Collector, in charge of the Diamond Harbour Division, 24-Pergunnahs, is appointed to act as Inspector-General of Registration, during the absence, on deputation, of Mr. J. A. Bourdillon, or until further orders.

The 17th December 1880.—Baboo Kasi Kinker Sen, Deputy Magistrate and Deputy Collector, Maldah, is allowed leave for two months, under the rules in Chapter VII of the Civil Leave Code.

Mr. W. D. Blyth, Assistant Magistrate and Collector, is appointed to act, until further orders, in the Second Grade of Joint-Magistrates and Deputy Collectors, and is posted to the district of the 24-Pergunnahs, on being relieved of his present appointment as Officiating Deputy Collector of Customs, Calcutta, by Mr. J. S. Armstrong.

The 22nd December 1880.—Mr. W. F. Meres, Officiating District and Sessions Judge, Tipperah, is allowed leave for three months, under the Rules in Chapter VII of the Civil Leave Code.

The 27th December 1880.—Mr. F. B. Peacock, C.S., reported his return from furlough on the 16th instant.

Mr. R. M. Towers, C.S., reported his return from furlough on the 21st instant.

Mr. R. H. Greaves, Joint-Magistrate and Deputy Collector, who reported his return from furlough on the 19th instant, is posted to Mymensingh.

Baboo Hem Chunder Mookerjee is appointed temporarily to be a Sub-Deputy Collector for employment in the district of Midnapore in connection with the embankment surveys.

Mr. F. B. Peacock, Commissioner of Dacca, is appointed to act as Commissioner of the Presidency Division, during the absence, on leave, of Mr. R. L. Mangles, V.C., or until further orders, with effect from the date on which he joined that appointment.

The 28th December 1880.—Mr. C. F. Magrath, Joint-Magistrate and Deputy Collector, Mymensingh, is appointed to act as Magistrate and Collector, Rungpore, during the absence, on leave, of Mr. J. J. Livesay, or until further orders.

Mr. D. Norton, Assistant Magistrate and Collector, Howrah, is transferred to the district of Darjeeling, and is posted to Kurseong in that district.

Mr. C. A. Wilkins, Officiating Joint-Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is transferred to Howrah.

Moulvi Abdool Kurreem, Deputy Magistrate and Deputy Collector, Tipperah, is vested with the powers of a Collector under Act VII (B.C.) of 1880.

Baboo Dwarka Nath Mookerjee, Officiating Deputy Magistrate and Deputy Collector, Tipperah, is vested with the powers of a Collector under Act VII (B.C.) of 1880.

Mr. S. C. Hampton, Deputy Magistrate and Deputy Collector, who reported his return from furlough on the 22nd instant, is posted to Gya.

Baboo Radha Kissore Sett, a Sub-Deputy Collector in the Presidency Division, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself of it.

Syed Abdur Rahman, Barrister-at-Law, is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to the Sudder Station of the Dinagepore district.

Baboo Tarini Prosad Roy, Deputy Magistrate and Deputy Collector, Balasore, on leave, is transferred to the Hooghly district, and posted to the Serampore division of that district.

Mr. H. W. Barber, Deputy Magistrate and Deputy Collector, Cox's Bazar, Chittagong, on leave, is transferred to the Sudder Station of that district.

[*Government Gazette*, *4th January* 1881.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

৫৫৮৭ A নম্বর।

সাধারণ।—১৮৮০ সাল ১০ ডিসেম্বর।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত জে, এ, বুর্ডিলং সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ২৪ পরগনার অন্তর্গত কলাগাছী মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, এফ, হাণ্ডলী সাহেব রেজিষ্টরীকরণ কার্য্যের ইনস্পেক্টর জেনরলের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ১৭ ডিসেম্বর।—মালদহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালী-কিঙ্কর সেন, সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে দুই মাসের ছুটী পাইলেন।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ, ডি, ব্লাইথ সাহেব শ্রীযুত জে, এস, আর্ম্মষ্ট্রং সাহেবের প্রতি কলিকাতার কষ্টমের একটিং ডেপুটী কালেক্টরস্বরূপ স্বীয় বর্ত্তমান কর্ম্মের ভার অর্পণ করিয়া যাবৎ অন্য আজ্ঞা না হয়, জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া ২৪ পরগনা জিলায় অবস্থাপিত হইলেন।

১৮৮০ ২২ ডিসেম্বর।—ত্রিপুরার একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত ডবলিউ, এফ, মিয়র্স সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

১৮৮০ সাল ২৭ ডিসেম্বর।—শ্রীযুত এফ, বি, পীকক সাহেব, সি, এস, নিয়মিত ছুটীহইতে এই মাসের ১৬ তারিখে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করেন।
শ্রীযুত আর, এস, টোয়ার্স সাহেব, সি, এস, নিয়মিত ছুটীহইতে এই মাসের ২১ তারিখে প্রত্যা-গমন করিয়াছেন রিপোর্ট করেন।

জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর, এচ, গ্রীবস সাহেব, নিয়মিত ছুটীহইতে এই মাসের ১৯ তারিখে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করিয়া ময়মনসিংহে অবস্থাপিত হইলেন।

শ্রীযুত বাবু হেমচন্দ্র মুখোপাধ্যায়, খাঁধের জরিপসম্পর্কীয় কার্য্যে মেদিনীপুর জিলায় নিযুক্ত হইবার জন্যে কিয়ৎকালের নিমিত্তে সব-ডেপুটীকালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত আর, এল, মাঙ্গেলস, বি, সি, সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ঢাকার কমিশ্যনর শ্রীযুত এফ, বি, পীকক সাহেব, যে তারিখে রাজধানী খণ্ডের কমিশ্যন-রের কর্ম্ম গ্রহণ করেন সেই তারিখ অবধি উক্ত খণ্ডের কমিশ্যনরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ২৮ ডিসেম্বর।—শ্রীযুত জে, জে, লাইবসে সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ময়মনসিংহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এফ, মাগ্রাথ সাহেব রঙ্গপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

হাবড়ার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডি মর্টন সাহেব দার্জ্জিলিঙ্গ জিলায় প্রেরিত হইয়া উক্ত জিলার অন্তর্গত কর্সিয়ঙ্গে অবস্থাপিত হইলেন।

২৪ পরগনার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এ, উইলকিন্স সাহেব, হাব-ড়ায় প্রেরিত হইলেন।

ত্রিপুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল করিম, ১৮৮০ সালের বঙ্গীয় আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

ত্রিপুরার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দ্বারকানাথ মুখোপাধ্যায়, ১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এস, সি, হাম্পটন সাহেব, নিয়মিত ছুটী হইতে এই মাসের ২২ তারিখে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করিয়া গয়ায় অবস্থাপিত হইলেন।

রাজধানী খণ্ডের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধাকিশর সেট, যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

বারিষ্টার-আট-লা শ্রীযুত সৈয়দ আবদুর রহমান যাবৎ অন্য আজ্ঞা নাহয় ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া দিনাজপুর জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

ছুটী প্রাপ্ত বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারিণীপ্রসাদ রায় হুগলী জিলায় প্রেরিত হইয়া উক্ত জিলার অন্তর্গত শ্রীরামপুর মহকুমায় অবস্থাপিত হইলেন।

চট্টগ্রামের অন্তর্গত কক্সবাজারের ছুটীপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, ডবলিউ, বারবর সাহেব উক্ত জিলার সদর মোকামে প্রেরিত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ৪ জানুয়ারি।]

REGISTRATION.—*The 16th December* 1880.—The following gentlemen are appointed to be Joint Sub-Registrars of the stations in the district of Jessore mentioned opposite their names, with effect from the 1st January 1881 :—

Baboo Kali Kanto Mitter,	Changachha.
„ Nobin Chunder Mullick,	Doulutpore.
„ Shama Nundo Sen,	Mollarhaut.
„ Annoda Prosaud Dutt,	Singasulpore.
„ Sattya Sikhar Mookerjee,	Dhontala.

The 22nd December 1880.—Mr. F. F. Handley, who was, under orders of the 10th instant, appointed to act as Inspector-General of Registration, is also appointed, under Section 7 of Act XV of 1872, to act, until further orders, as Senior Marriage Registrar of Calcutta, and under Section 7 of Act XV of 1865 to act as Registrar of Parsee Marriages beyond the local limits of the Ordinary Civil Jurisdiction of the High Court.

OPIUM.—*The 28th December* 1880.—Mr. G. Field, Sub-Deputy Opium Agent of Motihari, is allowed furlough for two years under Section 21, Chapter IV of the Civil Leave Code, with effect from the 20th April 1881.

MEDICAL.—*The 22nd December* 1880.—Supernumerary Assistant Surgeon Hera Lal Nan, attached to the Mayo Hospital, is allowed leave for six months, under Section 17A of the Civil Leave Code, in extension of that granted to him under orders of the 5th June 1880.

MUNICIPAL.—*The 16th December* 1880.—Mr. A. A. Wace, Joint-Magistrate and Deputy Collector, Beerbhoom, is appointed to be a Commissioner of the Sooree Municipality.

Baboo Kedar Nath Biswas, Officiating Deputy Magistrate and Deputy Collector, is appointed to be a Commissioner of the Balasore Municipality, *vice* Baboo Okhoy Coomar Chatterjee, transferred.

Mr. G. Yule is reappointed to be a Commissioner of the Suburban Municipality.

ROAD CESS—*The 21st December* 1880.—In supersession of all previous orders, the undermentioned gentlemen are appointed to be members of the District Road Cess Committee of Nuddea :—

The Senior Covenanted Assistant under the Magistrate and Collector, }
„ Executive Engineer of the district, } *Ex-officio.*
„ District Superintendent of Police, }

Mr. W. R. Ricketts, Vice-Chairman.	Moonshi Nasimuddin.
„ H. Savi.	Baboo Nuffer Chunder Pal Chowdhury.
Baboo Obhoya Nunda Roy.	„ Prosonno Chunder Roy.
„ Dinanath Mookerjee.	„ Ram Chunder Mookerjee.
„ Jagut Chunder Mookerjee.	„ *Ram Gopal Dutt.
„ Jodoonath Chatterjee.	„ Shourish Chunder Roy Chowdhury.
„ Kartick Chunder Roy.	„ Suranath Chowdhury.
„ Krishnanath Roy.	„ Surendranath Pal Chowdhury.
„ Mirtunjoy Roy.	„ Taran Chunder Sarkar.

Baboo Tarinie Churn Chatterjee.

In supersession of all previous orders, the undermentioned gentlemen are appointed to be members of the Branch Road Cess Committee of Ranaghat, in the district of Nuddea :—

The Sub-Divisional Officer, Chairman }
The Executive Engineer, Burdwan Division } *Ex-officio.*
Baboo Bani Madhub Mookerjee, Vice-Chairman.

Kazi Abdool Mozed.	Baboo Khelaram Mookerjee.
Baboo Bunku Behari Ghose.	„ Nobin Krista Banerjee.
„ Hurri Das Roy.	„ Ram Gopal Moonshi.
„ Jadub Chundra Chatterjee.	„ Shumbhu Nath Mookerjee.
„ Kedar Nath Mookerjee.	„ Sreeram Indra.

Baboo Susti Dass Mookerjee.

[*Government Gazette, 4th January* 1881.]

রেজিষ্টরী করণ বিষয়ক।—১৮৮০ সাল ১৬ ডিসেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা ১৮৮১ সালের ১ জানুয়ারি অবধি আগামী ২ মাসের পূর্ব্বলিখিত যশোহর জিলার অন্তর্গত কএক ষ্টেশনের জাইন্ট সব রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু কালীকান্ত মিত্র, ... চানগাছা।
,, ,, নবীনচন্দ্র মল্লিক, ... দৌলৎপুর।
,, ,, শ্যামানন্দ সেন, ... মোল্লারহাট।
,, ,, অন্নদাপ্রসাদ দত্ত ... সিঙ্গাসুলপুর।
,, ,, সত্যশেখর মুখোপাধ্যায়, ... ধবতলা।

১৮৮০ সাল ২২ ডিসেম্বর।—এই মাসের ১০ তারিখের আজ্ঞামতে রেজিষ্টরী করণ কার্য্যের ইন্সপেক্টর জেনরলের কর্ম্ম করিতে নিযুক্ত শ্রীযুত এফ, এফ, হাণ্ডলী সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয় ১৮৭২ সালের ১৫ আইনের ৭ ধারামতে কলিকাতার পদজ্যেষ্ঠ বিবাহের রেজিষ্ট্রারের ও কর্ম্ম করিতে এবং ১৮৬৫ সালের ১৫ আইনের ৭ ধারামতে হাই কোর্টের নিয়মিত দেওয়ানী বিচারাধিপত্যের স্থান সীমার বহির্ভূত স্থানে পারসী বিবাহের রেজিষ্ট্রারের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

আফীমবিষয়ক।—১৮৮০ সাল ২৮ ডিসেম্বর।—মতিহারির আফীমের সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত জি, ফিলড সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির চতুর্থ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৮১ সালের ২০ আপ্রিল অবধি দুই বৎসরের নিয়মিত ছুটী পাইলেন।

চিকিৎসা বিষয়ক।—১৮৮০ সাল ২২ ডিসেম্বর।—মেও হাস্পাতালে নিযুক্ত অতিরিক্ত আসিষ্টান্ট সর্জন শ্রীযুত হিরালাল নাগ্ ১৮৮০ সালের ৫ জুনের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৭ A ধারামতে ছয় মাসের ছুটী পাইলেন।

মুনিসিপল বিষয়ক।—৮৮০ সাল ১৬ ডিসেম্বর।—বীরভূমের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ, এ, ওয়েস সাহেব শিউড়ী মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু অক্ষয়কুমার চট্টোপাধ্যায় স্থানান্তরে প্রেরিত হওয়াতে একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কেদারনাথ বিশ্বাস, বালেশ্বর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত জি, ইয়ূল সাহেব, শ্যামনগর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

পথকর বিষয়ক।—১৮৮০ সাল ২১ ডিসেম্বর।—পূর্ব্বের সকল আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। নিম্নলিখিত মহাশয়েরা নদীয়া জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

মাজিষ্ট্রেট ও কালেক্টরের অধীন পদজ্যেষ্ঠ চিহ্নিত আসিষ্টান্ট,
জিলার একসেকিউটিব ইঞ্জিনিয়র সাহেব,
পোলীসের ডিষ্ট্রিক্ট সুপারিন্টেণ্ডেণ্ট সাহেব, } স্বং পদোপলক্ষে।

শ্রীযুত ডবলিউ, আর, রিকেটস সাহেব, প্রতিনিধি সভাপতি।
,, এচ, সাবি সাহেব।
,, বাবু অভয়ানন্দ রায়।
,, বাবু দীননাথ মুখোপাধ্যায়।
,, বাবু জগচ্চন্দ্র মুখোপাধ্যায়।
,, বাবু যদুনাথ চট্টোপাধ্যায়।
,, বাবু কার্ত্তিকচন্দ্র রায়।
,, বাবু কৃষ্ণনাথ রায়।
,, বাবু মৃত্যুঞ্জয় রায়।

শ্রীযুত মুনশী নসিমদ্দীন।
,, বাবু নফরচন্দ্রপাল চৌধুরী।
,, বাবু প্রসন্নচন্দ্র রায়।
,, বাবু রামচন্দ্র মুখোপাধ্যায়।
,, বাবু রামগোপাল দত্ত।
,, বাবু গৌরীশচন্দ্র রায় চৌধুরী।
,, বাবু সুরনাথ চৌধুরী।
,, বাবু সুরেন্দ্রনাথ পাল চৌধুরী।
,, বাবু তারণচন্দ্র সরকার।

শ্রীযুত বাবু তারিণীচরণ চট্টোপাধ্যায়।

পূর্ব্বের সকল আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। নিম্নলিখিত মহাশয়েরা নদীয়া জিলার অন্তর্গত রাণাঘাটের শাখাপথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

মহকুমার কর্ত্তৃপক্ষ, সভাপতি
বর্দ্ধমান খণ্ডের এক্সেকিউটিব ইঞ্জিনিয়র সাহেব, } স্বংপদোপলক্ষে।

শ্রীযুত বাবু বেণীমাধব মুখোপাধ্যায়, প্রতিনিধি সভাপতি।

শ্রীযুত কাজি আবদুল মে জেদ।
,, বাবু বঙ্কবিহারী ঘোষ।
,, বাবু হরিদাস রায়।
,, বাবু যাদবচন্দ্র চট্টোপাধ্যায়।
,, বাবু কেদারনাথ মুখোপাধ্যায়।

শ্রীযুত বাবু খেলারাম মুখোপাধ্যায়।
,, বাবু নবীনকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়।
,, বাবু রামগোপাল মুনশী।
,, বাবু শম্ভুনাথ মুখোপাধ্যায়।
,, বাবু শ্রীরাম ইন্দ্র।

শ্রীযুত বাবু ষষ্ঠীদাস মুখোপাধ্যায়।

[গবর্নমেন্ট গেজেট। ১৮৮১। ৪ জানুয়ারি।]

In supersession of all previous orders, the undermentioned gentlemen are appointed to be members of the Branch Road Cess Committee of Kooshtea, in the district of Nuddea:—

The Sub-Divisional Officer, Chairman.
The Executive Engineer, Burdwan Division. } *Ex-officio.*

Baboo Denonath Misra, Vice-Chairman.
Mr. A. Dennis.
Baboo Obhoya Churn Chatterjee.
„ Bidhu Bhusan Bose.
„ Bhubanjoy Achargya.
„ Moonshi Dad Ali Khan.
Baboo Gopi Krishna Singh.
„ Harish Chandra Roy.
„ Krishna Nath Chowdhury.
Mir Mohosen Ali.
Baboo Ramdhon Mozumdar.
„ Trailakhya Nath Mitra.

In supersession of all previous orders, the undermentioned gentlemen are appointed to be members of the Branch Road Cess Committee of Chooadanga, in the district of Nuddea:—

The Sub-Divisional Officer, Chairman.
„ Executive Engineer, Burdwan Division. } *Ex-officio.*

Baboo Monmohun Banerjee, Vice-Chairman.

Mr. A. M. Eddis.
„ W. Sherieff.
Baboo Hari Nath Biswas.
„ Hari Nath Mookerjee.
Moonshi Nasimooddin.
Baboo Nuffer Chunder Pal Chowdhury.
Moonshi Nofor Ali Biswas.
Baboo Prosonno Chandra Roy, M.A., B.L.
Moonshi Rastom Biswas.
Baboo Thakur Dass Moulik.
Baboo Woomesh Chundra Sen.

In supersession of all previous orders, the undermentioned gentlemen are appointed to be members of the Branch Road Cess Committee of Meherpore, in the district of Nuddea:—

The Sub-Divisional Officer, Chairman.
„ Executive Engineer, Burdwan Division, } *Ex-officio.*

Mr. P. Smith, Vice-Chairman.

„ G. J. Bell.
„ A. W. Eddes.
„ F. G. Gibson.
„ Kragh.
„ Macdonald.
„ M. Smith.
Baboo Aughore Nath Mookerjee.
„ Avinash Chandra Chatterjee.
„ Brojo Coomar Mullick.
„ Jadu Nath Mozoomdar.
„ Kali Prosonno Biswas.
„ Nuffer Chunder Pal Chowdhury.
Baboo Sham Soonder Roy

The following notification is republished from the *Assam Gazette*:—

No. 340.—*The* 16*th December* 1880.—Consequent on the return to duty of Mr. A. C. Campbell, Deputy Commissioner, Third Grade, the following reversions in the Assam Commission are directed with effect from the 12th December 1880:—

* * * * *

Mr. F. St. C. Grimwood, from the Second to the Third Grade of Assistant Commissioners.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 28*th December* 1880.—The Lieutenant-Governor appoints the following gentlemen to be members of the Board of Visitors of the Government Engineering College, Howrah:—

The Ven'ble J. Baly, M.A., Archdeacon of Calcutta.

Colonel F. S. Stanton, R.E., Officiating Secretary to Government in the Public Works Department, *ex-officio.*

A. W. Croft, Esq., Director of Public Instruction, *ex-officio.*

H. C. Levinge, Esq., Joint-Secretary to Government, Public Works Department, Irrigation Branch, *ex-officio.*

Surgeon-Major J. G. Pilcher, Civil Surgeon, Howrah, *ex-officio.*

Baboo Kunjalal Banerjee, Judge of the Small Cause Court, Calcutta.

W. H. Ryland, Esq., Officiating Superintendent of Stamps and Stationery.

Baboo Bhoodev Mookerjee, C.I.E., Inspector of Schools, Western Circle.

A. W. Garrett, Esq., B.A., Inspector of Schools, Presidency Circle, *ex-officio.*

S. F. Downing, Esq., B.A., Principal of the Engineering College, *ex-officio.*

[*Government Gazette,* 4*th January* 1881.]

পূর্ব্বের সকল আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। নিম্নলিখিত মহাশয়েরা নদীয়া জিলার অন্তর্গত কুষ্টিয়ার শাখাপথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

মহকুমার কর্তৃপক্ষ, সভাপতি
বর্দ্ধমান খণ্ডের একজিকিটিব ইঞ্জিনিয়র সাহেব, } স্বং পদোপলক্ষে।

শ্রীযুত বাবু দীননাথ মিত্র, প্রতিনিধি সভাপতি।
,, এ, ডেনিস সাহেব।
,, বাবু অভয়াচরণ চট্টোপাধ্যায়।
,, বাবু বিধুভূষণ বসু।
,, বাবু ভুবনেশ্বর আচার্য্য।
,, মুনশী মদোলি খাঁ।
শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ সিংহ।
,, বাবু হরিশ্চন্দ্র রায়।
,, বাবু কৃষ্ণনাথ চৌধুরী।
,, মির মোহসেন আলি।
,, বাবু রামধন মজুমদার।
,, বাবু ত্রৈলোক্যনাথ মিত্র।

পূর্ব্বের সকল আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। নিম্নলিখিত মহাশয়েরা নদীয়া জিলার অন্তর্গত চুয়াডাঙ্গার শাখাপথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

মহকুমার কর্তৃপক্ষ, সভাপতি
বর্দ্ধমান খণ্ডের একজেকিটিব ইঞ্জিনিয়র সাহেব, } স্বং পদোপলক্ষে।

শ্রীযুত বাবু মনমোহন বন্দ্যোপাধ্যায়, প্রতিনিধি সভাপতি।
,, এ, এম, এডিস সাহেব।
,, ডবলিউ, শেরিফ সাহেব।
,, বাবু হরিনাথ বিশ্বাস।
,, বাবু হারনাথ মুখোপাধ্যায়।
,, মুনশী নসীমুদ্দীন।
শ্রীযুত বাবু নফরচন্দ্র পালচৌধুরী।
,, মুনশী নফরআলী বিশ্বাস।
,, বাবু প্রসন্নচন্দ্র রায়, এম, এ, ও, বি, এল।
,, মুনশী রুস্তম বিশ্বাস।
,, বাবু ঠাকুরদাস মৌলিক।

শ্রীযুত বাবু উমেশচন্দ্র সেন।

পূর্ব্বের সকল আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। নিম্নলিখিত মহাশয়েরা নদীয়া জিলার অন্তর্গত মেহেরপুরের শাখাপথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

মহকুমার কর্তৃপক্ষ, সভাপতি
বর্দ্ধমান খণ্ডের একজেকিটিব ইঞ্জিনিয়র সাহেব, } স্বং পদোপলক্ষে।
শ্রীযুত পি, স্মিথ সাহেব প্রতিনিধি সভাপতি।

শ্রীযুত জি, জে, বেল সাহেব।
,, এ, ডবলিউ, এডিস সাহেব
,, এফ, জি, গিবসন সাহেব।
,, ক্রাম সাহেব।
,, মাকডোনাল্ড সাহেব।
,, এম, স্মিথ সাহেব।
শ্রীযুত বাবু অঘোরনাথ মুখোপাধ্যায়।
,, বাবু অবিনাশচন্দ্র চট্টোপাধ্যায়।
,, বাবু ব্রজকুমার মল্লিক।
,, বাবু যদুনাথ মজুমদার।
,, বাবু কালীপ্রসন্ন বিশ্বাস।
,, বাবু নফরচন্দ্র পাল চৌধুরী।

শ্রীযুত বাবু শ্যামসুন্দর রায়।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেটহইতে উদ্ধৃত করা গেল।

৩৪০ নম্বর।—১৮৮০ সাল ১৬ ডিসেম্বর।—তৃতীয় শ্রেণীর ডেপুটী কমিশনর শ্রীযুত এ, সি, কাম্বেল সাহেব, কর্ম্মে প্রত্যাগমন করাতে ১৮৮০ সালের ১২ ডিসেম্বর অবধি আসাম কমিশ্যনে নিম্নলিখিত পদে প্রত্যাগমনের আদেশ হইল।

* * * * *

শ্রীযুত এফ, সেন্ট সি, গ্রিমউড সাহেব, আসিস্টান্ট কমিশ্যনরদের দ্বিতীয় শ্রেণীহইতে তৃতীয় শ্রেণীতে।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৮ ডিসেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নিম্নলিখিত মহাশয়দিগকে হাবড়ার গবর্ণমেণ্ট ইঞ্জিনিয়রিং কালেজের পরিদর্শক বোর্ডের মেম্বরের পদে নিযুক্ত করিলেন।

কলিকাতার আর্চিডিকন মানাবর শ্রীযুত জে, বেলি সাহেব, এম, এ।

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী কর্ণেল শ্রীযুত এফ, এস, ষ্টাণ্টন সাহেব, আর, ই, স্বীয় পদোপলক্ষে।

সাধারণের শিক্ষা সংক্রান্ত কার্য্যের ডৈরেক্টর শ্রীযুত এ, ডবলিউ, ক্রফ্ট সাহেব, স্বীয় পদোপলক্ষে।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায় গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী শ্রীযুত এচ, সি, লেবিঞ্জ সাহেব, স্বীয় পদোপলক্ষে।

হাবড়ার সিবিল চিকিৎসক সর্জন মেজর শ্রীযুত জে, জি, পিলচর সাহেব, স্বীয় পদোপলক্ষে।

কলিকাতার ছোট আদালতের জজ শ্রীযুত বাবু কুঞ্জলাল বন্দ্যোপাধ্যায়।

ইষ্টাম্প ও কাগজ কলমাদির একটিং সুপারিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ, এচ, রাইলাণ্ড সাহেব।

পশ্চিম চক্রের স্কুল সমূহের ইনস্পেক্টর শ্রীযুত বাবু ভূদেব মুখোপাধ্যায়, সি, আই, ই।

রাজধানী চক্রের স্কুল সমূহের ইনিস্পেক্টর শ্রীযুত এ, ডবলিউ, গারেট সাহেব, বি, এ, স্বীয় পদোপলক্ষে।

ইঞ্জিনিয়রিং কালেজের প্রিন্সিপল শ্রীযুত এস, এফ, ডৌলিং সাহেব, বি, এ, স্বীয় পদোপলক্ষে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ৪ জানুয়ারি।]

Pundit Mohesh Chunder Nyaratna, Officiating Principal of the Sanskrit College.
C. Fouracres, Esq., Superintendent of Workshops, Seebpore, *ex-officio*.
K. B. Stuart, Esq., M.D., F.R.C.S.,E.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 28th December 1880.—Under the powers vested in him by Section 1, paragraph 1, of Act V (B.C.) of 1880, "The Bengal Vaccination Act," the Lieutenant-Governor hereby declares his intention to extend the provisions of the said Act to the Municipality of Rampore Beauleah, in the district of Rajshahye.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 21st December 1880.—Under the powers conferred on him by Section 7 of the Census Act (Act XIV of 1880), the Lieutenant-Governor directs the issue of the following instructions for the guidance of census officers in all districts within the jurisdiction of the Lieutenant-Governor of Bengal, except such tracts as may hereafter be specially exempted by notification in the *Calcutta Gazette* :—

Every census officer may ask of all persons within the limits of the local area for which he is appointed such questions as may be necessary to enable him to fill, in respect of each of such persons, the particulars required by the following form of schedule; but no census officer shall insist upon recording the name of any woman if there is any objection to giving it, or ask to see any female who is not voluntarily produced before him, or ask for any information not required for the purposes of the census, such as the amount of any person's income or the name of any woman's husband.

FORM OF ENUMERATOR'S SCHEDULE.

District ________ *Sub-division* ________ *Thannah* ________

Circle No ____ (________ *Circle Officer*) *Village* ________

(*No.* ____) ________ *Enumerator of Block No.* ____

HOUSE NO. ____

1	2	3	4	5	6	7	8	9	* 10	11	12
Serial number of each inmate.	NAME.	Condition, i. e., whether married, unmarried, widow, or widower.	Sex.	Age last birthday.	RELIGION. Religion.	RELIGION. Caste, if Hindu; sect, if of other religion.	Mother-tongue.	* † § Place of birth.	¶ Occupation of men, also of boys and females who may do work.	EDUCATION. 1. Under instruction. 2. Not under instruction, but able to read and write. 3. Not under instruction, and not able to read and write.	INFIRMITIES. 1. Unsound mind. 2. Deaf. Mutes from birth. 3. Blind. 4. Lepers.

* If a European British subject, add British subject.
† If of mixed European and Asiatic parentage, add Eurasian.
§ If a foreigner, state of what country.
¶ Boys at school, girls, small children, and women who perform no regular work should not be shown at all under column 10.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 4th January* 1881.]

· সংস্কৃত কালেজের একটিং প্রিন্সিপাল শ্রীযুত পণ্ডিত মহেশচন্দ্র ন্যায়রত্ন।
শিবপুর কার্যাগার সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত সি, জে, একর্স সাহেব, স্বীয় পদানুসারে।
শ্রীযুত কে, বি, ষ্টুয়ার্ট সাহেব, এম, ডি, এফ, আর, সি, এস্, ই।

এ, ম কেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৮ ডিসেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি বঙ্গদেশে গোবীজে টিকাদান বিষয়ক ১৮৮০ সালের বঙ্গীয় ৫ আইনের ১ ধারার ১ দফামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি রাজশাহী জিলার অন্তর্গত রামপুর বোয়ালিয়া মুনিসিপালিটীতে উক্ত আইনের বিধান প্রচলিত হইবার অভিপ্রায় প্রকাশ করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২১ ডিসেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ভারতবর্ষের লোক সংখ্যা গ্রহণ বিষয়ক ১৮৮০ সালের ১৪ আইনের ৭ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি যেং প্রদেশ কলিকাতা গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া পরে বিশেষমতে মুক্ত হইবার আদেশ করেন তদ্ভিন্ন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অধিকারের অন্তর্গত সমস্ত জিলার লোক সংখ্যা গ্রহণের কর্ম্মচারিদের উপদেশার্থ নিম্নলিখিত আদেশ প্রচার করিবার আজ্ঞা করিলেন।

পশ্চাল্লিখিত তফসীলের পাঠপুরণ করিবার নিমিত্ত বিশেষ যেং বিবরণজানা আবশ্যক লোক সংখ্যা গ্রহণের কর্ম্মচারী যে স্থানের নিমিত্ত নিযুক্ত হইলেন, তদন্তর্গত সকল ব্যক্তিকে তাঁহাদের প্রত্যেক জনের বিষয়ে সেই সমস্ত প্রয়োজনীয় প্রশ্ন জিজ্ঞাসা করিতে পারিবেন। কিন্তু কোন স্ত্রীলোকের নাম বলিবার কিম্বা ইচ্ছামতে কোন স্ত্রীলোককে সম্মুখে উপস্থিত করিবার আপত্তি থাকিলে তাহা কিম্বা লোক সংখ্যা গ্রহণ সংক্রান্ত ভিন্ন অন্য বিষয়, যথা কোন ব্যক্তির কত আয়, কি কোন স্ত্রীলোকের স্বামির নাম জানাইবার জন্যে লোকসংখ্যা গ্রহণের কোন কর্ম্মচারী জেদ করিবেন না।

লোকগণনাকারিদের তফসীলের পাঠ।

————জিলার অন্তর্গত————এবং যার সামিল————
থানার————নং চক্রের (————চক্রের
কর্ম্মচারী)————গ্রামের————(নং)
————নং পাড়ার লোকগণনাকারী————
————নং বাড়ী।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
বাটীর প্রত্যেক জনের ক্রমিক নম্বর।	নাম।	অবস্থা অর্থাৎ, বিবাহিত কি অবিবাহিত বিধবা বা মুক্তস্বামিকা।	পুরুষ বা স্ত্রী	শেষ জন্মদিনে বয়স।	ধর্ম্ম।		মাতৃভাষা।	* + § জন্মস্থান।	¶ পুরুষদের কার্য্য, বালক ও স্ত্রীলোকেরাও কার্য্য করিতে পারিলে তাহা।	শিক্ষা।	১। অসুস্থ মনা। ২। কালা। অথবা বোবা। ৩। অন্ধ। ৪। কুষ্ঠ রোগী।
					ধর্ম্ম।	হিন্দু হইলে, জাতি, অন্য ধর্ম্মাবলম্বী হইলে সম্প্রদায়।				১। পাঠাবস্থা। ২। পাঠাবস্থা নয় অথচ পড়িতে ও লিখিতে পারে। ৩। পাঠাবস্থা নয় ও পড়িতে ও লিখিতে পারে না।	

* ইউরোপীয় ব্রিটিষ প্রজা হইলে, ব্রিটিষ প্রজা লেখ।

† ইউরোপীয় ও এসিয়া দেশীয় পিতা মাতা হইতে জন্মিলে, ইউরেশীয় লেখ।

§ ভিন্নদেশীয় হইলে, কোন্ দেশের তাহা লেখ।

¶ যে বালকেরা স্কুলে পড়ে, বালিকা ও ছোটং ছেলেরা ও যে স্ত্রীলোকেরা নিয়মিত কোন কর্ম্ম না করে, তাহাদের বিষয় আসলে ১০ ঘরে লিখিতে হইবে না।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ৪ জানুয়ারি।]

DECLARATION.

The 27th December 1880.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz., for enlarging the slaughter-house grounds in the village of Sonadanga, pergunnah Magoorah, district 24-Pergunnahs, for the Military Orphangunge Market, it is hereby declared that for the above purpose a plot of land measuring, more or less, 5 beeghas 1 cottah 14 chittacks of standard measurement, bounded on the north and east by the Goragalcha Road; on the south by the Bramhatur land of Bhutnath Holder; and on the west by the existing slaughter-house land, is required within the aforesaid village of Sonadanga.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

[Third Publication.]

NOTIFICATION.

The 3rd December 1880.—"The Lieutenant-Governor is pleased to publish the following order in Council for general information, in continuation of the order in Council dated the 24th March 1880."

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

At the Court at *Balmoral*, the 6th day of *September* 1880.

Present:

THE QUEEN'S MOST EXCELLENT MAJESTY IN COUNCIL.

WHEREAS by an Order in Council made in pursuance of the Merchant Shipping Act Amendment Act, 1862, and dated the ninth day of January, one thousand eight hundred and sixty-three, Her Majesty was pleased to direct:—First, that the Regulations contained in the Schedule to the said Act should be modified by the substitution for such Regulations of certain Regulations appended to the said Order:

Secondly, that the said Regulations appended to the said Order should, on and after the first day of June, one thousand eight hundred and sixty-three, apply to French ships, whether within British jurisdiction or not:

And, whereas, by several orders in Council subsequently made, Her Majesty was pleased to direct that the Regulations appended to the said order of the ninth of January, one thousand eight hundred and sixty-three, should apply to ships of the countries specified in the said orders, whether within British jurisdiction or not:

And, whereas, by order in Council dated the thirtieth day of July, one thousand eight hundred and sixty-eight, Her Majesty, on the joint recommendation of the Admiralty and the Board of Trade, was pleased to make certain additions to the regulations appended to the said first-recited order in Council, for the purpose of explaining Articles 11 and 13 of the said Regulations, and of removing doubt and misapprehension concerning the effect of the said two Articles:

And, whereas, by order in Council dated the fourteenth day of August, one thousand eight hundred and seventy-nine, Her Majesty has been pleased to direct that on and after

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৭ ডিসেম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ২৪ পরগনা জিলার অন্তর্গত মাগুরা পরগনার সোনাডাঙ্গা গ্রামে মিলিটারী অর্ফানগঞ্জ ঘাটের জবাইখানার জমি বৃদ্ধি করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কর্য্যের নিমিত্তে উক্ত সোনাডাঙ্গা গ্রামে কত্তিমতে ন্যূনাধিক ৫।১৮ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও পূর্ব্ব সীমা গরুলগাছার পথ, দক্ষিণ সীমা ভূতনাথ হালদারের ব্রহ্মত্র ভূমি, ও পশ্চিম সীমা বর্ত্তমান জবাই খানার জমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এ, মাকেঞ্জি'
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[তৃতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৩ ডিসেম্বর।—১৮৮০ সালের ২৪ মার্চ তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞার অনুক্রমে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নিম্নলিখিত মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা সাধারণের অবগতি নিমিত্ত প্রকাশ করিলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

3. Immediately upon any application for license to manufacture salt being sanctioned, the applicant shall execute an agreement (Form I, appendix), and shall thereupon receive from the Board of Revenue a license (Form 2, appendix), the currency of which shall not extend beyond one year.

4. In addition to the preventive guard to be appointed, subject to the approval of the Board, with a view to prevent smuggling and to protect the revenue, the Collector shall appoint in every case, subject to the approval and control of the Commissioner, an excise establishment, as marginally noted, for the purpose of supervising the weighment of the salt prior to removal to the warehouse. The Pass Officer shall be called upon to furnish such security as may be required by the Board of Revenue, and he shall nominate for the Collector's approval the Mohurir to be appointed under his own responsibility. The Board of Revenue shall have full power at their discretion to modify or increase the cost and strength of the excise establishment when necessary.

	Rs.
1 Pass Officer at ..	10
1 Mohurir for each depôt ..	10
Contingencies	1
Total ...	51

5. The pay of the preventive guard and of the excise establishment shall be defrayed by the manufacturer, and shall be disbursed by the Collector, who will be held responsible that the necessary amount is paid to him, or to any one whom he may appoint to receive it, on or before the fifteenth day preceding the close of the month for which it is due. The payment of the sum fixed forms one of the conditions on which the license specified in Rule 3 is granted, and should be provided for in the agreement mentioned in the same rule, a clause being inserted to the effect that, on default of such payment within the specified time, the license may be cancelled, and all salt manufactured under the license at the place of manufacture attached and confiscated. The salt so confiscated should be sold by auction at the highest

উত্তর পশ্চিম দেশে যাইবার বড় রাস্তায় গিয়া মিলে ও তথা হইতে উত্তর মুখে হাবড়া ষ্টেশন দিয়া লস্কর পাড়া পথের সহিত ঐ রাস্তার সংযোগ স্থল পর্য্যন্ত যায়। তথা হইতে লস্কর পাড়া পথের উত্তর দিগের সঙ্গে২ হুগলী নদীর ডাহিন তীরে ঐ রাস্তার শেষ পর্য্যন্ত গিয়া সরল রেখায় নদী পার হইয়া কাশীপুরের ঘাটে পঁহুছে।

২ পরিচ্ছেদ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশে লবণ প্রস্তুত ও গোলাজাত ও চালান ও বিক্রয় করিবার ও তাহার মাসুল অবধারিতমতে আদায় করিবার ১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৭ আইনের ১১ ও ১৩ ধারামতে নির্দ্ধারিত বিধি।

লবণ পোক্তানের বিধি।

১ ধারা। লবণ পোক্তানের কার্য্য যে জিলার মধ্যে চালাইবার অভিপ্রায় থাকে, ১৮৬৪ সালের বঙ্গীয় ৭ আইনের ৭ ধারার বিধানমতে ঐ লবণ পোক্তান করিবার অনুমতিপত্র ঐ জিলার কালেক্টর সাহেবের নিকটে প্রার্থনা করিতে হইবে। ঐ প্রার্থনা গ্রাহ্য করা কর্ত্তব্য কি না, এই বিষয়ে কালেক্টর সাহেবের যে মত হয় তিনি তাহা লিখিয়া খণ্ডের কমিশ্যনর সাহেবের দ্বারা রেবিনিউ বোর্ডে প্রেরণ করিবেন। যদি প্রার্থনা গ্রাহ্য করা মত হয়, তবে নিমক পোক্তানের কার্য্য যে সীমার মধ্যে চালাইতে হইবে কালেক্টর সাহেব তাহা ও ভূমির পরিমাণ নিশ্চিতমতে জানিয়া পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের সঙ্গে পরামর্শ করিয়া, মাসুল-চুরি নিবারণের জন্যে কত জন প্রহরীকে নিযুক্ত করিতে হইবে ও কত খরচ লাগিবে ইহার রিপোর্ট করিবেন। যদি প্রার্থনা গ্রাহ্য না করা মত হয়, তবে যে কারণে প্রার্থনা অগ্রাহ্য করিবেন ইহা সম্পূর্ণরূপে লিখিতে হইবে। যে স্থলে অনুমতিপত্র অনুমোদন করিবার পরামর্শ দেওয়া হয়, অনুমতিপত্রের ইষ্টাম্পের মূল্য আদায় করিয়া পাঠাইতে হইবে, অথবা ঐ টাকা খাজানাখানার হিসাবে জমা দেওয়া হইয়াছে ইহার সর্টিফিকেট দিতে হইবে

২। নিমকপোক্তান করিবার প্রার্থনাপত্র গ্রাহ্য কি অগ্রাহ্য করিতে বোর্ডের সম্পূর্ণ ক্ষমতা থাকিবে ও বোর্ডের আজ্ঞা চূড়ান্ত হইবে।

৩ ধারা। লবণ পোক্তান করিবার অনুমতিপত্র পাইবার প্রার্থনা গ্রাহ্য হইলেই, প্রার্থক (১ চিহ্নিত ক্রোড়পত্রের পাঠে) একখান নিয়মপত্র সম্পাদন করিবেন। তাহা হইলে রেবিনিউ বোর্ডের সাহেবেরা তাঁহাকে (২ চিহ্নিত ক্রোড়পত্রের পাঠে) অনুমতিপত্র দিবেন। সেই অনুমতি পত্র এক বৎসরের অধিক-কাল চলিবে না।

৪ ধারা। মাসুল চুরি নিবারণের ও রাজস্ব রক্ষা করিবার জন্যে বোর্ডের অনুমতিক্রমে যে প্রহরীদল নিযুক্ত করা যাইবে, তদতিরিক্ত কালেক্টর সাহেব কমিশ্যনর সাহেবের অনুমোদন ও কর্ত্তৃত্বাধীনে প্রত্যেক স্থলে গোলা হইতে নিমক বাহির করিবার পূর্ব্বে কষালি কার্য্য তত্ত্বাবধারণের জন্য পার্শ্বালিখিত নিমকী আমলাগণকে নিযুক্ত করিবেন। রেবিনিউ বোর্ড যত টাকা জামিন নিরূপণ করেন, ছাড় দিবার আমলার তত টাকা জামিন দিবার আজ্ঞা হইবে; তিনি নিজে দায় স্বীকার করিয়া কালেক্টর সাহেবের অনুমোদন নিমিত্ত মহুরীরকে মনোনীত করিবেন। আবশ্যক হইলে রেবিনিউ বোর্ডের সাহেবেরা আপনারদের বিবেচনামতে নিমকীর আমলাদের খরচ ও সংখ্যা পরিবর্ত্তন কি বৃদ্ধি করিতে পারিবেন।

ছাড় দিবার ১ আমলা	৪০ টাকা
প্রত্যেক গোলার নিমিত্ত	
১জন মহুরীর	.. ১০ টাকা
নৈমিত্তিক খরচ	... ১ টাকা
	৫১ টাকা

৫ ধারা। যে ব্যক্তি নিমক পোক্তান করেন তিনি মাসুলচুরি নিবারণের ও নিমকীর আমলাদের বেতন কালেক্টর সাহেবকে দিবেন। কালেক্টর সাহেব তাহাদিগকে দিবেন। প্রয়োজনীয় টাকা যে মাসে পাওনা হয় সেই মাস শেষ হইবার পঞ্চদশ দিবস পূর্ব্বে বা তাহার অগ্রে কালেক্টর সাহেবকে, কিম্বা তিনি যাঁহাকে ঐ টাকা গ্রহণ করিতে নিযুক্ত করেন তাঁহাকে দেওয়া যায়, এই বিষয়ে কালেক্টর সাহেব দায়ী হইবেন। অনুমতিপত্র পাইবার যে২ নিয়ম ও ধারামতে নির্দ্দিষ্ট হইয়াছে ঐ নিরূপিত টাকা দেওয়া তাহার অন্যতর নিয়ম, এবং ঐ বিধিতে যে নিয়মপত্রের উল্লেখ হইয়াছে তন্মধ্যে ঐ টাকা দিবার বিধান থাকিতে হইবে। আর নির্দ্দিষ্ট সময়ের মধ্যে টাকা না দেওয়া গেলে, অনুমতিপত্র রহিত হইবে ও পোক্তান স্থানে সেই অনুমতিপত্রক্রমে যে সকল নিমকপোক্তান হয় তাহা জব্দ ও ক্রোক হইবে. এই মর্ম্মের এক প্র[illegible] ঐ নিয়মপত্রে দেওয়া উচিত। এইরূপে যে নিমক জব্দ করা যায় তাহা নীলামে ধরিয়া মাসুলের অতিরিক্ত সর্ব্বোচ্চ দরে বিক্রয় করিতে হইবে এবং মাসুল দিবার পর বিক্রয়োৎপন্ন টাকা হইতে মাসুল চুরি নিবারণের ও নিমকীর আমলাদের খরচ ও যে খরচা পড়ে তাহা দিতে হইবে, বাকী টাকা ত্রুটিকারী ব্যক্তিকে দেওয়া

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১৫ ফেব্রুয়ারি।]

price bid above the duty, and the sale-proceeds should be applied, after paying the duty, to defray the charges on account of the guard and excise establishment and the costs incurred, the balance being made over to the defaulter. If the proceeds should not suffice to pay the duty and charges, the balance may be realized by the sale of any other salt belonging to the defaulter.

In Orissa and the district of Midnapore, however, the cost of these establishments will be defrayed by Government, except in cases in which the outturn of the manufacture yields a revenue less than 20 times the cost of establishment, when the cost shall be defrayed by the manufacturer.

6. Before manufacture is allowed to commence, the land within which the actual manufacture is to be carried on must be carefully marked out by a shallow trench; all necessary arrangements must be made and concluded in regard to the appointment of the preventive guards and excise officers; and, as required by section 10, Act VII (B.C.) of 1864, a proper and secure warehouse must be provided by the manufacturer and be approved of by the Board of Revenue. The manufacturer should give six days' notice of the date on which he intends to commence manufacture, and the pay of the guard shall commence from that date. He should also notify the date of close of manufacture, and the appliances of manufacture should be either removed or destroyed; and until they are so removed or destroyed, the manufacturer will be required to pay for the guard Suitable huts should be provided and kept in repair by the manufacturer for the use of the guard, failing which the Collector may build and repair such huts, and levy the cost by sale of the salt, or cancel the license as for a default in payment of wages.

7. The Collector should ascertain how much salt each chula or furnace can produce in a working day, and the Pass Officer must insist on the chulia, or mate in charge of each furnace, sending that quantity to the chatee or depôt The day's outturn should be brought to the depôt at a fixed hour, from one hour before sunset till sunset. The Pass Officer should receive the salt and measure it in standard baskets supplied by the Collector, and make a note of which furnaces it comes from, so as to secure the full complement from each furnace. If any furnace falls short of the ascertained quantity, the mate of that furnace should be called to account The standard basket shall contain exactly one maund of 40 seers at 80 tolahs to the seer.

8. The Pass Officer shall send to the Collector daily a copy of his record, showing how many baskets of salt have been received at the depôt This record shall be kept in cheque-books similar to those used by Pass Officers for protection of salt on its way to the aurungs.

9. The manufacture of salt shall be closed on such date as the Board of Revenue may be pleased to prescribe in each case, the date being specified in the license of each manufacturer. All salt manufactured after that date shall be held to be salt manufactured without a license and the provisions of sections 5 and 6, Act VII (B.C.) of 1864, shall apply to such salt and to its manufacturer. The license also shall be liable to be cancelled.

10. Within one month from the date of the closing of his manufacture, every licensed manufacturer of salt shall notify to the Collector, for the information of the Board of Revenue, the quantity of salt manufactured by him during the season Should the manufacturer without sufficient cause, fail to give this information within the prescribed period, or should he wilfully furnish incorrect information, he shall be liable to a fine not exceeding Rs. 500; and in the latter case all salt in excess of the quantity notified by him shall be held to be contraband, and shall be liable to seizure and confiscation as such. The license also shall be liable to be cancelled.

Deposit of Salt.

11. The Board of Revenue may appoint the Collector of the district, or other officer specially selected for the purpose, to exercise a general control and supervision over all warehouses

প্রত্যেক গোলাতে পার্শ্বলিখিত নিমকীর আমলাদিগকে নিযুক্ত করিবেন। যে ব্যক্তি নিমক পোক্তান করেন, ঐ আমলা দর খরচ তাঁহার দিতে হইবে। রেবিনিউ বোর্ডের সাহেবেরা যত টাকা জামিন নিরূপণ করেন, দারোগার তত টাকা জামিন দিতে হইবে; এবং ৫ ধারায় নির্দিষ্ট আমলাগণের বেতন দিবার ও কালেক্টর সাহেবের কর্ত্তব্য কর্ম্মের ও দাগের এবং বাকী-বেতন আদায়ের যে২ বিধান ঐ ধারাতে হইয়া [illegible], এই ধারামতে নিযুক্ত আমলাগণের বিষয়েও সেই২ বিধান বর্ত্তিবে। একই বা নিকটবর্ত্তী স্থানে দুই বা তদধিক গোলা থাকিলে, রেবিনিউ বোর্ডের সাহেবেরা আপনাদের বিবেচনামতে আমলাদের সম্বন্ধীয় বন্দোবস্ত পরিবর্ত্তন করিতে পারিবেন। গোলা ঘরের মাপ হইয়া যদি তাহাতে ন্যূনকল্পে দশ হাজার মণ না ধরিতে পারে তবে তাহা গ্রাহ্য হইবে না।

১ দারোগা	...	৪০৲ টাকা
২ পেয়াদা		
৫৲টাকা হিঃ	...	১০৲ টাকা
নৈমিত্তিক খরচ	...	১৲ টাকা
		৫১৲ টাকা

১২ ধারা। নিমকীর অনুমতিপত্রে পোক্তানী বন্ধ করিবার যে তারিখ নিরূপণ হইয়াছে যদি ঐ অনুমতিপত্রক্রমে প্রস্তুত লবণ সেই তারিখ অবধি পঞ্চদশ দিনের মধ্যে গোলাজাত না হইয়া খালাড়িতে থাকে, তবে ৪ ধারামতে নিযুক্ত কার্য্যকারকেরা ঐ লবণ নষ্ট করিবেন, কিন্তু যদি লবণ গোলাজাত না হওয়ার অনিবার্য্য হেতু থাকে তবে নষ্ট করিবেন না।

১৩ ধারা। গোলাঘর রেবিনিউ বোর্ডের সাহেবেরা অনুমোদন করিলে তাহার অনুমতিপত্র নিয়মিত-রূপে দেওয়া যাইবে; এবং লবণ প্রস্তুতকারক সেই গোলার বহির্ভাগের কোন প্রকাশ্য স্থানে রঙ্গ দিয়া কি অন্য প্রকারে জিলার চলিত ভাষায় ও অক্ষরে এই২ কথা লেখাইবেন, যথা অনুমতিপত্রের নম্বর, তাহা যে বৎসর দেওয়া গিয়াছে এবং "অনুমতিপত্র প্রাপ্ত গোলা"। গোলা প্রস্তুত হইবার পূর্ব্বে যে স্থানে গোলা প্রস্তুত করিবার প্রস্তাব হয় জিলার কালেক্টর সাহেব তাহার অনুমোদন করিবেন। লবণ প্রস্তুতকারক গোলাঘরের আমলাদের বাসার্থ উপযুক্ত কাঁচাঘর প্রস্তুত করিয়া দিবেন ও মেরামত করিয়া রাখিবেন; তাহা না করিলে কালেক্টর ঐ কাঁচাঘর প্রস্তুত ও মেরামত করিয়া লবণ বিক্রয় দ্বারা খরচা আদায় করিতে পারিবেন অথবা বেতন দিতে ত্রুটি হইলে যেরূপ অনুমতিপত্র রহিত করিতে পারেন সেইরূপ করিতে পারিবেন। খণ্ডের কমিশ্যনর সাহেব জিলার কালেক্টর সাহেবের দ্বারা কিম্বা এই বিধির ১১ ধারামতে নিযুক্ত অন্য কর্ম্মকারক দ্বারা সময়ে২ অনুমতিপত্র প্রাপ্ত কোন গোলার পরিদর্শন করাইবেন, এবং মেরামত না থাকন প্রযুক্ত কি অন্য কারণে উক্ত গোলার লবণ রাখিবার অনুপযুক্ত হইয়াছে এমত বোধ করিলে, লবণ প্রস্তুতকারককে ঐ স্থান সারাইয়া দিবার কিম্বা প্রকারান্তরে সেই কার্য্যের উপযুক্ত করিবার আজ্ঞা করিতে পারিবেন, তিনি তাহা না করিলে ঐ গোলার অনুমতিপত্র রহিত করিতে পারিবেন। যদি পরিদর্শন করিবার বিশেষ আজ্ঞা না দেওয়া যায়, তবে জিলার কালেক্টর সাহেবদের বৎসরের মধ্যে ন্যূনকল্পে দুইবার প্রত্যেক গোলাতে গিয়া দৃষ্টি করিতে হইবে কিম্বা সেই কার্য্যের নিমিত্তে কোন আসিষ্টাণ্ট কি ডেপুটী কালেক্টরকে পাঠাইতে হইবে। তদ্রূপে পরিদর্শন করিলে যে ফল হয়, কমিশ্যনর সাহেবের দ্বারা বোর্ডের নিকট তাহার রিপোর্ট করিতে হইবে। উড়িষ্যায় বৎসর একবার পরিদর্শন করিলেই চলিবে। গোলা যদি এমন বেমারামত থাকে যে অনুমতি-পত্র রহিত করা আবশ্যক হইয়া উঠে, তাহা হইলেই কমিশ্যনর সাহেব বোর্ডে রিপোর্ট করিবেন।

১৪ ধারা। লবণ প্রস্তুতকারী যখন গোলাজাত করিবার জন্যে খালাড়ি হইতে লবণ লইয়া যাইতে চাহেন, তখন এই বিধির ৪ ধারামতে যে কার্য্যকারক সেই কর্ম্মে নিযুক্ত হন তাঁহারই সাক্ষাতে তিনি চালান করিবার জন্যে লবণ ওজন করিয়া বাঁধাইবেন। যখন চালান করিতে প্রস্তুত হয় তখন সেই লবণ ধামাকৃতি হইলে উক্ত কার্য্যকারক সেই কার্য্যের নিমিত্তে আদল নামে একটা কাঠের ইষ্টাম্প দ্বারা ঐ লবণের সর্ব্বস্থানে ছাপ দিবেন। যদি বস্তাবাঁধা হয় তবে প্রত্যেক বস্তার মুখ গালা দিয়া বন্ধ হইবে এবং তাহার অন্যূন দুই স্থানে স্পষ্ট অক্ষর বিশিষ্ট মোহর বসান যাইবে, এবং চালানের সময়ে লবণ রক্ষা হয় এই নিমিত্তে উক্ত কার্য্যকারক ছাড়পত্র দিবেন।

১৫ ধারা। (ক্রোড়পত্রের ৩ নং পাঠের) সেই ছাড়পত্রে লবণ প্রস্তুতকারির নাম ও তাঁহার অনুমতি-পত্রের নম্বর ও যে পথ দিয়া লবণ চালান হইবে সেই পথ ও লবণের ওজন ও চালান করিবার তারিখ এই সকল কথা লেখা থাকিবে, ও যে কার্য্যকারক তাহা দেন তিনি তাহাতে নম্বর দিয়া স্বাক্ষর করিবেন।

১৬ ধারা। লবণের প্রত্যেক চালানের স্বতন্ত্র ছাড়পত্র দিতে হইবে। কিন্তু যদি মুটিয়াদের মস্তকে কি বলদের পৃষ্ঠে চালান করা যায়, তবে মুটিয়াদের প্রত্যেক দলের কি বলদের প্রত্যেক পালের একই ছাড়পত্র দিলেই হয়। এমত স্থলে ১৫ ধারামতে যে কথা লিখিতে হয় তদ্ভিন্ন ঐ লবণ লইয়া যাইতে যত

bullocks; and in such case, in addition to the particulars stated in Rule 15, the pass shall specify the number of coolies or bullocks employed in carrying the salt, as well as the number of baskets, bags, or packs used. A gang of coolies shall be taken to mean any number of coolies not exceeding fifty, and a drove of bullocks any number not exceeding twenty-five. A responsible Churrundar shall accompany each despatch, who should sign all three foils of the Pass Officer's pass, thus:—

"Received the above salt in full.

(Sd.)

Dated *Churrundar.*"

17. A copy of every pass granted under the foregoing rules shall be forwarded by the officer granting it to the Collector of the district or other controlling officer appointed under Rule 11.

18. The arrival at any licensed warehouse of salt despatched from the salt works shall at once be reported to the officer in charge of the warehouse, who shall, without delay, examine its condition, the state of the stamps or seals, as the case may be, and the pass covering the salt. The pass shall then be forwarded in original duly effaced, and with an endorsement mentioning whether permission to store the salt has been granted or not, to the Collector of the district or other controlling officer appointed under Rule 11, and a copy shall be retained for record by the officer in charge of the warehouse.

19. On the police informing the officer in charge of a warehouse that they suspect that a despatch of salt has been tampered with *en route* from the salt works, the officer in charge of the warehouse shall put aside all bags reported as suspicious by the police until orders are passed in the case.

20. If the officer in charge of the warehouse be satisfied that the rules laid down above have been in no way infringed, he shall thereupon permit the manufacturer to store the salt in the warehouse.

21. If, however, on examination it be found that the despatch of salt has been tampered with, or that the quantity of salt is likely to be more than one per cent less than the quantity specified in the pass, the officer in charge of the warehouse shall be empowered to seize and weigh the entire despatch of salt. If the deficiency in weight exceeds the above limit, the officer in charge of the warehouse shall record the explanation of the manufacturer, or his duly accredited servant in charge thereof, and shall report the case to the Collector of the district, or other controlling officer appointed under Rule 11, who shall transmit the papers with his opinion on the case, for the orders of the Board of Revenue, who may direct confiscation of the entire despatch as contraband. The Board may also, if they see fit, at once cancel the manufacturer's license. The manufacturer shall further be liable for the amount of duty that would be leviable on the deficiency in excess of one per cent.

22. On obtaining the permission of the officer in charge of the warehouse, the salt shall be stored therein by the servants, and at the expense of the manufacturer, in the presence of such officer. If the correctness of the pass protecting the salt is admitted by the officer in charge of the warehouse, he shall enter the weight of the salt as therein stated in the daily store account which he is required to keep.

23. Every licensed warehouse shall be secured by two padlocks supplied by the manufacturer on approval by the officer in charge thereof, the key of one lock being retained by the person owning the salt, or by some person on his behalf, and the key of the second lock by the officer in charge of the warehouse.

24. When a warehouse shall have been stored with salt and before any sales can be permitted, the manufacturer, owner or mortgagee of the salt shall enter into a bond (Form 4, appendix) for payment of the amount of duty, as well as other charges leviable thereon; and he shall further bind himself to discharge, without objection, any duty that may be adjudged against him by the Commissioner of the Division on account of any excess or penalty duty in consequence of any deficiency (beyond the usual allowance of 2½ per cent. as wastage) of salt found in his warehouse at the time of clearance.

যাইবে। মাশুল ও খরচ দিতে গিয়া বিক্রয়োৎপন্ন টাকায় না কুলাইলে, ত্রুটিকারী ব্যক্তির অন্য যে নিমক থাকে তাহা বিক্রয় করিয়া বাকী টাকা আদায় করা যাইতে পারিবে।

উড়িষ্যায় ও মেদিনীপুর জিলায় এই আমলাদের খরচ গবর্ণমেণ্ট দিবেন। কিন্তু যে স্থলে লবণ পোখ্তানে আমলাদের খরচের ২০ গুণের কম রাজস্ব আদায় হয়, সেই স্থলে পোখ্তানকারী খরচ দিবেন।

৬ ধারা। নিমক পোখ্তানের কার্য্য আরম্ভ হইতে দিবার পূর্ব্বে, যে ভূমিতে নিমক পোখ্তান হইবে অল্পগভীর পরিখাদ্বারা অতি মনোযোগ সহকারে তাহার সীমা নির্ণয় করা এবং প্রহরীদের ও নিমকী আমলাদেরনিযুক্ত করণ বিষয়ে যে সকল নিয়ম আবশ্যক তাহা করিয়া সমাপ্ত করা প্রয়োজন; এবং ১৮৬৪ সালের বঙ্গীয় ৭ আইনের ১০ ধারাতে যেমন নির্দ্দিষ্ট হইয়াছে নিমক প্রস্তুতকারির উপযুক্ত ও সুদৃঢ় গোলা তেমনি করিয়া রাখা ও তাহাতে রেবিনিউ বোর্ডের অনুমোদন হওয়া প্রয়োজন। নিমক প্রস্তুতকারী যে তারিখে পোখ্তান আরম্ভ করিতে চাহেন ছয় দিন পূর্ব্বে তাহার নোটিস দিবেন এবং সেই তারিখ অবধি প্রহরীর বেতন দিতে হইবে। যে তারিখে পোখ্তান শেষ হয় তিনি তাহার সংবাদ দিবেন, এবং পোখ্তানের যন্ত্রাদি হয় স্থানান্তরিত নয় বিনষ্ট করিতে হইবে; এবং যতকাল তাহা স্থানান্তরিত বা বিনষ্ট করা না হয়, প্রস্তুতকারকের প্রহরীর বেতন দিতে হইবে। প্রহরীর ব্যবহার নিমিত্ত নিমক প্রস্তুতকারী উপযুক্ত কাঁচাঘর বাঁধিয়া দিবেন ও তাহা মেরামত করিয়া রাখিবেন। তাহা না করিলে কালেক্টর সাহেব ঐ ঘর প্রস্তুত ও মেরামত করিতে পারিবেন এবং হয় নিমক বিক্রয় করিয়া খরচ আদায় করিবেন নয় বেতন দিতে ত্রুটি হইলে যেরূপ অনুমতি পত্র রহিত করেন সেইরূপ করিবেন।

৭ ধারা। কার্য্যচলনের এক দিনে প্রত্যেক চুলায় কত নিমক প্রস্তুত হয়, কালেক্টর সাহেব ইহা নির্ণয় করিবেন, এবং ছাড়দিবার কার্য্যকারক তত নিমক চটিতে বা গোলায় পাঠাইবার নিমিত্ত প্রত্যেক চুলার ভার-প্রাপ্ত চুলিয়ার প্রতি আদেশ দিবেন। সূর্য্যাস্তের এক ঘণ্টা পূর্ব্ব হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত সময়ের মধ্যে নির্দ্দিষ্ট কালে সমস্ত দিনের প্রস্তুত নিমক গোলায় আনিতে হইবে। ছাড় দিবার কার্য্যকারক নিমক লইয়া কালেক্টর সাহেবের দত্ত নির্দ্দিষ্ট ওজনের ঝুড়িতে তাহা মাপ করিবেন, এবং তাহা কোন্ চুলা হইতে আইল ইহা লিখিয়া রাখিবেন। এইরূপে প্রত্যেক চুলা হইতে মোট কত নিমক প্রাপ্য হয় তাহা পাইবার উপায় হইবে। কোন চুলা হইতে নির্দ্দিষ্ট পরিমাণের কম পাওয়া গেলে, ঐ চুলার চুলিয়ার কৈফিয়ৎ লইতে হইবে। ৮০ তোলায় যে সের হয়, তাহার ৪০ সেরের ঠিক ১ মণ উক্ত নির্দ্দিষ্ট ওজনের ঝুড়িতে ধরিবে।

৮ ধারা। ছাড় দিবার কার্য্যকারক প্রত্যহ কালেক্টর সাহেবকে আপন কাগজপত্রের নকল পাঠাইবেন; গোলায় কত ঝুড়ি নিমক পাওয়া গেল ইহা তাহাতে লেখা থাকিবে। আড়ঙ্গে নিমক চালান দিবার সময়ে নিমক এজেন্সীর অর্থ চড়ন্দারী কার্য্যকারকেরা যেরূপ চেকবহী ব্যবহার করেন সেইরূপ চেকবহীতে উক্ত কাগজপত্র রাখিতে হইবে।

৯ ধারা। রেবিনিউ বোর্ডের সাহেবেরা প্রত্যেক ব্যক্তির পক্ষে যে তারিখ নির্দ্ধার্য করেন সেই তারিখে তাহার লবণ পোখ্তানী বন্ধ হইবে। লবণ প্রস্তুতকারক প্রত্যেক জনের অনুমতিপত্রে সেই তারিখ নির্দ্দিষ্ট থাকিবে। সেই তারিখের পর যে সকল লবণ পোখ্তান হয় তাহা অনুমতিপত্রভিন্ন পোখ্তানী লবণ বলিয়া জ্ঞান হইবে। তাহা হইলে সেই লবণের ও তৎপ্রস্তুতকারকের প্রতি ১৮৬৪ সালের বঙ্গীয় ৭ আইনের ৫ ও ৬ ধারার বিধান বর্ত্তিবে। অনুমতিপত্রও রহিত করা যাইতে পারিবে।

১০ ধারা। অনুমতিপত্র প্রাপ্ত লবণপ্রস্তুতকারক পোখ্তানের কালের মধ্যে যত লবণ পোখ্তান করিয়াছেন সেই কথা লবণ পোখ্তানী বন্ধ হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে রেবিনিউ বোর্ডে জানাইবার নিমিত্ত কালেক্টর সাহেবকে জ্ঞাত করিবেন। উপযুক্ত কারণ না থাকিলেও যদি নির্দ্দিষ্ট কালের মধ্যে সেই কথা জ্ঞাত না করেন, কিম্বা যদি ইচ্ছাপূর্ব্বক অশুদ্ধ সংবাদ দেন, তবে তাঁহার ৫০০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। শেষোক্ত স্থলে যত লবণ পোখ্তানের কথা জানাইয়াছেন তাঁহার নিকটে তাহার অধিক যাহা পাওয়া যায় তাহা বিনানুমতির লবণ জ্ঞান হইয়া ক্রোক ও জব্দ হইবে, অনুমতিপত্রও রহিত হইতে পারিবে।

লবণ গোলাজাত করিবার বিধি।

১১ ধারা। ১৮৬৪ সালের বঙ্গীয় ৭ আইনের ১০ ধারার আজ্ঞাক্রমে লবণ প্রস্তুতকারকেরা যে সকল গোলা নিরূপণ করেন, রেবিনিউ বোর্ডের সাহেবেরা তাহার সাধারণ কর্তৃত্ব ও তত্ত্বাবধারণ করিবার জন্যে জিলার কালেক্টর সাহেবকে কিম্বা সেই কর্ম্মের নিমিত্তে বিশেষরূপে মনোনীত অন্য কর্ম্মকারককে নিযুক্ত করিতে পারিবেন। কালেক্টর সাহেব কমিশ্যনর সাহেবের অনুমোদনক্রমে ও তাঁহার আজ্ঞাধীনে

provided by manufacturers of salt under the requirements of section 10 of Act VII (B.C.) of 1864.

		Rs.
1 Darogah at	.. ...	40
2 Peons at Rs 5 each	...	10
Contingencies ..	... ...	1
Total	...	51

For each warehouse the Collector shall appoint, subject to the approval and control of the Commissioner, an excise establishment as marginally noted: the cost of such establishment to be paid by the manufacturer. The Darogah shall be called on to furnish security of such amount as may be required by the Board of Revenue, and all the provisions of Rule 5, with regard to the payment of the salary of the establishments therein provided for, with regard to the duties and responsibilities of the Collector, and with regard to the realization of arrears of salary, shall be applicable in the case of establishments appointed under this rule The Board of Revenue shall have full power at their discretion to modify the scale of establishment when there are two or more warehouses in the same or adjacent places No warehouse shall be approved unless on measurement it be found capable of containing at least 10,000 maunds of salt.

12 All salt manufactured under excise license which may remain unstored at the salt works fifteen days after the date fixed in the license for the closing of the manufacture shall, unless the storage thereof shall have been unavoidably prevented, be destroyed by the officers appointed under Rule 4

13. Every warehouse, when approved of by the Board of Revenue, shall be regularly licensed, and every manufacturer shall forthwith cause to be painted, or otherwise exhibited in a conspicuous part of the exterior of such warehouse, the number of the license, the year in which it was granted, and the words "*Licensed Warehouse*" in the vernacular language and character of the district Before a warehouse is built, the proposed site should be approved by the Collector of the district. Suitable huts should be provided and kept in repair by the manufacturer for the use of the warehouse establishment, failing which the Collector may build and repair such huts and levy the cost by sale of the salt or cancel the golah license as for a default in payment of wages The Commissioner of the Division may, from time to time, cause any licensed warehouse to be inspected by the Collector of the district or other officer appointed under Rule 11, and should it appear that from want of repair or from any other cause such warehouse has become an unfit receptacle for the storage of salt, may require the manufacturer to repair or otherwise render it fit for that purpose, and in the event of his failing so to do, may cancel the license of such warehouse In the absence of special orders directing an inspection, District Collectors are required to visit each warehouse at least twice in the course of a year, or to depute an Assistant or Deputy Collector for the purpose. The results of such inspections should be reported to the Board through the Commissioner. In Orissa inspections may be made once a year. The Commissioner will report to the Board only when a golah is so much out of repair as to render cancelment of license necessary.

14. When a manufacturer desires to remove any salt from his salt works for the purpose of storing it, he shall cause it to be weighed and packed for transport in the presence of the officer who may have been appointed to this duty under Rule 4. When ready for despatch, such officer shall carefully impress the salt all over, when packed in bulk, with a wooden stamp (*adul*) supplied for the purpose; but when put up into bags, the mouth of every bag shall be closed with sealing-wax, and a seal, with a clear and distinct device, affixed thereto, in not less than two places, and the aforesaid officer shall also grant a pass to protect the salt during transit

15. The pass (Form 8, appendix) shall specify the name of the manufacturer, the number of his license, the route by which the salt is to be transported, the weight of the salt, and the date of despatch. It shall also be numbered and signed by the officer granting it.

16. A separate pass shall be granted for every despatch of salt; but if it be despatched by means of coolies or bullocks, one pass shall be sufficient for every gang of coolies or drove of

মুটিয়া কি বলদ নিযুক্ত থাকে ও যত মুড়ি কি থলে কি বস্তার ব্যবহার হয় ঐ ছাড়পত্রে তাহা নির্দ্দিষ্ট থাকিবে। পঞ্চাশ জনের অনধিক যত মুটিয়া হয়, তাহারা মুটিয়াদের এক দল বলিয়া জ্ঞান হইবে। ও পঁচিশের অনধিক বলদ হইলে বলদের এক পাল বলিয়া জ্ঞান হইবে। যাহাকে দায়ী করা যায় এমন এক জন চড়নদার প্রত্যেক চালানের সঙ্গে থাকিবে। ঐ ব্যক্তি ছাড় দিবার দায়ী কার্য্যকারকের ছাড়পত্রের তিন খণ্ডেই নিম্নলিখিতমতে স্বাক্ষর করিবে, যথা

"উক্ত সমস্ত লবণ পাওয়া গেল।

তাং চড়নদার।"

১৭ ধারা। যে কার্য্যকারক পূর্ব্বোক্ত বিধিমতে ছাড়পত্র দেন তিনি জিলার কালেক্টর সাহেবের নিকটে কিম্বা ১১ ধারামতে তত্ত্বাবধানার্থে অন্য যে কার্য্যকারক নিযুক্ত হন তাঁহার নিকটে সেই প্রত্যেক ছাড়পত্রের প্রতিলিপি পাঠাইবেন।

১৮ ধারা। খালাড়িহইতে লবণ চালান হইয়া অনুমতিপত্র প্রাপ্ত কোন গোলাতে পঁহুছিলেই ঐ গোলা যে কার্য্যকারকের রক্ষণে থাকে তাঁহাকে তৎক্ষণাৎ সেই কথা জানাইতে হইবে, তিনি অবিলম্বে ঐ লবণের অবস্থা এবং ছাপের চিহ্ন স্থলবিশেষে মোহরের ভাব এবং ঐ লবণের ছাড়পত্র দেখিবেন। পরে সেই আসল ছাড়পত্রের কএকটি কথা রীতিমতে কাটিয়া এবং নিমক গোলাজাত করিবার অনুমতি দেওয়া গিয়াছে কি না এই মর্ম্মের পৃষ্ঠলিপি সহিত সেই ছাড়পত্র জিলার কালেক্টর সাহেবের নিকটে কিম্বা ১১ ধারামতে তত্ত্বাবধানার্থ অন্য যে কার্য্যকারক নিযুক্ত হন তাঁহার নিকটে পাঠাইবেন, এবং গোলা যে কার্য্যকারকের রক্ষণে থাকে তিনি রিকার্ড করিবার জন্যে ঐ ছাড়পত্রের প্রতিলিপি রাখিবেন।

১৯ ধারা। গোলা যে কার্য্যকারকের রক্ষণে থাকে তাঁহাকে যদি পোলিসে এই কথা জানায় যে লবণের চালান খালাড়ি হইতে আসিবার পর পথিমধ্যে তাহাতে হস্তক্ষেপ হইয়াছে বলিয়া সন্দেহ হয়, তবে তিনি যে সকল থলে সম্বন্ধে পোলীসের সন্দেহ হইবার রিপোর্ট পান সেগুলি, তদ্বিষয়ে যাবৎ কোন আজ্ঞা না হয়, পৃথক্ করিয়া রাখিবেন।

২০ ধারা। গোলাঘর যে কার্য্যকারকের রক্ষণে থাকে তিনি পূর্ব্বোক্ত বিধির কোন মতে লঙ্ঘন হয় নাই তদ্বোধমতে জ্ঞান হলে, লবণ প্রস্তুতকারিকে লবণ গোলাজাত করিতে দিবেন।

২১ ধারা। কিন্তু গোলা যে কার্য্যকারকের রক্ষণে থাকে তিনি তাহা দৃষ্টি করিলে ঐ লবণের চালানের উপর কোন প্রকারে হস্তক্ষেপ হইয়াছে কি ছাড়পত্রে যত লবণ লেখা হইল তাহার শতকরা একাংশের অধিক ন্যূন পড়িয়াছে যদি ইহা জানিতে পান, তবে সেই চালানের সমুদয় লবণ ক্রোক করিয়া ওজন করিতে সক্ষম হইবেন। যদি নিমকের ওজন উক্ত হিসাবের কম হয়, তবে লবণ প্রস্তুতকারক, কিম্বা তাঁহার উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত যে চাকরের রক্ষণে লবণ চালান হইল সেই চাকর সেই বিষয়ের যে কারণ কহে, ঐ গোলার অধ্যক্ষতা ভার প্রাপ্ত আমলা তাহা লিখিয়া জিলার কালেক্টর সাহেবের নিকটে কিম্বা ১১ ধারামতে তত্ত্বাবধানার্থে অন্য যে কার্য্যকারক নিযুক্ত হন তাঁহার নিকটে সেই বিষয়ের রিপোর্ট করিবেন। তিনিও সেই বিষয়ে আপনার মত লিখিয়া রেবিনিউ বোর্ডের আজ্ঞার জন্যে ঐ কাগজপত্র প্রেরণ করিবেন। তাহাতে বোর্ডের সাহেবেরা ঐ সম্পূর্ণ চালান বিনানুমতির বলিয়া জব্দ হইবার আজ্ঞা করিতে পারিবেন। আরো বোর্ডের সাহেবেরা উপযুক্ত বোধ করিলে সেই লবণ প্রস্তুতকারকের অনুমতিপত্র একেবারে রহিত করিতে পারিবেন। তদ্ভিন্ন শতকরা একাংশের অধিক যত লবণ ন্যূন প্রকাশ হয় তাহার যত মাসুল আদায় হইতে পারে ঐ লবণ প্রস্তুতকারী তত মাসুলের দায়ী হইবেন।

২২ ধারা। গোলা যে কার্য্যকারকের রক্ষণে থাকে তাঁহার অনুমতি প্রাপ্ত হইলে লবণ প্রস্তুতকারকের চাকরেরা তাঁহার খরচে উক্ত কার্য্যকারকের সাক্ষাতে লবণ গোলাজাত করিবেন। গোলার অধ্যক্ষতা কর্ম্মের ভার প্রাপ্ত কার্য্যকারক যদি ঐ লবণের ছাড়পত্র শুদ্ধ বলিয়া গ্রাহ্য করেন, তবে গোলাজাত লবণের দৈনিক হিসাবের খাতা নামে তাঁহার যে খাতা রাখিতে হয়, ছাড়পত্রে যত লবণ লেখা থাকে তাহা সেই খাতায় লিখিবেন।

২৩ ধারা। অনুমতিপত্র প্রাপ্ত প্রত্যেক গোলাঘর দুই তালাতে বন্ধ হইবে। লবণ প্রস্তুতকারক সেই তালা দিবেন, এবং ঐ ঘর যে কার্য্যকারকের রক্ষণে থাকে তাঁহার ঐ তালা দেখিয়া গ্রাহ্য করা প্রয়োজন। লবণ যে ব্যক্তির তিনি কিম্বা তাঁহার পক্ষে কোন ব্যক্তি এক তালার চাবি রাখিবেন, এবং গোলা যে কার্য্যকারকের রক্ষণে থাকে তিনি দ্বিতীয় তালার চাবি রাখিবেন।

২৪ ধারা। লবণ গোলাতে দেওয়া গেলে পর ও তাহার কোন অংশ বিক্রয় হইবার পূর্ব্বে ঐ লবণ প্রস্তুতকারক কি স্বামী কি বন্ধক গ্রহীতা (ক্রোড়পত্রের ৪ নং পাঠে) এই মর্ম্মের প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিবেন। ঐ লবণের উপর যে মাসুল কি অন্য যে খরচ বসান যায় তাহা দিব, এবং লবণ সেই গোলা হইতে বাহির হইবার সময়ে ঝরতির নিমিত্তে শতকরা আড়াই অংশ পর্য্যন্ত যত বাদ দিবার অনুমতি আছে তদ্ভিন্ন কিছু ন্যূনতা প্রকাশ হইলে খণ্ডের কমিশনর সাহেব তাহার যে অধিক মাসুল বসান এক দণ্ড স্বরূপ যে মাসুল দিবার আজ্ঞা করেন আমি আপত্তি না করিয়া তাহা দিব।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১১ ফেব্রুয়ারি।]

25. No bond shall be taken for a period exceeding three years; but on expiry of that period, with the sanction of the Board of Revenue, a renewed bond may be executed for a further term of two years Applications for the renewal of bonds about to expire shall be presented to the Board of Revenue at least two months previous to their expiry.

26 No salt shall on any account be removed from a licensed warehouse before the permission of the Commissioner of the Division has been accorded to commence sales, and any act in violation thereof shall subject the manufacturer, owner or mortgagee of the same to a penalty of Rs. 500, and the salt thus removed shall be seized and confiscated: provided that nothing in this rule shall be held to prevent Government proceeding if it see fit, under section 16 of the Act.

27. The salt of the manufacture of each year and that under each license shall, if possible, be separately stored, and every act in violation of this rule shall subject the whole of the salt within the warehouse to seizure and confiscation.

Transport and Sale of Salt.

28 In addition to the special rowannah prescribed by section 19 of Act VII (B C) of 1864, rowannahs shall be of two kinds—

1st—The wholesale rowannah required to protect all salt removed immediately from warehouses or ships.

2nd—The retail rowannah required for the protection of salt, being a portion of an original despatch covered by a wholesale or special rowannah, but separated therefrom for purposes of sale or otherwise

29. Retail rowannahs shall further be sub divided into two kinds:—

1st—The atiafee rowannah required to protect salt which it may be intended to convey beyond the limits of the police-station within which it may at the time be stored.

2nd—The charchittee required to protect salt which it may be intended to retain for sale within the limits of the police station within which it may at the time be stored.

3rd—In addition to the above two kinds of retail rowannahs, a third kind of retail rowannah to be called sub-char hittee, shall be current in the districts of the Orissa Division and Backergunge This sub-charchittee, like the retail rowannah No 2, shall protect salt which it may be intended to retain for sale within the limits of the police-station within which it may at the time be stored.

30 Wholesale rowannahs shall be granted only by the Board of Revenue, or such District Collectors as may be authorized to issue the same, on application being presented on stamped paper of the value prescribed for petitions to the Board, and on the payment of certain fees specified in the schedule hereto annexed The rowannah (Forms 5 and 6, appendix) shall specify—

1st—The quantity of salt to be transported under its protection;

2nd—The description of salt,

3rd—The place whence the salt is deliverable,

4th.—The mode of conveyance,

5th.—The destination of the salt; and

6th.—The route by which the salt shall be conveyed.

All special and wholesale rowannahs taken out for the removal of salt, either from boardship, or from bonded golahs under Government, or from private golahs in the excepted limits of Calcutta, shall have a currency of not more than six months Such rowannahs as are taken out for the protection of salt destined for places not within the limits notified under section 12 of the Act, and which have to be surrendered before passing out of the said limits at the last police-station within those limits, shall on no occasion be current for more than fifteen days if the pass station at which the rowannah has to be delivered up is Bally, or for more than one month in any other case.

The holder of a wholesale rowannah the currency of which is about to expire, may apply to the Board of Revenue, or to the District Collector by whom the rowannah was issued, on stamped paper of the value of one rupee, for a renewed rowannah, which

২৫ ধারা । তিন বৎসরের অধিক কালের প্রতিজ্ঞাপত্র লওয়া যাইবে না, কিন্তু সেই সময় গত হইলে রেবিনিউ বোর্ডের অনুমতিক্রমে আর দুই বৎসরের নূতন প্রতিজ্ঞাপত্র করা যাইতে পারিবে । প্রতিজ্ঞা-পত্রের সময় অতীতপ্রায় হইলে তৎপূর্ব্বে অন্যূন দুই মাস থাকিতে রেবিনিউ বোর্ডে তাহা নূতন করিয়া লইবার প্রার্থনা করিতে হইবে ।

২৬ ধারা । খণ্ডের কমিশ্যনর সাহেব লবণ বিক্রয় আরম্ভ করিবার অনুমতি না দিলে অনুমতিপত্র-প্রাপ্ত গোলাহইতে কোন প্রকারে লবণ স্থানান্তর করা যাইবে না । এই বিধি লঙ্ঘনক্রমে কোন কার্য্য হইলে সেই লবণ প্রস্তুতকারকের কি স্বামির কি বন্ধকগ্রহীতার পাঁচ শত টাকা দণ্ড হইবে এবং যে লবণ তদ্রূপে স্থানান্তর করা যায় তাহা ক্রোক ও জব্দ হইবে । কিন্তু যদি গবর্ণমেন্ট আইনের ১৬ ধারামতে কর্ম্ম করা উচিত বোধ করেন, তবে এই ধারার কথাতে বাধা হইবে না ।

২৭ ধারা । প্রত্যেক বৎসরের ও প্রত্যেক অনুমতিপত্রমতে প্রস্তুত লবণ স্বতন্ত্র রাখিতে হইবে । এই বিধি লঙ্ঘন করিয়া কোন কার্য্য হইলে গোলাঘরের মধ্যের সকল লবণ ক্রোক ও বিক্রয় হইবার যোগ্য হইবে ।

লবণের চালান ও বিক্রয় করিবার বিধি ।

২৮ ধারা । ১৮৬৪ সালের বঙ্গীয় ৭ আইনের ১৯ ধারাতে যে বিশেষ রওয়ানা নির্দ্দিষ্ট হইয়াছে তদ্ভিন্ন রওয়ানা দুই প্রকারের ।

(১) থোকে বিক্রয়ের রওয়ানা । গোলা কি জাহাজ হইতে যে লবণ স্থানান্তর করা যায় তাহা রক্ষা করিবার জন্যে ঐ রওয়ানার প্রয়োজন ।

(২) খুজরা বিক্রয়ের রওয়ানা । থোকে বিক্রয়ের কি বিশেষ রওয়ানার দ্বারা যে চালান রক্ষিত হয়, তাহার একাংশ যদি বিক্রয় করিবার কি অন্য কার্য্যের নিমিত্তে স্বতন্ত্র করা যায়, তবে তন্নিমিত্ত এই রওয়ানার প্রয়োজন ।

২৯ ধারা । —খুজরা বিক্রয়ের রওয়ানা দুই প্রকারের হইবে ।

প্রথম ।—আতবাকী রওয়ানা —পোলীসের যে থানার এলাকার মধ্যে লবণ গোলাজাৎ থাকে সেই থানার সীমার বহির্ভূত স্থানে চালান করিতে হইলে, সেই লবণ রক্ষার জন্যে ঐ আতবাকী রওয়ানার প্রয়োজন ।

দ্বিতীয় ।—ছাড়চিঠি — পোলীসের যে থানার এলাকার মধ্যে লবণ গোলাজাৎ থাকে সেই থানার সীমার মধ্যে বিক্রয় করিতে হইলে, সেই লবণ রক্ষার জন্যে ঐ ছাড়চিঠির প্রয়োজন ।

তৃতীয় ।—খুজরা বিক্রয়ের উক্ত দুই প্রকারের রওয়ানা ছাড়া, পেটাও ছাড়চিঠি নামে খুজরা বিক্রয়ের তৃতীয় প্রকারের রওয়ানা উড়িষ্যা খণ্ডের নানা জিলায় ও বাকরগঞ্জ জিলায় চলিত হইবে । যে পোলীস থানার এলাকার মধ্যে লবণ গোলাজাৎ থাকে সেই থানার সীমার মধ্যে ঐ লবণ বিক্রয় করিবার জন্যে রাখিতে হইলে, উহার রক্ষণার্থে ২ নম্বরের খুজরা বিক্রয়ের রওয়ানার ন্যায় এই পেটাও ছাড়চিঠির ব্যবহার হইবে ।

৩০ ধারা । থোকে বিক্রয়ের রওয়ানা কেবল রেবিনিউ বোর্ডে কিম্বা জিলার যে কালেক্টর সাহেবেরা তাহা দিবার অনুমতিপত্রপ্রাপ্ত হন তাঁহাদের নিকট পাওয়া যাইতে পারিবে । যে মূল্যের ইষ্টাম্প কাগজে বোর্ডে দরখাস্ত লিখিতে হয় সেই মূল্যের কাগজে প্রার্থনাপত্র লিখিয়া এই বিধির তফসীলে যে ফী নির্দ্দিষ্ট হইয়াছে তাহা দিলে রওয়ানা পাওয়া যাইতে পারিবে । (ক্রোড় পত্রের ৫ ও ৬ নং পাঠের) সেই রওয়ানাতে এই২ কথা নির্দ্দিষ্ট থাকিবে ।

১ । ঐ রওয়ানার বলে যত লবণ চালান হইবে ।

২ । যে প্রকারের লবণ ।

৩ । লবণ যে স্থানে পাওয়া যাইবে ।

৪ । যেরূপে চালান হইবে ।

৫ । চালান করিবার লক্ষিত স্থান ।

৬ । যে পথ দিয়া চালান হইবে ।

জাহাজ হইতে, বা গবর্ণমেণ্টের বণ্ড গোলা হইতে, বা কলিকাতার বর্জ্জিত স্থানের অন্তর্বর্ত্তী ব্যক্তি বিশেষের গোলা হইতে, লবণ স্থানান্তরিত করিবার যে বিশেষ বা থোকে বিক্রয়ের রওয়ানা লওয়া যায়, তাহা ছয় মাসের অধিক কাল চলিত থাকিবে না । আইনের ১৭ ধারামতে বিজ্ঞাপন দিয়া যেই২ সীমা নির্দ্দিষ্ট হইয়াছে, সেই২ সীমার বহির্ভূত স্থানে লবণ পাঠাইতে হইলে তাহার রক্ষণার্থে যে রওয়ানা লওয়া যায় ও যাহা ঐ সীমার বাহিরে যাইবার পূর্ব্বে উক্ত সীমান্তর্গত পোলীস থানায় দিতে হয়, তাহা বালির ছাড়চৌকীতে দিতে হইলে পনের দিনের অধিক ও স্থলান্তরে এক মাসের অধিক কাল কোনরূপে চলিত থাকিবে না ।

থোকে বিক্রয়ের রওয়ানা যাঁহাকে দেওয়া যায় ঐ রওয়ানার সময় অতীত হইতে না হইতে তিনি এক টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে রেবিনিউ বোর্ডে অথবা যে জিলার কালেক্টর সাহেব রওয়ানা দিয়াছিলেন তাঁহার নিকটে নূতন রওয়ানা প্রার্থনা করিতে পারিবেন, সেই রওয়ানা দিবার উপযুক্ত কারণ দর্শান গেলে

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৮১ । ১৫ ফেব্রুয়ারি ।]

shall be granted on sufficient cause being shown, and on the salt being identified satisfactorily. Collectors should submit weekly to the Commissioner a list of the renewed rowannahs; and should keep a register of all rowannahs they issue.

The holder of a rowannah for the transport of salt from the bonded golahs or from shipboard into the protected limits *vid* the Chitpore pass station will be at liberty to choose any of the three following routes:—

(1)—By the river Hooghly by boat.

(2)—By the Port Commissioners' tramway *vid* Armenian Ghât.

(3)—By the Port Commissioners' tramway *vid* Rathtollah Ghât.

The route chosen must be declared when the rowannah is taken out, and the Customs officer on board the ship from which the salt is delivered will make out the boat-notes according to the route chosen. If the holder of the rowannah wishes to alter the route, he can do so by applying to the Board as provided in Rule 31.

31. If any person who shall have become possessed of a wholesale rowannah shall desire to make any alteration in the terms specified therein, permissible under these rules, he may, by application to the Board of Revenue, or to the District Collector, if authorized to grant the original rowannah, on stamped paper of the value prescribed for petitions to the said Board, and on payment of the fees specified in the schedules hereto annexed, obtain an exchange rowannah (Form 7, appendix), which shall, for all the purposes of the Act and of these rules, be considered to be a wholesale rowannah.

32. Blank forms of retail rowannahs of all kinds shall be obtainable from the Collector of the district, or from the Deputy Collector in charge of the sub-division within which the salt is stored at the time of application, provided such officer shall have been empowered by the Collector to grant such rowannahs.

At places situated at a long distance from the Collectorate or the sub-divisional office, the Collector is further empowered to entrust the distribution of the forms, duly signed and sealed, to the police in charge of the division within the limits of which the salt is stored at the time for sale.

A retail rowannah shall specify—

1*st*.—The quantity and description of salt covered by it;

2*nd*.—The time for which it is current;

3*rd*.—The number and date of the rowannah from which the salt was obtained

4*th*.—The destination of the salt;

5*th*.—The route by which the salt shall be carried;

6*th*.—The mode of conveyance; and

7*th*.—The name of the consignee or purchaser.

The salt covered by the atrafee rowannah (Form 8, appendix) and charchittee (Form 9, appendix) shall in no case exceed one hundred maunds.

The salt covered by the sub-charchittee (Form 10, appendix) in the Orissa Division and Backergunge shall in no case exceed five maunds.

The currency of the atrafee rowannah and the charchittee shall in no case exceed six months.

The currency of the sub-charchittee in the Orissa Division and Backergunge shall in no case exceed one month.

33. A fee of four annas shall be levied on every retail rowannah No. 1.*

34. Wholesale rowannah-holders are hereby empowered to issue to furriahs, or retail vendors, retail rowannahs of all descriptions specified in Rule 29; and holders of retail rowannahs No. 1 are similarly empowered to issue retail rowannahs No. 2 to furriahs or retail vendors; and in the districts of the Orissa Division and Backergunge, holders of retail rowannahs No. 2 are likewise similarly empowered to issue retail rowannahs No. 3 to other furriahs or retail vendors.

Any rowannahdar selling more than five seers of salt to any person shall be bound to furnish the purchaser with such protective documents as may be required.

---

* Atrafee rowannah.

এবং বন্দোবস্তমতে লবণের অমদানী নিশ্চিত হইলে নূতন রওয়ানা দেওয়া যাইবে। কালেক্টর সাহেবেরা প্রতিসপ্তাহে কমিশ্যানর সাহেবের নিকট নূতন রওয়ানার ফর্দ্দ পাঠাইবেন; এবং তাঁহারা যে সকল রওয়ানা দেন তাহার রেজিষ্টর রাখিবেন।

বাণ্ড গোলা হইতে কিম্বা জাহাজ হইতে চিতপুরের ছাড়চৌকী দিয়া রক্ষিত সীমার মধ্যে লবণ চালান করিবার রওয়ানাধারী নিম্নলিখিত তিন পথের মধ্যে কোন পথ দিয়া স্বেচ্ছামতে লবণ লইয়া যাইতে পারিবেন।—

(১) হুগলী নদী দিয়া নৌকার করিয়া।
(২) পোর্ট কমিশ্যানরদের ট্রামওয়ে দ্বারা, আর্ম্মাণী ঘাট দিয়া।
(৩) পোর্ট কমিশ্যানরদের ট্রামওয়ে দ্বারা, রথতলা দিয়া।

যে পথ দিয়া চালান করিবার ইচ্ছা থাকে, রওয়ানা লইবার সময়ে তাহা জানাইতে হইবে; যে জাহাজ হইতে লবণ দেওয়া যায়, সেই জাহাজে কষ্টমের যে কর্ম্মচারী থাকেন তিনি উক্ত পথ অনুসারে নৌকার ছাড় প্রস্তুত করিবেন। রওয়ানাধারী ব্যক্তি সেই পথ পরিবর্ত্তন করিতে ইচ্ছা করিলে বিধির ৩১ ধারামতে বোর্ডে প্রার্থনা করিয়া করিতে পারিবেন।

৩১ ধারা। যে ব্যক্তি থোকে বিক্রয়ের রওয়ানা পাইয়াছেন তিনি যদি এই বিধির সঙ্গতভাবে ঐ রওয়ানার নির্দ্দিষ্ট নিয়মের পরিবর্ত্তন করাইতে চাহেন, তবে রেবিনিউ বোর্ডের নিকট দরখাস্ত যে মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হয় তিনি সেই মূল্যের ইষ্টাম্প কাগজে রেবিনিউ বোর্ডে কিম্বা মূল রওয়ানাপত্র দিবার ক্ষমতাপন্ন জিলার কালেক্টর সাহেব থাকিলে তাঁহার নিকটে প্রার্থনাপত্র ও এই বিধির তফসীলের নির্দ্দিষ্ট ফী দিলে, (ক্রোড়পত্রের ৭ নং পাঠে) তবদীলী অর্থাৎ পরিবর্ত্তিত রওয়ানা পাইতে পারিবেন। আইনের ও এই বিধির সকল কার্য্যার্থে তাহা থোকে বিক্রয়ের রওয়ানা বলিয়া জ্ঞান হইবে।

৩২ ধারা।—খুজরা বিক্রয়ের সকল প্রকারের রওয়ানার খাদা পাঠ জিলার কালেক্টর সাহেবের স্থানে পাওয়া যাইতে পারিবে। কিম্বা ঐ রওয়ানা পাইবার প্রার্থনা করণ সময়ে, লবণ যে মহকুমায় গোলাজাৎ থাকে কালেক্টর সাহেব সেই মহকুমার ডেপুটী কালেক্টরকে ঐ২ প্রকারের রওয়ানা দিবার ক্ষমতা প্রদান করিলে, ঐ মহকুমার ডেপুটী কালেক্টরের স্থানে পাওয়া যাইতে পারিবে।

কালেক্টরী হইতে কিম্বা মহকুমার কাছারী হইতে অতি দূর স্থান হইলে, যে পোলীস থানার সীমার মধ্যে লবণ বিক্রয় করিবার জন্যে গোলাজাৎ থাকে, কালেক্টর সাহেব সেই স্থানের পোলীসের প্রতি উপযুক্ত-মতে স্বাক্ষর ও মোহর করা ঐ পাঠ বিলি করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

খুজরা বিক্রয়ের রওয়ানার মধ্যে এই২ কথা লিখিতে হইবে।

১।—ঐ রওয়ানাতে যত ও যে প্রকারের লবণ রক্ষা হইবে।
২।—যত দিনের নিমিত্ত রওয়ানা প্রবল থাকিবে।
৩।—যে রওয়ানা বলে লবণ পাওয়া যায় তাহার নম্বর ও তারিখ।
৪।—লবণ যে স্থানে চালান হইবে।
৫।—যে পথ দিয়া লবণ চালান হইবে।
৬।—যেরূপে চালান করা যাইবে।
৭।—যাঁহার নিকট চালান যাইবে তাঁহার কি খরিদারের নাম।

ক্রোড়পত্রের ৮ নং পাঠের আতরাফী রওয়ানায় ও ক্রোড়পত্রের ৯ নং পাঠের ছাড়চিঠিতে এক শত মণের অধিক লবণ কখন রক্ষা হইবে না।

উড়িষ্যা খণ্ডে ও বাকরগঞ্জে ক্রোড়পত্রের ১০ নং পাঠের পেটাও ছাড়চিঠিতে ৫ মণের অধিক লবণ কখন রক্ষা হইবে না।

আতরাফী রওয়ানার ও ছাড় চিঠির ছয় মাসের অধিক মিয়াদ হইবে না।

উড়িষ্যা খণ্ডে ও বাকরগঞ্জে পেটাও ছাড়চিঠির এক মাসের অধিক মিয়াদ হইবে না।

৩৩ ধারা। ১ নম্বরের প্রত্যেক খুজরা বিক্রয়ের রওয়ানার * উপর চারি আনা ফী লাগিবে।

৩৪ ধারা।—যাঁহারা থোকে বিক্রয়ের রওয়ানা পান তাঁহাদের প্রতি এতৎক্রমে এই ক্ষমতা দেওয়া গেল যে তাঁহারা ফড়িয়াদিগকে বা খুজরা বিক্রেতাদিগকে এই বিধির ২৯ ধারার নির্দ্দিষ্ট খুজরা বিক্রয়ের সকল প্রকারের রওয়ানা দিতে পারেন। খুজরা বিক্রয়ের ১ নম্বরের রওয়ানা যাঁহারা পান তাঁহারাও ফড়িয়াদিগকে বা খুজরা বিক্রেতাদিগকে খুজরা বিক্রয়ের ২ নং রওয়ানা দিতে পারিবেন; এবং উড়িষ্যা খণ্ডের নানা জিলায় ও বাকরগঞ্জে যাঁহারা খুজরা বিক্রয়ের ২ নং রওয়ানা পান তাঁহারাও অন্য-ফড়িয়াদিগকে বা খুজরা বিক্রেতাদিগকে খুজরা বিক্রয়ের ৩ নং রওয়ানা দিতে পারিবেন।

কোন রওয়ানাদার কোন ব্যক্তির নিকট পাঁচ সেরের অধিক লবণ বিক্রয় করিলে, খরিদারের যে প্রকারের রওয়ানার প্রয়োজন হয় ঐ খরিদারকে তাঁহার তাহাই দিতে হইবে।

---

*আতরাফী রওয়ানা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১৫ ফেব্রুয়ারি।]

35. Special rowannahs granted under section 19 of Act VII (B.C.) of 1864 shall, as nearly as possible, resemble wholesale rowannahs, and the rules regarding wholesale rowannahs shall also apply to them. Salt conveyed into the limits notified under section 12 of the Act from ships or warehouses in Calcutta and Howrah will require to be protected by a special rowannah (Form 6, *vide* clause 30)

In addition to those mentioned in Rule 30, the following particulars shall be entered in all special rowannahs (Form 11, appendix) for the removal of salt from private golahs in Calcutta:—

1st.—The names of the manjees in whose boats the salt has been loaded;

2nd.—The license numbers of such boats; and

3rd.—The date or dates on which salt was loaded into the boats.

36(*a*) Every application for a "certificate" (Form 12, appendix) for landing salt from shipboard, or for removing it from the bonded golahs into the excepted limits of Calcutta and Howrah, must in future be made to the Collector of Customs instead of to the Board of Revenue, and any person attempting to land salt within such limits without having taken out such certificate will be liable to the penalties provided under the Sea Customs Act, VIII of 1878.

(*b*) In granting a rowannah for salt which is to be conveyed out of the excepted limits of Calcutta into protected limits, the Board will require the applicant for the rowannah to give the full particulars of the certificate under which it was landed in Calcutta.

(*c*) If the holder of a rowannah issued by the Board of Revenue for salt to be taken from shipboard out of the excepted limits desires to land the whole or any portion of such salt within the excepted limits, he must apply for the Board's orders to cancel the original rowannah. On his application being granted, he will, on payment of the usual fees, be furnished with a letter of advice to the Collector of Customs for the issue of a "certificate" in respect of the whole or such portion of the salt as he desires to land within the excepted limits of Calcutta, and, if necessary, with an "exchange rowannah" in respect of the balance to be taken beyond the excepted limits.

37. Within twenty-four hours after the completion of deliveries of salt from boardship upon rowannahs, the holders thereof must present them at the Board's office for the purpose of having the endorsements made on them by the preventive officers examined. Challans will then be granted with regard to such rowannahs as would require them according to section 39 of the rules. This rule will not prevent salt merchants removing their salt-laden boats from the ship's side to safe and convenient places in the river under the boat-notes previously granted by the preventive officers. Any person failing to comply with the provisions of this rule shall be liable to a fine not exceeding Rs. 100.

38. Every wholesale and every retail rowannah shall always be kept with the salt to which it refers, and on demand by any police officer above the rank of constable shall be forthwith produced for examination. When, however, under the provisions of the rule next following, a despatch of salt covered by a wholesale or retail rowannah is laden on more than one boat or cart or drove of bullocks, or gang of coolies, it will be sufficient if the wholesale or retail rowannah covering the entire despatch of salt be produced within twenty-four hours. If the rowannah be not forthcoming, the salt shall be seized and proceedings taken under section 16 of the Act. If the rowannah be produced after the seizure of the salt, the matter shall be reported for the orders of the Board.

39. If it be necessary in any way to divide any lot of salt covered by a wholesale or retail rowannah, the owner of the salt, or any person acting in his behalf, shall apply for, and shall be furnished with, challans (Form 13, appendix), the numbers and particulars of which, showing the quantity of salt protected by each challan separately, shall be endorsed on the rowannah. Such challans shall be given up when the salt of the despatch has to pass out of the limits notified under section 12 of the

৩৫ ধারা। ১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৭ আইনের ১৯ ধারামতে যে বিশেষ রওয়ানা দেওয়া যায় তাহা যত দূর হইতে পারে থোকে বিক্রয়ের রওয়ানার ন্যায় হইবে, এবং থোকে বিক্রয়ের রওয়ানার বিধি ঐ বিশেষ রওয়ানার প্রতি বর্ত্তিবে। যে লবণ কলিকাতার ও হাবড়ার কোন জাহাজ কি গোলা-হইতে আইনের ১২ ধারার নির্দ্দিষ্ট সীমার মধ্যে আনীত হয়, বিশেষ রওয়ানাক্রমে তাহার রক্ষা করা প্রয়োজন। (৬ নং পাঠ, ৩০ধারা দেখ।)

কলিকাতাস্থ ব্যক্তি বিশেষের গোলা হইতে লবণ লইয়া যাইবার নিমিত্ত (ক্রোড়পত্রের ১১নং পাঠে) যে বিশেষ রওয়ানা দেওয়া যায়, তাহাতে ৩০ ধারার উল্লিখিত বিবরণের অতিরিক্ত নিম্নলিখিত বিশেষ২ কথা লিখিতে হইবে।

(১) যে মাঝিদের নৌকায় লবণ বোঝাই দেওয়া যায়, তাহাদের নাম;

(২) ঐসকল নৌকার লাইসেন্সের নম্বর; এবং

(৩) যে বা যে২ তারিখে ঐ সকল নৌকায় লবণ বোঝাই দেওয়া যায়।

৩৬ ধারা। (ক) জাহাজ হইতে লবণ নামাইবার কিম্বা বাণ্ড গোলা হইতে কলিকাতার বর্জ্জিত সীমার মধ্যে চালান করিবার নিমিত্ত (ক্রোড়পত্রের ১২ নম্বর পাঠে) সর্টিফিকেট পাইবার প্রত্যেক প্রার্থনাপত্র ইহার পর বোর্ডে আর না দিয়া কষ্টমের কালেক্টর সাহেবের নিকটে দিতে হইবে; এবং কোন ব্যক্তি উক্ত সর্টিফিকেট না লইয়া উক্ত সীমার মধ্যে লবণ নামাইয়া লইবার উদ্যোগ করিলে সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের ৮ আইনের বিধানানুসারে তাহার দণ্ড হইতে পারিবে।

১৮৮১ সাল ১৪ মার্চ।—সেনানীবেশ বিষয়ক ১৮৮০ সালের ৩ আইনের ২১ ধারামতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক নিম্নলিখিত প্রত্যেক সেনানীবেশের পার্শ্বে নির্দ্দিষ্ট টাক্স ধার্য্য করিলেন।

১। কটক ... { যোতের দখলীকার ব্যক্তিদের অবস্থা ও সম্পত্ত্যানুসারে ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৭৭ (ক) ধারামতে তাঁহাদের উপর টাক্স।
৭৮ (ক) ধারামতে গাড়ীর ও জন্তুর উপর টাক্স।
৭৮ (গ) ধারামতে খেয়াঘাটের মাসুল।

২। দানাপুর ... { ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩০৭ ধারামতে টাক্স অর্থাৎ টাক্স দিবার যোগ্য ব্যক্তিদের অবস্থা ও রক্ষণীয় সম্পত্ত্যানুসারে টাক্স।

৩। সেগৌলী ... ঐ ঐ ঐ
৪। দোরন্দা ... ঐ ঐ ঐ

৫। হাজারীবাগ ... { যোতের দখলীকার ব্যক্তিদের অবস্থা ও সম্পত্ত্যানুসারে ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৭৭ (ক) ধারামতে তাঁহাদের উপর টাক্স।

৬। বারাকপুর ... { ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৭৭ (খ) ধারানুসারে যোতের বার্ষিক মূল্যের উপর রেট।
৭৮ (ক) ধারামতে গাড়ীর ও জন্তুর উপর টাক্স।

৭। দমদমা ... { ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৭৭ (খ) ধারা মতে যোতের বার্ষিক মূল্যের উপর রেট।
৭৮ (ক) ধারামতে গাড়ী ও জন্তুর উপর টাক্স।

৮। বালীগঞ্জ ... { ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৭৭ (খ) ধারামতে যোতের বার্ষিক মূল্যের উপর রেট।
৭৮ (ক) ধারামতে গাড়ীর ও জন্তুর উপর টাক্স।
৭৮ (গ) ধারামতে খেয়া ঘাটের মাসুল।
১৮৭৮ সালের বঙ্গীয় ৬ আইনমতে যৌন সর্ব্বিস ফী।

২। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৮০ সালের উক্ত ৩ আইনের ২২ ধারামতে এই আজ্ঞা করিলেন যে, উপরের নির্দ্দিষ্ট টাক্স ধার্য্য ও আদায় করণের যে বিধি নিম্নলিখিত সকল মুনিসিপালিটীতে বলবৎ আছে ক্রমানুরে উক্ত মুনিসিপালিটীর সঙ্গে যে সেনানীবেশ সংযোগ করিতে হইবে তৎপ্রতি বর্ত্তিবে।

মুনিসিপালিটী	মুনিসিপালিটীর সঙ্গে যে সেনানীবেশ সংযোগ করা যাইবে তাহা।
১। কটক	... কটক।
২। হাজারীবাগ।	... হাজারীবাগ।
৩। কলিকাতার দক্ষিণ শহরতলী	... বালীগঞ্জ।
৪। দক্ষিণ বারাকপুর	... বারাকপুর।
৫। উত্তর দমদমা	... দমদমা।
৬। দানাপুর নিজামৎ গ্রামসমাহার	... দানাপুর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

3. The Lieutenant-Governor further directs that the provisions of Chapter III, Act V (B.C.) of 1876, for the assessment and recovery of the tax leviable under paragraph 1 of this notification, in the Segowli and Dorundah Cantonments, shall be applicable to those cantonments.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 17th March 1881.—Under Bye-law No. 2 of the Bye-laws framed under Act IV (B.C.) of 1871, for the town of Gya, the following gentlemen are appointed to form a Committee to assist the Magistrate and Health Officer of that town in carrying out the provisions of the Act within the said town :—

Official Members.

1. M. Finucane, Esq., Officiating Joint-Magistrate and Deputy Collector.
2. Baboo Ramanugrah Narayan Singh, Deputy Magistrate and Deputy Collector.
3. „ Nowrungee Lall, Sub-Deputy Collector.

Non-official Members.

4. Baboo Bhub Sen Singh, Government Pleader.
5. „ Ram Nath Singh, Zemindar.
6. „ Behari Lall Bank Gyawul.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 22nd March 1881.—It is hereby notified under Section 4 of the Indian Forest Act VII of 1878, that it is proposed to constitute as a Reserved Forest, under the provisions of the said Act, the block of land described below.

The Lieutenant-Governor is pleased to appoint the Assistant Commissioner of Palamow to be the Forest Settlement Officer, for the purposes of enquiring into and determining the existence, nature and extent of any rights alleged to exist in favour of any person or persons in or over any land comprised within the undermentioned boundaries or in or over any forest produce, and to deal with the same as provided in Chapter II of the said Act:—

District.	Pergunnah or other Sub-division.	Name of forest	Boundaries.
Lohardugga ...	Palamow Sub-division, Tuppehs Bari and Khomi.	Toongaree Forest	*North.*—The southern boundary of the present Saidope Forest Reserve from the Jewa nuddee to the small stream which joins the Oharo nuddee near the village of Toongaree. *West.*—A demarcated line running first east north of Toongaree, then in a general south-western direction to the junction of the Goanjh and Burmahee nuddees. *South.*—The northern boundary of the Ramundag Forest Reserve from the junction of the Goanjh and Burmahee nuddees to within a short distance west of the village of Ladhee. *East.*—A demarcated line running in a general northerly direction, west of the villages of Ladhee and Labhur to the Labhur nuddee, then a demarcated line running south-east to the Jewa nuddee, then the Jewa nuddee.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 29th March* 1881.]

৩। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব আরো আজ্ঞা করিলেন যে, সেগোলী ও দোরন্দা সেনানীবেশে এই বিজ্ঞাপনের ১ দফামতে আদায় টাক্স ধার্য্য ও আদায় করণ বিষয়ে ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩ অধ্যায়ের বিধান ঐ ২ সেনানীবেশে বর্ত্তিবে।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৭ মার্চ।—নিম্নলিখিত মহাশয়েরা গয়া নগরের সীমার মধ্যে ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের বিধান সকল করণার্থ উক্ত নগরের নিমিত্ত উক্ত আইনমতে প্রণীত উপবিধির ২ ধারানুসারে উক্ত নগরের মাজিষ্ট্রেট সাহেবের ও স্বাস্থ্যরক্ষকের সাহায্য করণার্থে কমিটীরূপে নিযুক্ত হইলেন।

রাজকীয় পদধারি মেম্বর।

১। একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, ফিস্যুকেন সাহেব।
২। ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামানুগ্রহ নারায়ণ সিংহ।
৩। সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নবরঙ্গীলাল।

রাজকীয় পদধারি নহেন এমত মেম্বর।

৪। গবর্ণমেণ্টের উকীল শ্রীযুত বাবু ভুবনেন সিংহ।
৫। জমীদার শ্রীযুত বাবু রামনাথ সিংহ।
৬। গয়াল শ্রীযুত বাবু বিহারীলাল বারিক।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ২২ মার্চ।—ভারতবর্ষীয় বনবিষয়ক ১৮৭৮ সালের ৭ আইনের ৪ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, নিম্নলিখিত ভুমি খণ্ড উক্ত আইনের বিধানমতে রক্ষিত বন হইবার প্রস্তাব করা গেল।

শ্রীযুত লেপ্টেনেন্ট গর্ণবর সাহেব নিম্নলিখিত সীমার অন্তর্গত কোন ভূমিতে বা তদুপরি কিম্বা বনোৎপন্ন কোন দ্রব্যে বা তদুপরি কোন ব্যক্তির স্বত্ব আছে কথিত হইলে সেই স্বত্ব থাকার ও তাহার ভাব ও সেই স্বত্ব যত দুর আছে ইহার অনুসন্ধান লইয়া নিষ্পত্তি করিতে ও তাহা লইয়া উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়ের বিধানমতে কার্য্য করিতে পালামৌয়ের আসিষ্টাণ্ট কমিশ্যনরকে বনের বন্দোবস্তের কর্ত্তৃপক্ষের পদে নিযুক্ত করিলেন।

জিলা।	পরগনা বা অন্য উপবিভাগ।	বনের নাম।	সীমা।
লোহারডাগা।	পালামৌ মহকুমার বারি ও খোমি তপ্পে।	ভুঙ্গারি বন।	উত্তর সীমা।—জেওয়া নদী অবধি ভুঙ্গারি গ্রামের নিকট চারো নদীর সহিত সংযোগকারি ক্ষুদ্র জলস্রোত পর্য্যন্ত বর্ত্তমান টৈসেদোপ রক্ষিত বনের দক্ষিণ সীমা।

পশ্চিম সীমা।—প্রথম ভুঙ্গারির পুর্ব্ব উত্তর গামি ও পরে গোয়ালঞ্চ ও বরমাহী নদীর সংযোগ স্থান পর্য্যন্ত সাধারণভাবে দক্ষিণ-পশ্চিম মুখগামি চিহ্নিত রেখা।

দক্ষিণ সীমা।—গোয়াঞ্চ ও বরমাহী নদীর সংযোগ স্থান হইতে লাধিগ্রামের পশ্চিম অল্প দুর পর্য্যন্ত রমণদাগ রক্ষিত বনের উত্তর সীমা।

পুর্ব্ব সীমা।—লাধি ও লাভর গ্রামের পশ্চিম লাভর নদী পর্য্যন্ত সাধারণ ভাবে উত্তরমুখ গামি চিহ্নিত রেখা, পরে জেওয়া নদী পর্য্যন্ত দক্ষিণ-পুর্ব্ব মুখ গামি চিহ্নিত রেখা, পরে জেওয়ানদী।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

NOTIFICATION.

The 22nd March 1881.—In continuation of the notification dated the 19th January 1880, and in part modification thereof, it is notified for general information (1) that a new thana has been formed in the district of Moorshedabad, with head quarters at Kandi, and jurisdiction over the outpost of Burwan and the villages mentioned in the list A below, transferred from thana Bhurtpur; (2) that the outpost of Burwan (the boundaries of which were described in the above notification), recently transferred from the district of Beerbhoom to that of Moorshedabad and attached to thana Bhurtpur, has been converted into a dependent outpost attached to thana Kandi; and (3) that the following are now the boundaries of thana Kandi and the revised boundaries of thanas Bhurtpur and Khurgaon.

District.	Thana.	Boundaries.
Moorshedabad.	Kandi	*On the North*—The boundaries of the villages Jikarhati, Kalikapur, Situlgram, Kounya, Biswanathpur-kismut, Lukhinarainpur, Mouyokandra, Kalikapur-oorf-Kapasdanga, Furreedpur, Boodooa, Jushohuri, and Bamandasbati; thence crossing the More river at the village of Kandi Gopinathpur, the right bank of that river northwards to its junction with the Dwarka Nuddee; thence the Dwarka Nuddee eastwards to its junction with the Banki Nuddee at the village of Heejoi.
		On the East—The Dwarka Nuddee southwards to the south-eastern corner of village Heejol.
		On the South—The boundaries of the following villages, viz. Heejol, Ranipur, Bhowanundpur, again Heejol, Andoolia, Sospara, Bagdanga, Busradeegur, Boalia, Doohalia, Murwa Arazee, Ghosemati-Buhorah, Koyamba, Narainbatee, Moolah, Singuia, Muhadih-oorf-Munoli, Panchthopi, Panca-oorf-Poonea, Mahlundi Deegur, and Buddinathpur; thence the district boundary as described in the notification of 19th January 1880 from the village of Tarapur to that of Mujhspur.
		On the West—The district boundary as described by the notification of 19th January 1880 from the village of Mujhspur to that of Jikarhati.
,,	Bhurtpur.	*On the North*—The Kandi thana.
		On the East—The Dwarka or Bablah Nuddee, from the village of Amlaie on the north to that of Burrakhori-Rumna on the south.
		On the South—The boundary as defined by the notification of 19th January 1880.
		On the West—The boundary remains unaltered from the village of Asundee-o-Sonarundee to that of Ramchunderpore-oorf-Gorah; thence the thana of Kandi.
Moorshedabad.	Khurgaon.	*On the North*—The boundary as defined by the notification of 19th January 1880.
		On the North-East and East—The thanahs of Kulleauganj and Gokurn.
		On the South—The thana of Kandi.
		On the West—The boundary as defined by the notification of 19th January 1880.

NOTE.—In the above description the villages named as situated on the boundaries of thanas are included within the limits of the thanas to which reference is made.

[*Government Gazette, 29th March* 1881.]

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ২২ মার্চ।—১৮৮০ সালের ১৯ জানুয়ারির বিজ্ঞাপনের অতিরিক্ত ও তাহার কিয়দংশ পরিবর্ত্তন করিয়া সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, (১) মুরশিদাবাদ জিলায় এক নূতন থানা স্থাপন করা গিয়াছে, তাহার সদরস্থান কান্দিতে হইবে, এবং বরওয়ান ফাঁড়ির উপর ও ভরতপুর থানাহইতে A চিহ্নিত নির্দ্দেশপত্রের লিখিত সকল গ্রামের উপর তাহার এলাকা থাকিবে; (২) বীরভূম জিলাহইতে সম্প্রতি মুরশিদাবাদ জিলাভুক্ত হইয়া ভরতপুর থানা সংযুক্ত বরওয়ান ফাঁড়ি (উপরোক্ত বিজ্ঞাপনে ইহার সীমা নির্দ্দিষ্ট হইয়াছে) কান্দি থানার সামিল করিয়া অধীন ফাঁড়ি করা গেল; (৩) এইক্ষণে কান্দি থানার নিম্নলিখিত সীমা হইবে, এবং ভরতপুর ও খরগাঁ থানার নিম্নলিখিত সংশোধিত সীমা হইবে।

জিলা।	থানা।	সীমা।
মুরশিদাবাদ	কান্দি	উত্তর সীমা।—জিকারহাটি ও কালিকাপুর ও শীতলগ্রাম ও কন্যা ও বিশ্বনাথপুর-কিসমৎ ও লক্ষ্মীনারায়ণপুর ও মনেকাজ্রা ও কালীকাপুর-উর্ফ কাপাসডাঙ্গা ও করীদপুর ও বুডুয়া ও যশোহরি ও বামনদাসবাটী গ্রামের সীমা, তথাহইতে কান্দি গোপীনাথপুর গ্রামে মোরনদী পার হইয়া দ্বারকা নদীর সহিত তাহার সংযোগস্থান পর্য্যন্ত উত্তর মুখে ঐ মোরনদীর ডাইন তট, তথাহইতে হিজোলগ্রামে বাঁকী নদীর সহিত দ্বারকা নদীর সংযোগ স্থান পর্য্যন্ত পূর্ব্বমুখে দ্বারকা নদী। পূর্ব্ব সীমা।—হিজোলগ্রামের দক্ষিণ-পূর্ব্ব কোণ পর্য্যন্ত দক্ষিণমুখে দ্বারকা নদী। দক্ষিণ সীমা।—হিজোল ও রাণীপুর ও ভবানন্দপুর ও আবার হিজোল ও আঁদুলিয়া ও মোষপাড়া ও নাগডাঙ্গা ও বস্ত্রাদিগর ও বোয়ালিয়া ও চুহালিয়া ও মরওয়া আরাজি, ও ঘোষমাটি-বহোরা ও কযাম্বা ও নারায়ণবাটী ও মুলা ও সিঙ্গুরা ও মালিয়াদিহ-উর্ফ-মনলি ও পাঁচথুপি ও পানিয়া-উর্ফ-পুনিয়া ও মহলন্দী দিগর ও বৈদ্যনাথপুর গ্রামের সীমা, তথাহইতে তারাপুর গ্রাম অবধি মজলিশপুর গ্রাম পর্য্যন্ত ১৮৮০ সালের ১৯ জানুয়ারির বিজ্ঞাপনের লিখিত জিলার সীমা। পশ্চিম সীমা।—মজলিশপুর গ্রাম অবধি জিকারহাটি গ্রাম পর্য্যন্ত ১৮৮০ সালের ১৯ জানুয়ারির বিজ্ঞাপনের লিখিত জিলার সীমা।
ঐ	ভরতপুর	উত্তর সীমা।—কান্দি থানা। পূর্ব্ব সীমা।—উত্তর দিকে আমলাই গ্রাম অবধি দক্ষিণদিকে বড়-খোরি-রমণা গ্রাম পর্য্যন্ত দ্বারকা বা বাবলা নদী। দক্ষিণ সীমা।—১৮৮০ সালের ১৯ জানুয়ারির বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট সীমা। পশ্চিম সীমা।—আশন্দী-ও-সোনাকাঁদি গ্রাম অবধি রামচন্দ্রপুর উর্ফ-গোরা গ্রাম পর্য্যন্ত সীমা যেমন আছে তেমনিই থাকিল, তথাহইতে কান্দি থানা।
ঐ	খরগাঁ	উত্তর সীমা।—১৮৮০ সালের ১৯ জানুয়ারির বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট সীমা। উত্তর-পূর্ব্ব ও পূর্ব্ব সীমা।—কল্যাণগঞ্জ ও গোকর্ণ থানা। দক্ষিণ সীমা।—কান্দি থানা। পশ্চিম সীমা।—১৮৮০ সালের ১৯ জানুয়ারির বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট সীমা।

মন্তব্য।—উপরোক্ত বিবরণপত্রে যে২ থানার সীমায় আছে বলিয়া যে সকল গ্রামের নাম লেখা গিয়াছে সেই২ থানার এলাকার মধ্যে সেই সকল গ্রাম ধরা গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

A.

List of Villages transferred from thana Bhurtpur to thana Kandi.

Number.	Names of villages.	Number on village.	Names of pergunnahs.
1	Bowanundpur	121	Fatehsing.
	Ranipur	148	Ditto.
	Joyrampur	120	Ditto.
	Heejol (part of)	119	Ditto.
5	Srikuntpur	118	Ditto.
	Hurrinuggur	117	Ditto.
	Poorundurpur	113	Kentoonagar.
	Pabuttipur (part of)	30	Fatehsing.
	Boondye	31	Ditto.
10	Bhowanipur (part of)	33	Gopinathpur.
	Chundr Pershadpur	32	Ditto.
	Rungram (part of)	35	Ditto.
	Khooshbashpur (part of)	107	Fatehsing.
	Gopalnuggur	112	Ditto.
15	Ditto Baze	111	Kentoonagar.
	Kalishunkurpur	110	Fatehsing.
	Indata	109	Ditto.
	Rajdas-oorf-Benipur	108	Mahlundi.
	Gobindpur	116	Fatehsing.
20	Khursah Chandnair	101	Ditto.
	Doorgapur	100	Ditto.
	Lokhikantpur	99	Ditto.
	Andooleea	92	Ditto.
	Jeetpur	114	Ditto.
25	Suntoshpur	115	Ditto.
	Goojastee Lokikantpur	102	Ditto.
	Gopalpur	103	Kentoonagar.
	Rajarampur	104	Ditto.
	Roybhanbati Monohurpur	105	Ditto.
30	Thuruf Gungadhurpur	111	Gopinathpur.
	Narainbati	112	Kentoonagar.
	Batipara	110	Gopinathpur.
	Deejanundbati	109	Bagha.
	Raibati	108	Gopinathpur.
35	Bontolee (Ar.) oorf-Bagabari	107	Radhabullubpur.
	Monohurpur	106	Gopinathpur.
	Kandi Gopinathpur	80	Ditto.
	Boontoli	78	Radhabullubpur.
	Rajbira-oorf-Rajarbeyar	79	Shahjehanpur.
40	Roopur	82	Fatehsing.
	Seebrambati	83	Ditto.
	Doohalia	70	Ditto.
	Murwa	69	Ditto.
	Bazah Doohalia	71	Ditto.
45	Murwa Arazee	67	Ditto.
	Boalia	84	Ditto.
	Bagdanga	89	Ditto.
	Sospoor	93	Sherpur.
	Amooa Arazee	94	Fatehsing.
50	Amooa	95	Ditto.
	Mahdia	98	Ditto.
	Rugoonathpur	97	Ditto.
	Nilkuntpur	96	Ditto.
	Seebrambatee Arazee	88	Ditto.
55	Busradeegur	127	Ditto.

NOTE.—The above list shows the names of the villages as demarcated and surveyed by the Revenue Survey Department, and as entered on their maps and records.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

[Government Gazette, 29th March 1881.]

A

ভরতপুর থানাহইতে কান্দি থানাভুক্ত গ্রামের নির্ঘণ্ট পত্র।

নম্বর।	গ্রামের নাম।	গ্রামের নম্বর।	পরগনার নাম।
১	ভবানন্দপুর	১২১	ফতেসিংহ।
	রাণীপুর	১৪৮	ঐ
	জয়নাথপুর	১২০	ঐ
	হিজোল (কিয়দংশ)	১১৯	ঐ
৫	শ্রীকণ্ঠপুর	১১৮	ঐ
	হরিনগর	১১৭	ঐ
	পুরন্দরপুর	১১৩	কেঁদুনগর।
	পার্ব্বতীপুর (কিয়দংশ)	৩০	ফতেসিংহ।
	বুন্দাই	৩১	ঐ
১০	ভবানীপুর (কিয়দংশ)	৩০	গোপীনাথপুর।
	চন্দ্রপ্রসাদ পুর	৩২	ঐ
	রণগ্রাম (কিয়দংশ)	৩৫	ঐ
	কুশবাসপুর (কিয়দংশ)	১০৭	ফতেসিংহ।
	গোপালনগর	১১২	ঐ
১৫	ঐ বাজে	১১১	কেঁদুনগর।
	কালীশঙ্কর পুর	১১০	ফতেসিংহ।
	ইন্দাতা	১০৯	ঐ
	রাজদাস-উর্ফ-বেণীপুর	১০৮	মহলন্দী।
	গোবিন্দ পুর	১১৬	ফতেসিংহ।
২০	খরসা চাঁদনের	১০১	ঐ
	দুর্গাপুর	১০০	ঐ
	লক্ষ্মীকান্তপুর	৯৯	ঐ
	আন্দুলীয়া	৯২	ঐ
	জীতপুর	১১৪	ঐ
২৫	সন্তোষ পুর	১১৫	ঐ
	গুজোতি লক্ষ্মীকান্তপুর	১০২	ঐ
	গোপালপুর	১০৩	কেঁদুনগর।
	রাজারাম পুর	১০৪	ঐ
	রায়ভান বাটী মনোহরপুর	১০৫	ঐ
৩০	ভরক গঙ্গাধরপুর	১১১	গোপীনাথপুর।
	মা-রণবাটী	১১২	কেঁদু নগর।
	বাটীপাড়া	১১০	গোপীনাথপুর।
	দ্বিজানন্দবাটী	১০৯	বাঘা।
	সায়বাটী	১০৮	গোপীনাথপুর।
৩৫	বজুলি (আর) উর্ফ বাগাবাড়ি	১০৭	রাধাবল্লভপুর।
	মনোহরপুর	১০৬	গোপীনাথপুর।
	কান্দি গোপীনাথপুর	৮০	ঐ
	বুনতলি	৭৮	রাধাবল্লভপুর।
	বাজবিরা-উর্ফ-রাজবেরার	৭৯	শাজেহানপুর।
৪০	রূপুর	৮২	ফতেসিংহ।
	শিবরামবাটী	৮৩	ঐ
	চুহা লখা	৭০	ঐ
	মনওহা	৬৯	ঐ
	বাজাচুহালিয়া	৭১	ঐ
৪৫	মাদ্রওবার অরাজি	৬৭	ঐ
	বোয়ালিয়া	৮৪	ঐ
	বাগডাঙ্গা	৮৯	ঐ
	সোমপুর	৯৩	শেরপুর।
	অমুয়া আরাজি	৯৪	ঐ
৫০	আমুরা	৯১	ফতেসিংহ।
	মহদিয়া	৯৮	ঐ
	রঘুনাথপুর	৯৭	ঐ
	নীলকণ্ঠপুর	৯৬	ঐ
	শিরামবাটী আরাজি	৮৮	ঐ
৫৫	বজ্রাদিগর	১২৭	ঐ

মন্তব্য।—রাজস্বের জরীপী কার্য্যবিভাগের কার্য্যকারকেরা চিহ্ন দিয়া ও জরীপ করিয়া মানচিত্রে ও রিকার্ডের যেং গ্রামের যেং নাম লিখিয়াছেন উপরোক্ত নির্ঘণ্টপত্রে সেইং গ্রামের সেইং নাম লেখা গেল।

এ, মাকে গু,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

DECLARATION.

The 21st March 1881.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for the offices of the Collector and Magistrate of Cuttack in the town of Cuttack, it is hereby declared that for the above purpose two plots of land, measuring in the aggregate, more or less, 3 acres 1 rood and 2 poles of standard measurement as shown below, are required within the aforesaid town of Cuttack:—

Plot No. 1, measuring 3 acres 1 rood, bounded on the north by the compound wall of the Ravenshaw College; on the south by the river Katjuri; on the east by the wall of the Collectorate compound; and on the west by Government land.

Plot No. 2, measuring 2 poles, bounded on the north by Government land; on the south by the Land Acquisition Office; and on the east and west by Government land.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 21st March 1881.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for the office of the Commissioner of the Orissa Division, in the town of Cuttack, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 12 acres 1 rood and 37 poles of standard measurement, bounded on the north by the City Protective Embankment; on the south by the public road; on the east by Sahaniazpore Mullah Sahi Basti; and on the west by the Government Telegraph Office, is required within the aforesaid town of Cuttack.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

A. MACKENZIE,
Secy to the Govt. of Bengal.

DECLARATION.

The 15th March 1881.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Krishnaghur Municipality, for a public purpose, viz. for a road in the Town of Krishnaghur, pergunnah Ukhra, zillah Nuddea, it is hereby declared that for the above purpose a piece of land, measuring, more or less, 3 cottahs 12 chittacks, is required within the said Town of Krishnaghur. The land is bounded on the north by chur land, on the east by the Kadamtola Ghât road, on the south by Deno Baboo's jamai land, and on the west by the Nikaripara Ghât road.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

[Third Publication.]

NOTIFICATION.

The 12th February 1881.—In the exercise of the powers conferred on him by Section 38, Act IV (B.C.) of 1871, as amended by Act II (B.C.) of 1879, the Lieutenant-Governor approves and confirms the following Bye-laws, which have been framed by the Deputy Commissioner of the Sonthal Pergunnahs, with the assent of the Health Officer of the town of Deoghur, for the management of all matters necessary for the due enforcement of the Act within the said town of Deoghur.

[*Government Gazette, 29th March* 1881.]

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ২১ মার্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কটক নগরে কটকের কালেক্টর ও মাজিষ্ট্রেটের আফিসের জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত কটক নগরে নিম্নপ্রদর্শিতমতে কথিমত ন্যূনাধিক মোট ৩ একর ১ রুড় ২ পোল পরিমিত দুই খণ্ড ভূমির প্রয়োজন।

১নং খণ্ড, ৩একর ১রুড পরিমিত, ইহার উত্তর সীমা রেবেনশা কালেজের হাতার প্রাচীর, দক্ষিণ সীমা কাটজুড়িনদী, পূর্ব্বসীমা কালেক্টরীর হাতার প্রাচীর, ও পশ্চিম সীমা গবর্ণমেণ্টের ভূমি।

২নং খণ্ড, ২ পোল পরিমিত, ইহার উত্তর সীমা গবর্ণমেণ্টের ভূমি, দক্ষিণ সীমা ভূমি গ্রহণের আফিস, এবং পূর্ব্ব ও পশ্চিম সীমা গবর্ণমেণ্টের ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ২১ মার্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কটক নগরে উড়িষ্যা খণ্ডের কমিশ্যনরের আফিসের জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত কটক নগরে কথিমতে ন্যূনাধিক ১২ একর, ১ রুড, ৩৭ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা নগর রক্ষার্থ বাঁধ দক্ষিণ সীমা সরকারী পথ পূর্ব্ব সীমা মহ-নিয়াজপুর মল্লাসাহি বস্তি, ও পশ্চিম সীমা গবর্ণমেণ্টের টেলিগ্রাফ আফিস।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৫ মার্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ নদীয়া জিলার অন্তর্গত উখরা পরগনার কৃষ্ণনগর নগরে পথ করিবার জন্যে কৃষ্ণনগরের মুনিসিপালিটির অ[illegible]য়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত কৃষ্ণনগর নগরে ন্যূনাধিক /১৩ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা চরভূমি, পূর্ব্বসীমা কদমতলা ঘাটের পথ, দক্ষিণ সীমা শিবু বাবুর জমাই জমি, ও পশ্চিম সীমা নিকারিপাড়া ঘাটের পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

কোলম্যান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[তৃতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১২ ফেব্রুয়ারি।—১৮৭৯ সালের বঙ্গীয় ২ আইন দ্বারা সংশোধিত ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইন দেবগড় নগরে উপযুক্তমতে প্রবল করণার্থে যেং কার্য্য নির্ব্বাহ করা আবশ্যক সাঁওতাল পরগনার ডেপুটী কমিশ্যনর সাহেব তদ্বিষয়ে উক্ত দেবগড় নগরের স্বাস্থ্যরক্ষকের সম্মতি লইয়া নিম্নলিখিত যে উপবিধি প্রণয়ন করিয়াছেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত আইনের ৩৮ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া সেই উপবিধি অনুমোদন ও দৃঢ় করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

Bye-laws framed under Act IV (B.C.) of 1871, *read with Act II (B.C.) of* 1879, *for the town of Deoghur.*

PART I.

1. FOR the purposes of Act IV (B.C.) of 1871, as amended by Act II (B.C.) of 1879, the town of Deoghur shall be considered all the land within the municipal limits of that town.

2. A Committee consisting of two official and three non-official members shall be appointed to assist the Magistrate and Health Officer in carrying out the provisions of the Act.

3. On the 1st March in each year the Magistrate shall nominate the members to serve on the Committee during the ensuing official (April to March) year, and shall report the nomination for the sanction of the local Government.

4. In the event of the death, removal, or resignation of any member of the Committee during his year of office, an official member shall be succeeded by the successor to his appointment, or any other official; and in case of a non-official member, his successor shall be appointed by the remainder of the Committee, subject to the approval of Government.

PART II.

Rules for the conduct of Business.

5. A meeting of the Committee shall be held for the transaction of business and inspection of accounts at the office of the Magistrate, at least once in a quarter; provided that it shall be lawful for the Magistrate to call a meeting at any other time, recording his reasons for doing so, and also that the presence of three members shall be necessary to form a quorum.

6. Notice of every meeting shall be given to each member at least four clear days before the day appointed for the meeting.

7. The subject or subjects brought before the Committee shall be decided by a majority of votes. In the event of division of opinion, the Magistrate, or, in his absence, the Health Officer, shall have a casting vote.

8. The Health Officer shall be *ex-officio* Secretary to the Committee, and the Magistrate *ex-officio* President. The proceedings of every meeting shall be recorded by the Secretary in a book kept for the purpose.

PART III.

On the receipt and disbursement of money under the Act.

9. On the 15th October of each year a budget of probable receipts and of proposed expenditure during the ensuing official year shall be submitted for the sanction of Government.

10. It shall be competent for the Committee, with the sanction of the Commissioner, to transfer sums from one item of the budget to another; but the total expenditure allowed by Government in the budget shall never be exceeded.

11. In framing every annual estimate, an amount not exceeding 25 per cent. of the total income shall be reserved for extraordinary contingencies, such as sudden outbreaks of cholera and sickness, and the necessity for employment of extra and special establishments.

12. At the close of every year the Magistrate shall submit a report on the working of the Act during the year, showing the works of improvement and conservancy carried out, and a detailed account of the receipts and expenditure during the year, and the balance in hand at its close. The report shall be forwarded through the Commissioner to Government.

PART IV.

Regarding Conservancy.

13. The Hindu members of the Committee shall constitute a standing Sub-Committee for the purpose of inspecting the interior of temples and bringing to notice any infringement of the laws and bye-laws that may be committed within them, and proposing any measures for sanitation and proper conservancy within the temples: provided that the Magistrate shall carry out all works of sanitation or conservancy inside the temples through the Superintendent or Sirdar Ojhas.

[*Government Gazette, 29th March* 1881.]

১৮৭৯ সালের বঙ্গীয় ২ আইনের সঙ্গে পঠিত ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনমতে প্রণীত দেবগড় নগরের উপবিধি।

প্রথম খণ্ড।

১। ১৮৭৯ সালের বঙ্গীয় ২ আইন দ্বারা সংশোধিত ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের কার্য্যপক্ষে দেবগড় নগর বলিলে উক্ত নগরের মুনিসিপল সীমার অন্তর্গত সমুদয় ভূমি বুঝাইবে।

২। উক্ত আইনের বিধান সকল করণার্থে মাজিষ্ট্রেটের ও স্বাস্থ্যরক্ষকের সাহায্য করিবার জন্যে রাজকীয় পদধারী দুই ব্যক্তিকে ও রাজকীয় পদধারী নহেন এমত তিন ব্যক্তিকে মেম্বর করিয়া এক কমিটী হইবে।

৩। মাজিষ্ট্রেট সাহেব প্রতি বৎসর মার্চ মাসের ১ তারিখে রাজকার্য্য সম্পর্কীয় আগামি (আপ্রিল অবধি মার্চ পর্য্যন্ত) বৎসরে উক্ত কমিটীতে কার্য্য করিবার নিমিত্ত মেম্বরদিগকে মনোনীত করিয়া স্থানীয় গবর্ণমেন্টের অনুমোদনার্থে সেই মনোনীত করণের রিপোর্ট করিবেন।

৪। উক্ত কমিটীর কোন মেম্বর পদধারণের বৎসরের মধ্যে মরিলে, বা অপসৃত হইলে বা কর্ম্মত্যাগ করিলে তৎপদে রাজকীয় পদধারী যে ব্যক্তি নিযুক্ত হন তিনি কিম্বা রাজকীয় পদধারী অন্য ব্যক্তি ঐ মেম্বরের পদে নিযুক্ত হইলেন, এবং রাজকীয় পদধারী না হইলে তৎপদে স্থানীয় গবর্ণমেন্টের অনুমোদনের অপেক্ষায় কমিটীর অবশিষ্ট ব্যক্তিরা যাহাকে নিযুক্ত করেন তিনি সেই মেম্বরের পদে নিযুক্ত হইবেন।

দ্বিতীয় খণ্ড।

কার্য্য চালাইবার বিধি।

৫। কার্য্য চালাইবার ও মাজিষ্ট্রেটের আফিসে হিসাব পরীক্ষা করিয়া দেখিবার নিমিত্তে তিন মাসের মধ্যে অন্ততঃ এক বার সভার অধিবেশন হইবে। কিন্তু মাজিষ্ট্রেট সাহেব অন্য কোন সময়ে সভাহ্বান করা উচিত জ্ঞান করিলে সেই সভাহ্বান করণের হেতু লিখিয়া সভাহ্বান করিবেন। তিন জন মেম্বর উপস্থিত হইলেই সভার কার্য্য চলিতে পারিবে।

৬। সভাধিবেশনের যে দিন নিরূপিত হইল অন্যূন তাহার পুরা চারি দিন পূর্ব্বে প্রত্যেক জন মেম্বরকে সভাধিবেশনের নোটিস দিতে হইবে।

৭। সভার সম্মুখে যে, বা যে২ বিষয় উপস্থিত করা যায় তাহা সভাস্থ অধিকাংশ ব্যক্তির ঐক্যমতে নিষ্পত্তি করা যাইবে। সমসংখ্যক ব্যক্তির ভিন্ন২ মত হইলে, মজিষ্ট্রেট সাহেব কিম্বা তাঁহার অনুপস্থানে স্বাস্থ্যরক্ষক যে পক্ষে থাকেন সেই পক্ষের মত প্রবল হইবে।

৮। স্বাস্থ্য রক্ষক স্বীয় পদোপলক্ষে উক্ত কমিটীর সেক্রেটরী ও মাজিষ্ট্রেট সাহেব স্বীয় পদোপলক্ষে সভাপতি হইবেন। প্রত্যেক সভার কার্য্য বিবরণ লিখিবার নিমিত্ত যে বহী রাখা যায় সেক্রেটরী ঐ বহীতে তাহা লিখিবেন।

তৃতীয় খণ্ড।

আইনমত টাকার আয় ব্যয়ের কথা।

৯। আগামি রাজকার্য্য সম্পর্কীয় বৎসরে সম্ভাবিত আয়ের ও প্রস্তাবিত ব্যয়ের অনুমানপত্র প্রস্তুত করিয়া গবর্ণমেন্টের অনুমোদনের নিমিত্ত প্রতি বৎসর অক্টোবর মাসের ১৫ তারিখে পাঠাইতে হইবে।

১০। কমিটী কমিশ্যনর সাহেবের অনুমতি লইয়া অনুমানপত্রে লিখিত এক দফার টাকা অন্য দফায় লিখিতে পারিবেন। কিন্তু গবর্ণমেণ্ট অনুমানপত্রে মোট যত টাকা ব্যয় করিবার অনুমতি দেন তাহার অধিক কখন ব্যয় করিতে পারিবেন না।

১১। আয় ব্যয়ের প্রত্যেক বার্ষিক অনুমানপত্র প্রস্তুত করণ কালে, মোট আয়ের শতকরা ২৫ টাকার অনধিক টাকা অতিরিক্ত নৈমিত্তিক খরচের জন্য (যথা অকস্মাৎ ওলাউঠা রোগ ও পীড়া উপস্থিত হইলে এবং অতিরিক্ত ও বিশেষ লোকজন নিযুক্ত করিবার প্রয়োজন হইলে তজ্জন্যে) রাখিতে হইবে।

১২। বৎসরের মধ্যে আইনমত কার্য্য কিরূপ চলিয়াছে মাজিষ্ট্রেট সাহেব প্রতি বৎসরের শেষে ইহার একখানি রিপোর্ট পাঠাইবেন, ঐ রিপোর্টে, বৎসরের মধ্যে নগরের উন্নতি ও সৌষ্ঠবকার্য্য কিরূপ হইয়াছে দেখাইতে হইবে, ও বৎসরের আয় ব্যয়ের বিস্তারিত হিসাব ও বৎসরের শেষে তাতে উদ্বৃত্ত কত টাকা আছে, ইহাও দিতে হইবে। ঐ রিপোর্ট কমিশ্যনর সাহেব দ্বারা গবর্ণমেন্টে পাঠাইতে হইবে।

চতুর্থ খণ্ড।

নগর সৌষ্ঠবের কথা।

১৩। কমিটীর অন্তর্গত হিন্দু মেম্বরেরা মন্দীরের মধ্যভাগ দেখিবার নিমিত্ত ও তন্মধ্যে কোন বিধি বা উপবিধি লঙ্ঘন হইলে তাহা জানাইবার নিমিত্ত ও মন্দীরের মধ্যে স্বাস্থ্যরক্ষার ও উপযুক্ত সৌষ্ঠব করিবার প্রস্তাব করিবার নিমিত্ত স্থায়ী সব-কমিটী হইবেন। কিন্তু মাজিষ্ট্রেট সাহেব সর্দ্দার ওঝার তত্ত্বাধীনে মন্দীরের মধ্যের স্বাস্থ্য রক্ষার ও সৌষ্ঠবের সকল কার্য্য চালাইবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

PART V.

Miscellaneous.

14. Every lodging-house keeper taking out a license under these Acts shall provide himself with a copy of each of the Acts, and with a copy of the notice prescribed in section 14, Act IV (B.C.) of 1871, which notice shall be in the Form A annexed to these bye-laws.

15. The registers referred to in section 15 of Act IV (B.C.) of 1871 shall be in the Form B annexed to these bye-laws.

16. There shall be hung up in each compartment of a lodging-house a board on which shall be legibly written in Bengali and Hindi the dimensions of each compartment, and the number of pilgrims it can properly accommodate, and this board shall bear the signature of the Health Officer.

17. Every lodging-house keeper shall be bound, on requisition by the Health Officer, to provide himself with tickets or tokens bearing consecutive numbers, and to furnish each of his lodgers with one of such tickets or tokens.

18. For the purposes of this Act, the year shall be considered to commence from 1st April, and all licenses shall run from that date.

19. Every panda or other person who brings pilgrims to Baidanath shall be bound to furnish the Magistrate or Health Officer with any information he may require as to the disposal of such pilgrims in the town of Deoghur: any refusal to furnish such information shall be punished with a fine not exceeding Rs. 20, and any false information as to such disposal of pilgrims shall render the person giving it liable to prosecution under section 177 of the Indian Penal Code.

FORM A.

Lodging-house.

License under Act II of 1879.

1	2	3
Names of owners.	Number of license.	Number of lodgers licensed to accommodate.

FORM B.

Registers showing the result of inspection of the Inspecting Officer.

1	2	3	4	5	6	7
Year, month, and date of inspection.	Name of owner or managers of lodging.	Number of license.	Number of lodgers licensed to accommodate.	Number of lodgers found present.	Number said to have been accommodated this day.	REMARKS.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 29*th March* 1881.]

পঞ্চম খণ্ড।

বিবিধ বিষয়।

১৪। বাসাঘরের যে প্রত্যেক কর্ত্তা এই ২ আইনমতে লাইসেন্স লন তিনি উক্ত প্রত্যেক আইনের এক ২ খানি ও ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের ১৭ ধারার নির্দ্দিষ্ট নোটিস এক খানি লইবেন। ঐ নোটিস খানি এই উপবিধি সংযুক্ত A চিহ্নিত পাঠে হইবে।

১৫। ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের ১৫ ধারায় যে রেজিষ্টরের কথা লেখা আছে তাহা এই উপবিধি সংযুক্ত B চিহ্নিত পাঠে হইবে।

১৬। বাসাঘরের প্রত্যেক কুঠরীর আয়তন, ও এক২ কুঠরীতে উপযুক্তমতে যত জন যাত্রী থাকিতে পারে, এই২ কথা বাঙ্গালা ও হিন্দী অক্ষরে স্পষ্ট করিয়া লিখিত একখান তক্তা উক্ত প্রত্যেক কুঠরীতে টাঙ্গান থাকিবে, ও ঐ তক্তায় স্বাস্থ্যরক্ষকের স্বাক্ষর থাকিবে।

১৭। বাসাঘরের প্রত্যেক কর্ত্তা স্বাস্থ্যরক্ষকের আদেশমতে ক্রমিক সংখ্যার কতক গুলিন টিকিট বা চাক্তি রাখিবেন, ও আপন ঘরের ভাড়াটিয়া প্রত্যেক ব্যক্তিকে ঐ টিকিটের বা চাক্তির এক২ খান দিবেন।

১৮। এই আইনের কার্য্যপক্ষে আপ্রিল মাসের ১ তারিখ বৎসরারম্ভের দিন জ্ঞান করিতে হইবে, ও ঐ তারিখ [illegible] সকল লাইসেন্স চলিবে।

১৯। যে প্রত্যেক পাণ্ডা বা অন্য ব্যক্তি বৈদ্যনাথের যাত্রী আনেন তিনি সেই যাত্রীর দেবগড় নগরে অবস্থিতির বিষয়ে মাজিষ্ট্রেট সাহেব বা স্বাস্থ্যরক্ষক কোন সন্ধান জানিতে চাহিলে তিনি সেই সন্ধান জানাইতে বাধ্য হইবেন। সেই সন্ধান জানাইতে অস্বীকার করিলে তাঁহার ২০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে ও সেই ব্যক্তির অবস্থিতির বিষয়ে কোন মিথ্যা সন্ধান দিলে যিনি সেই মিথ্যা সন্ধান দেন তাঁহার নামে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭৭ ধারামতে অভিযোগ হইতে পারিবে।

A. চিহ্নিত পাঠ।

বাসাঘর।

১৮৭৯ সালের ২ আইনমত লাইসেন্স।

স্বামির নাম।	লাইসেন্সের নম্বর।	যত জন ভাড়াটিয়া থাকিবার লাইসেন্স দেওয়া গেল।

B চিহ্নিত পাঠ।

পরিদর্শনকারি কর্ত্তৃপক্ষের পরিদর্শনের ফল প্রকাশক রেজিষ্টর।

১	২	৩	৪	৫	৬	৭
পরিদর্শনের বৎসর, মাস ও তারিখ।	বাসাঘরের স্বামির বা অধ্যক্ষদের নাম।	লাইসেন্সের নম্বর।	যত জন ভাড়াটিয়া থাকিবার লাইসেন্স দেওয়া গেল।	যত জন ভাড়াটিয়া উপস্থিত আছে দেখা গেল।	যত জন অধিক ছিল বলিয়া কথিত হইল।	মন্তব্য।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

JUDICIAL DEPARTMENT.

No. 1446A.

The 18*th March* 1881.—Baboo Bhubun Mohun Raha, Deputy Magistrate and Deputy Collector, Hooghly, is vested with the powers under Section 521 of the Criminal Procedure Code.

Baboo Basawan Singh of Chowgain, a zemindar, is appointed to be an Honorary Magistrate for the Doomraon Bench, in the district of Shahabad, and is vested with the powers of a Magistrate of the Third Class.

The 19*th March* 1881.—Mr. W. H. Page, Joint-Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is vested with powers under Section 266 of the Criminal Procedure Code, to hear appeals from convictions by Magistrates of the Second and Third Class.

Mr. C. F. Manson, Deputy Magistrate and Deputy Collector, Sonthal Pergunnahs, is vested with the power to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code.

The 21*st March* 1881.—Mr. K. J. Badshah, Assistant Magistrate and Collector, Dacca, is vested with the powers of a Magistrate of the First Class.

Baboo Juggut Doorlubh Mozoomdar, Second Moonsif of Alipore, in the district of the 24-Pergunnahs, is appointed to be a Moonsif in the district of Mymensingh, and to be ordinarily stationed at Bazitpore. Baboo Juggut Doorlubh Mozoomdar will, however, continue to act, until further orders, as Subordinate Judge of Furreedpore.

Baboo Mohendro Nath Roy, B L., Moonsif of Bazitpore, in the district of Mymensingh, is appointed to be a Moonsif in the district of the 24-Pergunnahs, and to be ordinarily stationed at Alipore, *vice* Baboo Juggut Doorlubh Mozoomdar.

The 22*nd March* 1881.—Baboo Gobind Deb Mookerjee, Officiating Moonsif of Diamond Harbour, 24-Pergunnahs, is appointed to act as a Moonsif in the district of Noakholly, and to be ordinarily stationed at Sundeep.

This cancels the orders of the 7th instant, appointing Baboo Kopali Prosunno Mookerjee to act as Moonsif of Sundeep.

Baboo Gour Chunder Das, First Moonsif of Perozepore, Backergunge, on leave, is appointed to be a Moonsif in the district of Sylhet, and to be ordinarily stationed at Moulvey Bazar.

Baboo Munoo Lal Chatterjee, Subordinate Judge and Small Cause Court Judge of Moorshedabad, is allowed furlough for one year, under Section 8, Supplement F of the Civil Leave Code.

Baboo Gunga Nath Roy, Deputy Magistrate and Deputy Collector, Shahabad, is vested with the powers of a Magistrate of the Third Class.

LEAVE OF ABSENCE TO MOONSIFS.—*The* 18*th March* 1881.—Moulvi Shah Lutafat Hossein, Additional Moonsif of Arrareah, in the district of Purneah, is allowed leave for a fortnight, *i.e.*, up to the end of the current month, under Section 10, Supplement F of the Civil Leave Code, in extension of that granted to him on the 14th January 1881.

The 21*st March* 1881.—Baboo Sheo Shunkor Sahoy, First Moonsif of Gya, is allowed leave for one month, on half pay, under Section 48, Rule 1 of the Civil Leave Code.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT.—BENGAL.

ESTABLISHMENT.

The 17*th March* 1881.

No. 45.—*Transfer.*—Baboo Kally Prosonno Mookerjee, Assistant Engineer, Second Grade, is temporarily transferred, in the interests of the public service, from the Patna to the Bhagulpore Division, which he joined on the forenoon of the 28th February 1881.

[*Government Gazette*, 29*th March* 1881.]

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

১৪৪৬ A নম্বর।

১৮৮১ সাল ১৮ মার্চ। হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভুবনমোহন রাহা ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫২১ ধারামত ক্ষমতা পাইলেন।

চৌগাইন নিবাসি জমীদার শ্রীযুত বাবু বসাওন সিংহ শাহাবাদ জিলার অন্তর্গত দুমরাওন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮১ সাল ১৯ মার্চ।—২৪ পরগনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, এচ, পেজ সাহেব, ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৬৬ ধারামতে দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটদের দ্বারা নির্ণীতাপরাধের উপর আপীল শ্রবণের ক্ষমতা পাইলেন।

সাঁওতাল পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এফ, মাক্সন সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

১৮৮১ সাল ২১ মার্চ।—ঢাকার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত কে, জে, ব্যাডশা সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

২৪ পরগনা জিলার অন্তর্গত আলিপুরের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু জগদ্দুর্লভ মজুমদার ময়মনসিংহ-জিলার মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ বাজিৎপুরে অবস্থাপিত হইবেন। যাবৎ অন্য আজ্ঞা না হয় তিনি ফরীদপুরের সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত বাবু জগদ্দুর্লভ মজুমদারের পরিবর্ত্তে ময়মনসিংহ জিলার অন্তর্গত বাজিৎপুরের মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ রায়, বি, এল, ২৪ পরগনা জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ আলি-পুরে অবস্থাপিত হইবেন।

১৮৮১ সাল ২২ মার্চ।—২৪ পরগনার অন্তর্গত কলাগাছীর একটিং মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দদেব মুখোপাধ্যায়, নওয়াখালি জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ সন্দ্বীপে অবস্থাপিত হইবেন।

সন্দ্বীপের মুনসেফের কর্ম্ম করণার্থে শ্রীযুত বাবু কপালীপ্রসন্ন মুখোপাধ্যায়ের নিয়োগ বিষয়ক এই মাসের ৭ তারিখের আজ্ঞা রহিত করা গেল।

বাকরগঞ্জের অন্তর্গত পিরোজপুরের ছুটী প্রাপ্ত প্রথম মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র দাস, ছিলট জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ মৌলবী বাজারে অবস্থাপিত হইবেন।

মুরশিদাবাদের সবার্ডনেট জজ ও ছোট আদালতের জজ শ্রীযুত বাবু মধুলাল চট্টোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৮ ধারামতে এক বৎসরের নিয়মিত ছুটী পাইলেন।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গঙ্গানাথ রায় তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

মুনসেফদের ছুটী।—১৮৮১ সাল ১৮ মার্চ।—পুরনিয়া জিলার অন্তর্গত অররিয়ার আডিশ্যনল মুনসেফ শ্রীযুত মৌলবী শাহ লতাফৎ হুসেন, ১৮৮১ সালের জানুয়ারি মাসের ১৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১০ ধারামতে এক পক্ষের অর্থাৎ চলিত মাসের শেষ পর্য্যন্ত ছুটী পাইলেন।

১৮৮১ সাল ২১ মার্চ।—গয়ার প্রথম মুনসেফ শ্রীযুত বাবু শিবশঙ্কর সহায় সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪৩ ধারার ১ প্রকরণমতে অৰ্দ্ধেক বেতনে এক মাসের ছুটী পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিলশাখা বিষয়ক।

১৮৮১ সাল ১৭ মার্চ।

৪৫ নম্বর।—স্থানান্তরে প্রেরণ।—দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু কালীপ্রসন্ন মুখোপাধ্যায় রাজকার্য্যের স্বার্থের জন্যে কিয়ৎকালের নিমিত্তে পাটনা খণ্ডহইতে ভাগলপুর-খণ্ডে প্রেরিত হইয়া ১৮৮১ সালের ২৮ ফেব্রুয়ারির পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ]

The 19*th March* 1881.

No. 46.—*Leave of Absence.*—Baboo Sarat Chunder Roy, Apprentice Engineer, attached to the Bhagulpore Division, is allowed privilege leave for two months, under Section 13, Supplement F of the Civil Leave Code, with effect from the 20th February 1881.

S. T. TREVOR, *Lieut.-Col.*, R.E.,
Joint-Secy. to the Govt. of Bengal,
P. W. Dept.

IRRIGATION

ESTABLISHMENT.

The 19*th March* 1881.

No. 63 —*Notification.*—With reference to the orders marginally noted, Mr. O. C. Lees, Assistant Engineer, Second Grade, joined the Balasore Division on the afternoon of the 3rd instant.

No. 42, dated 22nd February 1881.

No. 64.—*Postings.*—With reference to the orders marginally noted, Mr. G. W. Faulkner Executive Engineer, Third Grade, is posted to the Gunduck Division, which he joined on the forenoon of the 9th instant.

No. 31, dated 12th February 1881.

No. 65.—With reference to the orders marginally noted, Mr. M J. J. P. Norman, Assistant Engineer, First Grade, will be attached, until further orders, to the office of the Superintending Engineer, South Western Circle, which he joined on the forenoon of the 11th instant.

No. 56, dated 11th March 1881.

No. 66.—*Notifications.*—With reference to the orders marginally noted, Lieutenant R. H. Brown, R E., Executive Engineer, Fourth Grade, availed himself of subsidiary leave on the afternoon of the 9th instant, and of furlough on the 14th idem.

No 26, dated 7th February 1881.

No. 67.—With reference to the orders marginally noted, Mr. T. M. L. Thompson, Assistant Engineer, First Grade, availed himself of subsidiary leave on the afternoon of the 3rd instant, and of the furlough on the 14th idem.

No. 55, dated 8th March 1881.

The 21*st March* 1881.

No. 68.—Mr. C. C. Martyr, Assistant Engineer, Second Grade, Eastern Sone Division, passed the Colloquial examination in Hindustani as prescribed in Public Works Code, Chapter II-i-20 on the 9th instant.

No. 69.—With reference to the orders noted in the margin, Mr. R. B. Buckley, Executive Engineer, Second Grade, joined the Sone Circle on the forenoon of the 12th instant, and is posted to the Buxar Division.

No. 57, dated 12th March 1881.

H. C. LEVINGE,
Secy. to the Govt. of Bengal.
P. W. Dept..

DECLARATION.

The 22*nd March* 1881.

The declaration, dated 15th instant, published at page 332 of the *Calcutta Gazette* of the 16th instant, regarding the construction of a railway from Ranaghat *via* Jessore to Khoolna and from Bongong to Chitpore, is hereby cancelled.

H. C. LEVINGE,
Secy. to the Govt. of Bengal,
P. W. Dept.

১৮৮১ সাল ১৯ মার্চ।

৪৬ নম্বর।—ছুটী।—ভাগলপুর খণ্ডে নিযুক্ত আপ্রেন্টিস ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু শরতচন্দ্র রায় সিবিল কার্য্যকারকদের ছুটীর Fচিহ্নিত পরিশিষ্ট বিধির ১৩ ধারামতে ১৮৮১ সালের ২০ ফেব্রুয়ারি অবধি দুই মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

এস, টি, ট্রেবর, লেপ্টেনেন্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে
বঙ্গদেশের গবর্ণমেন্টের জাইন্ট সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

সিরিশ্‌তা বিষয়ক বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৯ মার্চ।

৬৩ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ও, সি, লীস সাহেব এই মাসের ৩ তারিখের অপরাহ্ণে বালেশ্বর খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৮১ সালের ২২ ফেব্রুয়ারির ৪২ নং।

৬৪ নম্বর।—অবস্থিতির কথা।—পার্শ্ব লিখিত আজ্ঞার উপলক্ষে তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জি, ডবলিউ, কলক্নর সাহেব গণ্ডক খণ্ডে অবস্থাপিত হইয়া এই মাসের ৯ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৮১ সালের ১২ ফেব্রুয়ারির ৩১ নং।

৬৫ নম্বর।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এম, জে, জে, পি, নর্ম্মান সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয়, দক্ষিণ-পশ্চিম চক্রের সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়রের আফিসে নিযুক্ত হইবেন, তিনি এই মাসের ১১ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৮১ সালের ১১ মার্চের ৫৬ নং।

৬৬ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র লেপ্টেনেন্ট শ্রীযুত আর, এচ, ব্রৌন্‌ সাহেব আর, ই, এই মাসের ৯ তারিখের অপরাহ্ণে আনুষঙ্গিক ছুটী ও এই মাসের ১৪ তারিখে নিয়মিত ছুটী গ্রহণ করিলেন।

১৮৮১ সালের ৭ ফেব্রুয়ারি ২৬ নং।

৬৭ নম্বর।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে প্রথম শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত টি, এম, এল, তামসন সাহেব এই মাসের ৩ তারিখের অপরাহ্ণে আনুষঙ্গিক ছুটী ও এই মাসের ১৪ তারিখে নিয়মিত ছুটী গ্রহণ করিলেন।

১৮৮১ সালের ৯ মার্চের ৫৫ নং।

১৮৮১ সাল ২১ মার্চ।

৬৮ নম্বর।—পূর্ব্ব সোণ খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, সি মার্টিন সাহেব এই মাসের ৯ তারিখে পবলিক ওর্কস বিধি পুস্তকের দ্বিতীয় অধ্যায়ের I ·২০ নির্দ্দিষ্ট চলিত হিন্দুস্থানী ভাষায় পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

৬৯ নম্বর।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত আর বি, বকলে সাহেব এই মাসের ১২ তারিখের পূর্ব্বাহ্নে সোণ চক্রে কর্ম্ম গ্রহণ করিয়া বক্সার খণ্ডে অবস্থিত হইলেন।

১৮৮১ সালের ১২ মার্চের ৫৭ নং।

এচ, সি, লেবিঞ্জ
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী

রেলওয়ে বিষয়ক।

বিজ্ঞাপন

১৮৮১ সাল ২২ মার্চ।

রাণাঘাটহইতে যশোহর দিয়া খুলনা পর্য্যন্ত এবং বনগাঁহইতে চিৎপুর পর্য্যন্ত রেলওয়ে প্রস্তুত করণ বিষয়ক এই মাসের ১৫ তারিখের যে বিজ্ঞাপন এই মাসের ২২ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের ২৭১ পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছে তাহা এতদ্দারা রহিত করা গেল!

এচ, সি, লেবিঞ্জ
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮১। ২৯ মার্চ।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 5, 1881.

মঙ্গলবার ১৮৮১ সাল ৫ আপ্রিল।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1610A.

GENERAL.—*The* 21*st March* 1881.—Major W. L. Samuells, Assistant Commissioner, Pachamba, Hazaribagh, is posted to the Sudder Station of Lohardugga.

The 24*th March* 1881.—Mr. C M. W. Brett, Assistant Magistrate and Collector, Sonthal Pergunnahs, is transferred to Mozufferpore.

Baboo Ram Charan Lal, Officiating Deputy Magistrate and Deputy Collector, Shahabad, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code.

The 25*th March* 1881.—The following confirmations and promotions are made in the Subordinate Executive Service, with effect from the 29th January 1881:—

Confirmed in the Second Grade.

Moulvi Abdul Jubber, Deputy Magistrate and Deputy Collector, Patna, *vice* Mr. M. Little, deceased.

Promoted temporarily to the Second Grade.

Moulvi Dulleluddin Ahmed, Deputy Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, *vice* Moulvi Abdul Jubber.

Confirmed in the Third Grade.

Baboo Doorgagutty Banerjee, Personal Assistant to the Commissioner of the Patna Division, *vice* Moulvi Abdul Jubber.

Promoted temporarily to the Third Grade.

Baboo Ram Okhoy Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, Ghattal, Midnapore, *vice* Moulvi Dulleluddin Ahmed.

Confirmed in the Fourth Grade.

Mr H. W. Barber, Deputy Magistrate and Deputy Collector, Chittagong, *vice* Baboo Doorgagutty Banerjee.

Promoted temporarily to the Fourth Grade.

Baboo Taraprasad Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, Bongong, Nuddea, on leave, *vice* Baboo Ram Okhoy Chatterjee.

Confirmed in the Fifth Grade.

Baboo Uma Churn Gangooly, Deputy Magistrate and Deputy Collector, Satkhira, 24-Pergunnahs, *vice* Mr. H. W. Barber.

Promoted temporarily to the Fifth Grade.

Baboo Kali Nath De, Deputy Magistrate and Deputy Collector, Contai, Midnapore, *vice* Baboo Taraprasad Chatterjee.

Confirmed in the Sixth Grade.

Moulvi Ikram Rusool, Deputy Magistrate and Deputy Collector, Chittagong, *vice* Baboo Uma Churn Gangooly.

Promoted temporarily to the Sixth Grade.

Baboo Chunder Narain Gupta, Deputy Magistrate and Deputy Collector, Sonthal Pergunnahs, *vice* Baboo Kali Nath De.

Moulvi Sobhan Hyder, Officiating Deputy Magistrate and Deputy Collector, Chittagong, is appointed temporarily to the Seventh Grade of the Subordinate Executive Service, *vice* Baboo Chunder Narain Gupta, with effect from the 29th January last.

Baboo Hurry Mohun Sanyal, temporary Sub-Deputy Collector, Maldah, is transferred to Jamooee in Monghyr.

Moulvi Imdad Ali, Sub-Deputy Collector, Jamooee, Monghyr, is transferred to the district of Maldah.

Mr. C C. Quinn, Joint-Magistrate and Deputy Collector, Patna, is allowed leave for eight days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 26th instant, or from such subsequent date as he may avail himself of it.

The Right Hon'ble the Secretary of State for India has granted Mr O. N. Banerjee, Deputy Magistrate and Deputy Collector, six months' extension of leave without pay.

The 26*th March* 1881.—Mr. F. H. B. Skrine, C.S., has been granted by the Secretary of State for India an extension of leave on medical certificate for four months.

The 28*th March* 1881.—Sheikh Abdullah, temporary Sub-Deputy Collector, Patna, is allowed leave for three months under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself of it.

[*Government Gazette*, 5*th April* 1881.]

বাঙ্গালার শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

১৩১০ A নম্বর।

[illegible] সাল [illegible] মার্চ।—হাজারীবাগের অন্তর্গত পচম্বার আসিষ্টাণ্ট কমিশনর [illegible] শ্রীযুক্ত আর্থিষ্টা এম্‌ আমুজেল সাহেব, লোহারডাগায় সদর [illegible] অবস্থাপিত হইলেন।

১৮৮১ সাল [illegible] মার্চ।—সাঁওতাল পরগণার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুক্ত সি, এম, ডবলিউ, ব্রেট সাহেব মজঃফরপুরে প্রেরিত হইলেন।

[illegible] একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু [illegible] লাল, সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

১৮৮১ সাল ২৫ মার্চ।—সবর্ডিনেট একজেকিউটিব সর্বিসে ১৮৮১ সালের ২৯ জানুয়ারি অবধি নিম্ন-লিখিত সকল পদ খালি ও বৃদ্ধি করা গেল।

এম, নিউল সাহেবের মৃত্যু হওয়াতে পাটনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত মৌলবী আবদুল জব্বার।

দ্বিতীয় শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুক্ত মৌলবী আবদুল জব্বারের পরিবর্ত্তে ২৪ পরগণার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত মৌলবী [illegible] আহমদ

কিয়ৎকালের নিমিত্ত দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুক্ত মৌলবী আবদুল জব্বারের পরিবর্ত্তে পাটনা খণ্ডের কমিশনর সাহেবের পার্সোনাল আসিষ্টাণ্ট শ্রীযুক্ত বাবু দুর্গাগতি বন্দ্যোপাধ্যায়,

তৃতীয় শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুক্ত মৌলবী [illegible] আহমদের পরিবর্ত্তে মেদিনীপুরের অন্তর্গত ঘাটালের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু রামাক্ষয় চট্টোপাধ্যায়,

কিয়ৎকালের নিমিত্ত তৃতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুক্ত বাবু দুর্গাগতি বন্দ্যোপাধ্যায়ের পরিবর্ত্তে চট্টগ্রামের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত এচ, ডবলিউ, বারবর সাহেব,

চতুর্থ শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুক্ত বাবু রামাক্ষয় চট্টোপাধ্যায়ের পরিবর্ত্তে নদীয়ার অন্তর্গত বনগাঁয়ের ছুটী প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু তারা প্রসাদ চট্টোপাধ্যায়,

কিয়ৎকালের নিমিত্ত চতুর্থ শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুক্ত এচ, ডবলিউ, বারবর সাহেবের পরিবর্ত্তে ২৪ পরগণার অন্তর্গত সাতক্ষীরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু উমাচরণ গঙ্গোপাধ্যায়,

„ Charoo Chunder Mullick
Mr W E Crum
Baboo Dwarka Nath Dutt
„ Ganendro Chunder Ghose
Mr George Irving.
Baboo Joy Gobind Law
Rai Kanye Lall Dey Bahadoor.
Baboo Madhu Soodun Dutt.
Baboo Madhub Kristo Sett
„ Mohendro Nath Hazra.
Mr John Morison
Baboo Norendro Nath Sen.
„ Prosad Dass Dutt.
„ Sagore Dutt.
Mr J. O'B. Saunders.
Baboo Srinath Ghose.
Mr. George Stanford.
Raja Suttya Nund Ghosal.

HORACE A. COCKERELL,
Secy to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 8th April 1881 —It is hereby notified, under Section 15, Act V of 1861, that the Lieutenant-Governor has sanctioned from the 1st April 1881 the employment for the period of three months of a special police force consisting of two head-constables and 25 constables to be quartered on the bungalow of Nargunj and the villages of Baratoli, Jhagrahi, Lakhanpore, Bhandaro, Jitpore, Ledapathoor, Bhoworpathur, Jhillo, Parai Pani, Chandpore, Makra Chapor, Bhaugdhir, Pepra, Singni, Barachapur, Nawadi, and Pakardi, in the bungalow of Katikund in Doomka Damin-i-koh of the Sonthal Pergunnahs. The cost of the police force

সালের বঙ্গীয় ৪ আইনমতে যে ফী আদায় করা যাইবে তাহা উক্ত লাইসেন্সপত্রে প্রকাশিত আড়াটিয়াদের মোট সংখ্যার উপর প্রত্যেক ব্যক্তির ৷৴০ আনা হারে ধরিতে হইবে।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ৬ আপ্রিল।—১৮৭৯ সালের ২ আইনক্রমে সংশোধিত ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনমতে প্রণীত দেবগড় নগরের উপবিধির ২ ধারানুসারে নিম্নলিখিত মহাশয়েরা দেবগড় নগরে উক্ত আইনের বিধান সফল করণার্থে দেবগড় মহকুমার কর্ত্তৃপক্ষের ও স্বাস্থ্যরক্ষকের সাহায্য করিবার জন্য কমিটী স্বরূপ নিযুক্ত হইলেন।

১। ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চন্দ্রনারায়ণ গুপ্ত, বি, এ, ... } রাজকীয় পদধারি মেম্বর।
২। দেবগড় স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু শ্যামলাল দত্ত, বি, এ, ... }

৩। প্রধান পুরোহিত শ্রীযুত বাবু শৈলজানন্দ দত্ত ঝা ... } রাজকীয় পদধারি নহেন এমত মেম্বর।
৪। বণিক শ্রীযুত বাবু ঠাণ্ডিরাম মণ্ডওয়ারী ... }
৫। দোকানি শ্রীযুত বাবু রসিকলাল দেওয়ারী ... }

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

---

১৯২ A নম্বর।

১৮৮১ সাল ৫ আপ্রিল।—শ্রীযুত বাবু গৌরচন্দ্র দাসের পরিবর্ত্তে ২৪ পরগনার অন্তর্গত আলিপুরের ছুটীপ্রাপ্ত একটিং মুনসেফ শ্রীযুত বাবু দিগম্বর কানুনগো বাকরগঞ্জ জিলার মুনসেফের পদে নিযুক্ত হইয়া সাধারণতঃ পিরোজপুরে অবস্থাপিত হইলেন।

১৮৮১ সাল ৬ আপ্রিল।—রাজশাহীর আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ, চক্স সাহেব দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ৮ আপ্রিল।—পূর্ণিয়ার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত কস্তুরীলাল বাবু তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮১ সাল ১১ আপ্রিল।—নিম্নলিখিত মহাশয়েরা ১৮৭৭ সালের ৪ আইনের ৮ ধারামতে কলিকাতা নগরের প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু ভগবতীচরণ মল্লিক।
,, বাবু চারুচন্দ্র মল্লিক।
,, ডবলিউ, ই, ক্রম সাহেব।
,, বাবু দ্বারকানাথ দত্ত।
,, বাবু অ[illegible]েন্দ্রচন্দ্র ঘোষ।
,, জর্জ অর্মিন সাহেব।
,, বাবু জয়গোবিন্দ লাহা।
,, রায় কানাইলাল দে বাহাদুর।
,, বাবু মধুসূদন দত্ত।

শ্রীযুত বাবু মাধবকৃষ্ণ সেট।
,, বাবু মহেন্দ্রনাথ হাজরা।
,, জান মরিসন সাহেব।
,, বাবু নরেন্দ্রনাথ সেন।
,, বাবু প্রসাদ দাস দত্ত।
,, বাবু সাগর দত্ত।
,, জে, ও বি, মভার্স সাহেব।
,, বাবু শ্রীনাথ ঘোষ।
,, জর্জ ষ্টানফড সাহেব।

শ্রীযুত রাজা সত্যানন্দ ঘোষাল।

হরক্স এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ৮ আপ্রিল।—১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, সাঁওতাল পরগনার অন্তর্গত নয়াগঞ্জ বাঙ্গোলায় এবং ঝুমরী দামিন-ই-কোহে কতি কুলের বাঙ্গালায় বরতলা ও ঝা প্রাকি ও লক্ষ্মীপুর ও ভাণ্ডারো ও জিতপুর ও লেদা পাথুর ও ভবরপাতী ও ঝিল্লি ও পাথর পানি ও চাঁদপুর ও মাক। চাপুর ও ভৌরির ও পেপ্রা ও সিজলি ও বড় চাপর ও নওয়াদি ও পাকাদিগ্রামে দুই জন হেড কনষ্টাবলের ও ২৫ কনষ্টাবলের এক বিশেষ পোলাম দল ১৮৮১ সালের ১ আপ্রিল অবধি তিন মাসের জন্যে নিযুক্ত থাকবার অনুমতি

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১৯ আপ্রিল।]

noted below will be assessed and levied from the residents of the said bungalow and villages in proportion to their respective means :—

					Rs.	A.	P.
1	Head-constable	of 1st grade	on Rs. 25	.. ..	25	0	0
1	Ditto	of 3rd „	on „ 15	.. ..	15	0	0
2	Constables	of 1st „	on „ 9 each	.. ..	18	0	0
3	Ditto	of 2nd „	on „ 8 „	.. ..	24	0	0
6	Ditto	of 3rd „	on „ 7 „	.. ..	42	0	0
14	Ditto	of 4th „	on „ 6 „	.. ..	84	0	0
	Pension charges at 2 annas per rupee			.. ..	26	0	0
	Contingent charges at 10 per cent. ..			.. ..	20	12	0
			Total	..	254	12	0

		Rs.	A.	P.
For three months	.. ..	764	4	0
Repairs to quarters	.. ..	20	0	0
Clothing charges for 27 men at 1 rupee each	.. ..	27	0	0
Total	..	811	4	0

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 8th April 1881.—It is hereby notified under Section 15, Act V of 1861, that the Lieutenant-Governor has sanctioned from the 1st April 1881 the employment for the period of three months of a special police force consisting of 1 sub-inspector, 2 head-constables, and 25 constables, to be quartered on the villages in taluqs Karma and Jartal, pergunnah Hendua in the sudder sub-division of the district Sonthal Perguunahs. The cost of the police force noted below will be assessed and levied from the residents of the said villages in proportion to their respective means :—

		Rs.	A.	P.
1 Sub-Inspector on Rs. 50 per month	. ...	50	0	0
2 Head-constables „ 10 each	... ..	20	0	0
25 Constables on „ 6 „	... ...	150	0	0
		220	0	0
Pension charges at 2 annas per rupee	... ...	27	8	0
Contingent charges at 10 per cent.	... ...	22	0	0
Total	. .	269	8	0
For three months	... .	808	8	0
Clothing allowance of 28 men at Re. 1 per man	...	28	0	0
Repairs to quarters	... ...	50	0	0
Total	...	886	8	0

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 8th April 1881.—It is hereby notified under Section 15, Act V of 1861, that the Lieutenant-Governor has sanctioned from the 1st April 1881 the employment for the period of three months of a special police force consisting of one head-constable of second grade, one head-constable of fourth grade, and 20 constables to be quartered on the villages Jamjuri, Asnari, Leta, Amdiha, Heth Bulwa in taluq Kendua, Bara, Runlahiar

করিলেন। উক্ত পোলীস দলের নিম্নলিখিত খরচ উক্ত বাজার ও গ্রাম বাসিদের অবস্থানুসারে হারাহারী মতে ধার্য্য হইয়া তাহাদের স্থানে আদায় করা যাইবে।

			টাকা।
২৫৲ টাকা করিয়া প্রথম শ্রেণীর এক জন হেড কনষ্টাবল	...	...	২৫৲
১৫৲ ,, তৃতীয় ,, ,, ,,	...	...	১৫৲
৯৲ ,, প্রথম ,, দুই জন কনষ্টাবল	...	...	১৮৲
৮৲ ,, দ্বিতীয় ,, তিন জন ,,	...	...	২৪৲
৭৲ ,, তৃতীয় ,, ছয় জন ,,	...	...	৪২৲
৬৲ ,, চতুর্থ ,, চৌদ্দজন ,,	...	...	৮৪৲
পেনশ্যনের উপলক্ষে টাকায় ⁄৴ আনার হিসাবে	...	...	২৬৲
শতকরা ১০৲ টাকার হিসাবে নৈমিত্তিক খরচ	...	...	২০৸০
	মোট	..	২৫৪৸০

					টাকা।
তিন মাসে	...	...	...	...	৭৬৪।০
থাকিবার স্থান মেরামতের খরচ	.	.	.	...	২০৲
জনপ্রতি ১৲ টাকার হিসাবে ২৭ জনের কাপড়ের খরচ			...	...	২৭৲
			মোট	...	৮১১।০

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ৮ আপ্রিল।—১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব সাঁওতাল পরগনা জিলার সদর মহকুমার অন্তর্গত হেন্দুয়া পরগনার কার্ম্মা ও জাংতল তালুকের গ্রাম সমূহে এক জন সব-ইনিস্পেক্টর ও দুই জন হেড কনষ্টাবল ও পঁচিশ জন কনষ্টাবলের এক বিশেষ পোলীসদল ১৮৮১ সালের ১ আপ্রিল অবধি তিন মাসের নিমিত্ত নিযুক্ত থাকিবার অনুমতি করিলেন। উক্ত পোলীসদলের নিম্নলিখিত খরচ উক্ত সকল গ্রাম বাসিদের অবস্থানুসারে হারহারীমতে ধার্য্য হইয়া তাহাদের স্থানে আদায় করা যাইবে।

			টাকা।
মাসে ৫০৲ টাকা করিয়া এক জন সব-ইনিস্পেক্টর	...	...	৫০৲
প্রত্যেকে ১০ টাকার করিয়া দুই জন হেড কনষ্টাবল	...	...	২০৲
,, ৬৲ ,, পঁচিশ জন কনষ্টাবল	...	.	১৫০৲
			২২০৲
পেনশ্যনের উপলক্ষে টাকায় ⁄০ আনা করিয়া	...	...	২৭।০
শতকরা ১০৲ টাকার হিসাবে নৈমিত্তিক খরচ	...	.	২২৲
	মোট	...	২৬৯।০
তিন মাসের	..	...	৮০৮।০
জনপ্রতি ১৲ টাকার হিসাবে ২৮ জনের কাপড়ের খরচ	...	...	২৮৲
থাকিবার স্থান মেরামতের খরচ ...	...	...	৫০৲
	মোট	...	৮৮৬।০

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ৮ আপ্রিল।—১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব, সাঁওতাল পরগনা জিলার সদর মহকুমার অন্তর্গত হেন্দওয়া তপপার সামিল কেন্দুয়া তালুকের জামজুরি আসনারি ও লেতা ও আমদিহা ও হেতবলওয়া গ্রামের ও সিলতা তালুকের বড় ও রণপাহিয়ার ও ধুলকাঠা ও থাককাঠা ও গঙ্গমারা ও সিতফুরি ও কাতা মন ও উর্ত্তারা ও রামারদও বড় গ্রামে, ও আমড়াপাহাড়ি তালুকের পনাসিয়া গ্রামে, ও মধুয়া তালুকের ধল-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১৯ এপ্রিল।]

Dhulkatha, Dhangakatha, Gangmara, Sitphuri, Kataen, Urtara, Ramdar, Bara in taluq Silta, Punasia in taluq Amra Pahari, Dhul Pathar, Sarai Pani, Bansberia in taluq Dudhua, Kana Pathur, Budhudih, Khargkhet, Bandarjuri, Phuljora, in taluq Sarmi, Mujaha, Murmula, Mangudih in taluq Nawada and Markunda in taluq Mahilla, all in Tappah Hendwa in the sudder sub-division district Sonthal Pergunnahs. The cost of the police force noted below will be assessed and levied from the residents of the said villages in proportion to their respective means :—

		Rs.	A.	P.
1 Head-constable of 2nd grade on Rs. 20 per mensem	...	20	0	0
1 Ditto of 4th ,, on ,, 10 ditto	...	10	0	0
20 Constables of 4th ,, on ,, 6 each ...	...	120	0	0
		150	0	0
Pension charges at 2 annas per rupee ...	...	18	12	0
Contingent charges at 10 per cent. ...	...	15	0	0
Total	...	183	12	0
For three months	...	551	4	0
Clothing allowance of 22 men at Re. 1 each ...	...	22	0	0
Repairs to quarters	...	50	0	0
Total	...	623	4	0

HORACE A COCKERELL,
Secy to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT.—BENGAL.

ESTABLISHMENT.

The 7th April 1881.

No. 20.—*Notification.*—The services of Mr. F. Lepper, Assistant Engineer, Second Grade, Cossye Division, are temporarily placed at the disposal of the Education Department for employment in the Seebpore College with effect from the 7th April 1881.

H. C. LEVINGE,
Secy. to the Govt. of Bengal,
P. W. Dept.

ESTABLISHMENT.

The 9th April 1881.

No. 21.—*Leave.*—Mr. W. B. Gwyther, Assistant Engineer, Second Grade, 1st Calcutta Division, is granted privilege leave for three months, under Section 13, Supplement F of the Civil Leave Code.

No. 22.—Mr. J. A. Campbell, Executive Engineer, Fourth Grade (temporary rank), Darjeeling Division, is granted three months' leave to study the native language, under Chapter II, Section 2, paragraph 27 of the Public Works Code.

S. T. TREVOR, *Lieut.-Col.*, R.E.,
Joint-Secy to the Govt. of Bengal,
P. W. Dept.

ESTABLISHMENT.

The 9th April 1881.

No. 23.—*Leave.*—Mr. E. C. Elliot, Assistant Engineer, Second Grade, Tirhoot State Railway, is granted one month's privilege leave from the 8th January to 7th February 1881, both days inclusive.

[*Government Gazette,* 19*th April* 1881.]

পাতর ও সরাইপানি ও বাঁশবেড়িয়া গ্রামে, ও সাবনি তালুকের কাদাপাথর ও বধুডিহ ও খড়্গক্ষেত ও বান্দারজুড়ি ও ফুলযোড়া গ্রামে, ও নওয়াদ তালুকের মাজাহা ও মর্মলা ও মাঙ্গডিহ গ্রামে, ও মহিলা তালুকের মার্কা গ্রামে দ্বিতীয় শ্রেণীর এক জন হেড কনষ্টাবল ও চতুর্থ শ্রেণীর এক জন হেড কনষ্টাবল ও ২০ জন কনষ্টাবলের এক বিশেষ পোলীস ১৮৮১ সালের ১ আপ্রিল অবধি তিন মাসের জন্যে নিযুক্ত থাকিবার অনুমতি করিলেন। উক্ত পোলীস দলের নিম্নলিখিত খরচ উক্ত সকল গ্রামবাসিদের অবস্থানুসারে হারহারীমতে ধার্য্য হইয়া তাঁহাদের স্থানে আদায় করা যাইবে।

			টাকা।
মাসে ২০৲ করিয়া দ্বিতীয় শ্রেণীর ১ জন হেড কনষ্টাবল	...	...	২০৲
,, ১০৲ ,, চতুর্থ ,, ,, ,,	...	...	১০৲
প্রত্যেক ৬৲ ,, চতুর্থ ,, ২০ জন কনষ্টাবল	...	...	১২০৲
			১৫০৲
পেন্সন্যনের উপলক্ষে টাকায় ৵০ আনার হিসাবে	...	...	১৮৸০
শতকরা ১০৲ টাকার হিসাবে নৈমিত্তিক খরচ	...	...	১৫৲
	মোট	...	১৮৩৸০
তিন মাসের	...	...	৫৫১।০
প্রত্যেকে ১৲ টাকার হিসাবে ২২ জনের কাপড়ের খরচ	...	...	২২৲
থাকিবার স্থান মেরামতের	...	...	৫০৲
	মোট	...	৬২৩।০

এবেস. এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্তা বিষয়ক।

১৮৮১ সাল ৭ আপ্রিল।

১০ নম্বর।—বিজ্ঞাপন।—তৃতীয় খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এফ. লেপ্পর সাহেব ১৮৮০ সালের ৭ আপ্রিল অবধি শিবপুর কালেজে নিযুক্ত হইবার জন্যে কিয়ৎকালের নিমিত্ত শিক্ষা সংক্রান্ত কার্য্য বিভাগের অধীনে সংস্থাপিত হইলেন।

এচ, সি, লেবিঞ্জ,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

সিরিশ্তা বিষয়ক।

১৮৮১ সাল ৯ আপ্রিল।

২১ নম্বর।—ছুটী।—কলিকাতার প্রথম খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, বি, গয়থর সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর E চিহ্নিত পরিশিষ্ট বিধির ১৩ ধারামতে তিন মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

২২ নম্বর।—দার্জিলিঙ্গ খণ্ডের কিয়ৎকালীন চতুর্থ শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এ, কাম্বেল সাহেব দেশীয় ভাষাভ্যাস করণার্থে পবলিক ওর্কস বিধি পুস্তকের দ্বিতীয় অধ্যায়ের ২ পরিচ্ছেদের ২৭ ধারামতে তিন মাসের ছুটী পাইলেন।

এস, টি, ট্রেবর, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

সিরিশ্তা বিষয়ক।

১৮৮১ সাল ৯ আপ্রিল।

২৩ নম্বর।—ছুটী।—ত্রিহুত ষ্টেট রেলওয়ের দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই, সি, এলিয়ট সাহেব, ১৮৮১ সালের ৮ জানুয়ারি অবধি ৭ ফেব্রুয়ারি পর্য্যন্ত এক মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ১৯ আপ্রিল।]

No. 24.—*Notification.*—With reference to Notification No. 218 of the 19th ultimo, Mr. B. Baxter, Assistant Engineer, First Grade, joined the Northern Bengal State Railway on the afternoon of the 4th instant.

No. 25.—*Leave.*—Mr. F. M. S. Douglas, Assistant Engineer, First Grade, Arrah Division, is granted furlough on medical certificate for eight months and subsidiary leave for twelve days under Sections 21 and 35 of the Civil Leave Code.

No. 26.—*Notification.*—With reference to Notification No. 69 of the 21st ultimo, Mr. R. B. Buckley, Executive Engineer, Second Grade, took over charge of the Buxar Division from Captain A. D. McArthur, R.E., Executive Engineer, on the afternoon on the 1st instant.

No. 27.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for resectioning and strengthening the Bhagiruttee embankment, in the villages of Koolgachi, pergunnah Beizemla, Chamakpoor, Moishadal and Illempoor, pergunnah Goash, and Fatehpoor, Moya and Chintamoni pergunnah Keotoonpoor, zillah Moorshedabad, it is hereby declared that for the above purpose two strips of land running on both sides parallel to and close to the embankment, between the villages of Koolgachi Chamakpoor, Moishadal, Illempoor, Futehpoor, Moya and Chintamoni measuring, more or less, 196 beeghas 6 cottahs and 3 chittacks of standard measurement, are required within the aforesaid villages. The southern strip will be of average width of 59 feet, and bounded on the north by the line of south berm of embankment, and the northern strip will be of average width of 60 feet, and bounded on the south by the northern berm line of embankment.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

No. 28.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that and is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for extra lands taken up at Lock No. 13 of Arrah Canal, it is hereby declared that for the above purpose a piece of land measuring about 370 feet in length and varying from 8 to 57 feet in width, and containing an area of 1 rood and 15 poles, more or less, is required in the village of Pararyasomarya, pergunnah Arrah, in the district of Shahabad.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

The 12th April 1881.

No. 29.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for the terminal station of the Darjeeling Steam Tramway Company within the town boundaries of Darjeeling in the district of Darjeeling, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 2 acres 1 rood 12 poles of standard measurement, bounded on the north by the road leading from the Bazaar to the Victoria road and the school boundary, on the south, east and west by Beechwood Park, is required within the aforesaid district of Darjeeling.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

H. C. LEVINGE,
Secy. to the Govt. of Bengal,
in the P. W. Dept.

[*Government Gazette,* 19*th April* 1881.]

২৪ নম্বর।—বিজ্ঞাপন।—গত মাসের ১৯ তারিখের ২১ নং বিজ্ঞাপনানুসারে প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বি, বাক্লটন সাহেব এই মাসের ৪ তারিখে বঙ্গদেশের উত্তর দিকের ষ্টেট রেলওয়েতে কর্ম্ম গ্রহণ করিলেন।

২৫ নম্বর।—ছুটী।—আরা খণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এফ, এম, এল, ডগলাস সাহেব চিকিৎসকের সার্টিফিকেট ক্রমে আট মাসের নিয়মিত ছুটী এবং তাহার সহিত বিদেশে ছুটীর বিধির ২১ ও ৩১ ধারামতে ৩ বার দিনের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

২৬ নম্বর।—বিজ্ঞাপন।—গত মাসের ২১ তারিখের ৬১ নং বিজ্ঞাপনানুসারে দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত আর, বি, বকলে সাহেব এই মাসের ৩ তারিখে অপরাহ্নে একসেকিটিব ইঞ্জিনিয়র কাপ্তান শ্রীযুত এ, ডি, মাকগার্থর, আর, ই, সাহেবের স্থানে আরা খণ্ডের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

২৭ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ মুর্শিদাবাদ জিলার অন্তর্গত বেড়-ডোমকল পরগনার কুলগাছী এবং গোয়াস পরগনার চমকপুর ও মহিষাদল ও ইসলামপুর এবং কঙ্কুনপুর পরগনার ফতেহপুর ও ময়া ও চিন্তামণি গ্রামে ভাগীরথীর বাঁধ পুনঃস্থাপন করিবার অর্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত সকল গ্রামে অর্থাৎ কুলগাছী ও চমকপুর ও মহিষাদল ও ইসলামপুর ও ফতেহপুর ও ময়া ও চিন্তামণি গ্রামের মধ্যে উক্ত বাঁধের উভয় পার্শ্বে সমান্তরাল ও নিকট পাশি বর্ত্তিমতে ন্যূনাধিক ৯৬।১৮ ছটাক পরিমিত দুই খণ্ড ভূমির প্রয়োজন।

দক্ষিণ দিকের ভূমি খণ্ড গড়ে ৫৯ ফুট প্রস্থ হইবে, তাহার উত্তর সীমা বাঁধের দক্ষিণ ধার। উত্তর দিগের ভূমি খণ্ড গড়ে ৬০ ফুট প্রস্থ তাহার দক্ষিণ সীমা বাঁধের উত্তর ধার।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

২৮ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ আরা খালের ১৩ নং কবাটের নিমিত্ত গৃহীত অতিরিক্ত ভূমির জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহাবাদ জেলার অন্তর্গত আরা পরগনার পারাবিশা মৌজার গ্রামে প্রায় ৩৭০ ফুট দীর্ঘ ও ৮ অবধি ৫৭ ফুট পর্য্যন্ত প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ১ রুড ১১ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

১৮৮১ সাল ১২ আপ্রিল।

২৯ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ দার্জিলিং জিলার অন্তর্গত দার্জিলিং নগরের সীমার মধ্যে দার্জিলিং ষ্টীম ট্রামওয়ে কোম্পানির অস্থায়ী ষ্টেশনের জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত দার্জিলিং জেলার কমিমতে ন্যূনাধিক ২ একর ১ রুড ১২ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা বাজার অবধি ভিক্টোরিয়ার পথ পর্য্যন্ত গাম পথ ও স্কুলের সীমা, দক্ষিণ ও পূর্ব্ব ও পশ্চিম সীমা বিউড বাগান।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ সি, লেভিঞ্জ,
পাবলিক ওর্কস ডেপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 26, 1881.

মঙ্গলবার ১৮৮১ সাল ২৬ আপ্রিল।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 2026A

GENERAL.—*The* 13*th April* 1881.—Mr. H. L. Harrison, Secretary to the Board of Revenue, is appointed to act as Commissioner of Police, Calcutta, and Chairman of the Corporation of the Town of Calcutta, during the absence, on leave, of Mr W M. Souttar, or until further orders.

Mr. H J. S Cotton, Officiating Magistrate and Collector, Hooghly, is appointed to act as Secretary to the Board of Revenue, during the absence, on deputation, of Mr. H. L. Harrison, or until further orders.

Mr C. C Quinn, Joint-Magistrate and Deputy Collector, Patna, is appointed to act, until further orders, as Magistrate and Collector of Hooghly

The 14*th April* 1881.—Baboo Gouri Sunker Biswas, Deputy Magistrate and Deputy Collector, Mozufferpore, having resumed charge of his duties on the forenoon of the 28th ultimo, the unexpired portion of the leave granted to him under the orders of the 21st January last, is cancelled.

Baboo Tarini Sunker Roy, Deputy Magistrate and Deputy Collector, Dacca, is allowed leave for one month, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself of it

The 16*th April* 1881.—Baboo Gopal Chunder Mitter, Deputy Magistrate and Deputy Collector, Maunbhoom, having resumed charge of his duties on the afternoon of the 29th ultimo, the unexpired portion of the leave granted to him under the orders of the 26th February last, is cancelled

Baboo Dwarka Nath Bose, Sub Deputy Collector, Julpigorie, is transferred to Bogra, with effect from the 8th ultimo

The 18*th April* 1881.—Mr. J Whitmore, Joint-Magistrate and Deputy Collector, is appointed to act as District and Sessions Judge of Nuddea, during the absence, on leave, of Mr. P. D Dickens, or until further orders.

Mr J. F Bradbury, Officiating District and Sessions Judge, Dacca, is appointed to act, until further orders, as District and Sessions Judge of Furreedpore, *vice* Mr. C. D. C. Winter, deceased

This cancels the orders of the 11th instant appointing Mr Bradbury to act as District and Sessions Judge of Nuddea

The 19*th April* 1881.—Mr W D Blyth, Officiating Under-Secretary to the Government of Bengal, Judicial, Political, and Appointment Departments, is allowed leave for one month, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 22nd instant, or from such subsequent date as he may avail himself of it

Baboo Iswer Chunder Mitter, Deputy Magistrate and Deputy Collector, Hooghly, is transferred to the sudder station of the district of the 24-Pergunnahs.

This cancels the orders of the 7th instant, transferring Baboo Isser Chunder Mitter to Beerbhoom.

Baboo Bhoobun Mohun Raha, Deputy Magistrate and Deputy Collector, Diamond Harbour, 24-Pergunnahs, is transferred to Beerbhoom

Baboo Bemola Churn Bhuttacharjee, Deputy Magistrate and Deputy Collector, on special duty in Gya, is posted to the sudder station of the district of Hooghly.

The services of Baboo Tarun Chunder Sircar, Deputy Magistrate and Deputy Collector, Nuddea, are placed temporarily at the disposal of the Census Commissioner for employment on special duty

This cancels the orders of the 18th ultimo, granting Baboo Tarun Chunder Sircar privilege leave for three months.

Moulvi Syed Tujjummul Ali, Deputy Magistrate and Deputy Collector, Pubna, is allowed leave for three months under the rules in Chapter VII of the Civil Leave Code.

[*Government Gazette*, 26*th April* 1881.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

২০২৬ A নম্বর

সাধারণ।—১৮৮১ সাল ১৩ আপ্রিল।—শ্রীযুত ডবলিউ, এম, স্কুইন্স সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি-কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, রেবিনিউ বোর্ডের সেক্রেটরী শ্রীযুত এস, এল, হ্যারিসন সাহেব কলিকাতার পোলীসের কমিশ্যনরের ও কলিকাতানগরের সম্বন্ধীয় সমাজের সভাপতির কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এস, এল, হ্যারিসন সাহেবের অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, হুগলীর একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ, জে, এস, কটন সাহেব রেবিনিউ বোর্ডের সেক্রেটরীর কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

পাটনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, সি, কুইন সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয়, হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮১ সাল ১৪ আপ্রিল।—মজঃফরপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গৌরী-শঙ্কর বিশ্বাস গত মাসের ২৮ তারিখের পূর্ব্বাহ্নে আপন কর্ম্মের ভার পুনগ্রহণ করাতে গত জানুয়ারি মাসের ২১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারিণীশঙ্কর রায় যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এক মাসের ছুটী পাইলেন।

১৮৮১ সাল ১৬ আপ্রিল।—মানভূমের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোপাল-চন্দ্র মিত্র গত মাসের ২৯ তারিখের অপরাহ্নে আপন কর্ম্মের ভার পুনঃগ্রহণ করাতে গত ফেব্রুয়ারি মাসের ২৬ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

জলপাইগুড়ির সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দ্বারকানাথ বসু গত মাসের ৮ তারিখ অবধি বগুড়ায় প্রেরিত হইলেন।

১৮৮১ সাল ১৮ আপ্রিল।—শ্রীযুত পি, ডি, ডিকিন্স সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, উইটমোর সাহেব, নদীয়ার ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

সি, ডি, সি, উইণ্টর সাহেবের মৃত্যু হওয়াতে ঢাকার একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত জে, এফ, ব্রাডবরি সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয়, ফরীদপুরের ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

নদীয়ার ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করণার্থে শ্রীযুত ব্রাডবরি সাহেবের নিয়োগ বিষয়ক এই মাসের ১১ তারিখের আজ্ঞা এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮৮১ সাল ১৯ আপ্রিল।—জুডিশ্যল, পোলিটিকাল ও আপয়েণ্টমেণ্ট ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী শ্রীযুত ডবলিউ, ডি, ব্লাইথ সাহেব এই মাসের ২২ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এক মাসের ছুটী পাইলেন।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র মিত্র, ২৪ পরগনা জিলার সদর মোকামে প্রেরিত হইলেন।

শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র মিত্রকে বীরভূমে প্রেরণ বিষয়ক এই মাসের ৭ তারিখের আজ্ঞা এতদ্দ্বারা রহিত করা গেল।

২৪ পরগনার অন্তর্গত কলাগাছীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভুবনমোহন রায় বীরভূমে প্রেরিত হইলেন।

গয়ার বিশেষ কার্য্যে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বিমলাচরণ ভট্টাচার্য্য হুগলী জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারাচন্দ্র সরকার বিশেষ কার্য্যে নিযুক্ত হইবার জন্যে কিয়ৎকালের নিমিত্ত লোকসংখ্যা গ্রহণের কমিশনর সাহেবের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

শ্রীযুত বাবু তারাচন্দ্র সরকারকে তিন মাসের অনুগ্রহের ছুটী দেওন বিষয়ক গত মাসের ১৮ তারিখের আজ্ঞা এতদ্দ্বারা রহিত করা গেল।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী সৈয়দ তজম্মল আলি সিবিল কার্য্য-কারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৭ আপ্রিল।]

Mr. C. F Magrath, Officiating Magistrate and Collector of Rungpore, is allowed leave for one month, under the rules in Chapter VII of the Civil Leave Code, from such date as he may avail himself of it

Mr H G Sharp, Joint-Magistrate and Deputy Collector, Rajshahye, is appointed to act as Magistrate and Collector of Rungpore, during the absence, on leave, of Mr C. F Magrath, or until further orders

REGISTRATION.—*The 16th April* 1881.—Mr J F Harrison, Officiating First Inspector of Registration Offices, is allowed leave for forty-two days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the afternoon of the 19th instant.

Baboo Hem Chunder Kerr, Second Inspector of Registration Offices, is appointed in addition to his own duties, to act as First Inspector of Registration Offices, during the absence, on leave, of Mr J. F. Harrison, or until further orders.

The 18th April 1881.—Baboo Rajendra Nath Ghosh, Deputy Magistrate and Deputy Collector, Julpigoree, is appointed to be also Sub-Registrar of that station with effect from the 2nd December last

Baboo Prankrishna Rai, Deputy Magistrate and Deputy Collector, Cuttack, is appointed to be also Sub-Registrar of that station, with effect from the 20th December last.

The 19th April 1881.—Moonshi Mohamed Hossein, who, was under orders of the 1st June 1880 appointed on probation to be Rural Sub-Registrar of Puttiya in the district of Rajshahye, is confirmed in the appointment

The Moonsif of Palamow, in the district of Lohardugga, is appointed to be *ex-officio* Sub-Registrar of Palamow.

EDUCATION.—*The 18th April* 1881.—Mr. W. Booth, Professor, Presidency College, is appointed to act, until further orders, in the Third Class of the Bengal Educational Service, with effect from the 11th ultimo, *vice* Mr A. E. Gough.

MEDICAL.—*The 11th April* 1881.—The following gentlemen are appointed to be Members of the Committee for the management of the Charitable Dispensary at Takee in the district of the 24-Pergunnahs —

Baboo Sharada Charn Rai Chowdhry, Zemindar.

,, Deno Nath Ghose, a Commissioner of the Takee Municipality.

The services of Assistant Surgeon Aushoke Krishna Shaha, a supernumerary at the Presidency, are placed at the disposal of the Government of India in the Home, Revenue and Agricultural Department

The 18th April 1881.—Under the power vested in him by Section 2, Act VIII (B.C.) of 1880, the Bengal Contagious Diseases (Animals) Act, the Lieutenant-Governor appoints the following gentlemen to be Veterinary Surgeons for the purposes of the said Act in the town of Calcutta —

Dr. Thomas Greenhill, M D, M. R. C. V. S. L.

,, F. F. Woolcott, M. R. C. V. S. L.

Surgeon G F A. Harris is appointed to act as Civil Surgeon of Backergunge, during the absence, on deputation, of Dr. L Cameron, or until further orders.

MUNICIPAL.—*The 11th April* 1881.—The following gentlemen are appointed to be Commissioners of the Moheshpore Municipality in the district of Nuddea :—

Baboo Bipra Das Rai Choudhuri.
,, Jugul Kishore Rai Choudhuri.
Baboo Sarut Kumar Rai Choudhuri.
Moonshi Afsaruddin Khan Choudhuri.
Baboo Bipra Das Mookerjee.

Baboo Jati Prosad Mukerjee, Zemindar, is appointed to be a Commissioner of the Municipality of Beernagar in the district of Nuddea.

Baboo Behary Lall Pundit is appointed to be a Commissioner of the Cuttack Municipality, *vice* Baboo Kanya Lall Pundit, deceased.

The Lieutenant-Governor approves the re election, by the Commissioners of the Bussirhat Municipality, of Baboo Kunja Behary Chattorji to be Vice-Chairman of that Municipality for the year 1881-82.

[*Government Gazette, 26th April* 1881.]

রঙ্গপুরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি, এফ, মাগ্রাথ সাহেব, যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এক মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত সি, এফ, মাগ্রাথ সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, রাজশাহীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, জি, শার্প সাহেব রঙ্গপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রেজিষ্টরী করণবিষয়ক।—১৮৮১ সাল ১৯ আপ্রিল।—রেজিষ্টরী করণ সংক্রান্ত কার্য্যালয় সমূহের একটিং প্রথম ইনস্পেক্টর শ্রীযুত জে, এফ, হারিসন সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এই মাসের ১৯ তারিখ অবধি বিয়াল্লিশ দিনের ছুটী পাইলেন।

শ্রীযুত জে, এফ, হারিসন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় রেজিষ্টরীকরণ সংক্রান্ত কার্য্যালয় সমূহের দ্বিতীয় ইনিস্পেক্টর শ্রীযুত বাবু হেমচন্দ্র কর আপন কর্ম্মাতিরিক্ত রেজিষ্টরী করণ সংক্রান্ত কার্য্যালয় সমূহের প্রথম ইনিস্পেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮১ সাল ১৮ আপ্রিল।—জলপাইগুড়ির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাজেন্দ্রনাথ ঘোষ গত ডিসেম্বর মাসের ২ তারিখ অবধি উক্ত মোকামে সব-রেজিষ্ট্রারের পদেও নিযুক্ত হইলেন।

কটকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রানকৃষ্ণ রায় গত ডিসেম্বর মাসের ২০ তারিখ অবধি উক্ত মোকামের সব-রেজিষ্ট্রারের পদেও নিযুক্ত হইলেন।

১৮৮১ সাল ১৯ আপ্রিল।—১৮৮০ সালের ১ জুনের আজ্ঞাক্রমে রাজশাহী জিলার অন্তর্গত পুঁটিয়ার পরীক্ষার্থে গ্রাহ্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত শ্রীযুত মুনশী মহম্মদ হুসেন, সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

লোহারডাগা জিলার অন্তর্গত পালামৌয়ের মুনসেফ স্বীয় পদোপলক্ষে পালামৌয়ের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

শিক্ষা বিষয়ক।—১৮৮১ সাল ১৮ আপ্রিল।—শ্রীযুত এ, ই, গফ সাহেবের পরিবর্ত্তে প্রেসিডেন্সী কালেজের অধ্যাপক শ্রীযুত ডবলিউ, বুথ সাহেব গত মাসের ১১ তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয় বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের তৃতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

চিকিৎসা বিষয়ক।—১৮৮১ সাল ১৪ আপ্রিল।—নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলার অন্তর্গত টাকীর দাতব্য ঔষধালয়ের কার্য্যনির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

জমীদার শ্রীযুত বাবু শারদাচরণ রায় চৌধুরী।
টাকী মুনিসিপালিটীর কমিশ্যনর শ্রীযুত বাবু দীননাথ ঘোষ।

রাজধানীতে অতিরিক্ত আসিস্টান্ট সর্জন শ্রীযুত অশোককৃষ্ণ শাহা হোম, রাজস্ব ও কৃষিকার্য্য সম্পর্কীয় কার্য্যবিভাগে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

১৮৮১ সাল ১৮ আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি বঙ্গদেশীয় (পশুদের) সংক্রামক রোগ বিষয়ক ১৮৮০ সালের ৮ আইনের ২ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে, তদনুসারে তিনি, কলিকাতা নগরে উক্ত আইনের কার্য্য পক্ষে নিম্নলিখিত মহাশয়দিগকে অশ্ব চিকিৎসকের পদে নিযুক্ত করিলেন।

ডাক্তর শ্রীযুত টামস গ্রিনহিল সাহেব, এম, ডি, ও এম, এফ, সি, বি, এস, এল।
" " এফ, এফ, উলকট সাহেব, এম, এফ, সি, বি, এস, এল।

রাজকার্য্যোপলক্ষে ডাক্তর শ্রীযুত এল, কামিরন, সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, সর্জন শ্রীযুত জি, এফ, এ, হারিস সাহেব বাকরগঞ্জের সিবিল চিকিৎসকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

মুনিসিপল বিষয়ক।—১৮৮১ সাল ১৪ আপ্রিল।—নিম্নলিখিত মহাশয়েরা নদীয়া জিলার অন্তর্গত মহেশপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু বিপ্রদাস রায় চৌধুরী। | শ্রীযুত বাবু শরৎকুমার রায় চৌধুরী।
" " যুগলকিশোর রায় চৌধুরী। | " মুনশী আনসরুদ্দীন খাঁ চৌধুরী।
শ্রীযুত বাবু বিধুদাস মুখোপাধ্যায়।

জমীদার শ্রীযুত বাবু যতিপ্রসাদ মুখোপাধ্যায় নদীয়া জিলার অন্তর্গত বীরনগর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

বাবু কানাইলাল পণ্ডিতের মৃত্যু হওয়াতে শ্রীযুত বাবু বেহারীলাল পণ্ডিত কটক মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

বশীরহাট মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু কুঞ্জবিহারী চট্টোপাধ্যায়কে ১৮৮১।৮২ সালের নিমিত্তে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৬ আপ্রিল।]

The 16th April 1881.—The following gentlemen are re-appointed to be Commissioners of the Suburban Municipality:—

Baboo Juggodanund Mookerjie.
,, Jadu Lall Mullick.
Prince Nasiruddin Hyder.
Pundit Pran Nath Sarasutty.
Shahzada Mahomed Wahajuddin.

Road Cess.—*The 19th April* 1881.—The Collector of Sarun and the Sub-divisional Officer of Sewan are appointed to be Chairman and Vice-Chairman respectively of the Branch Road Cess Committee of Sewan.

Mr. G. G. Dey, Joint-Magistrate and Deputy Collector, is appointed to be Vice-Chairman of the District Road Cess Committee of Monghyr.

Mr. W. H Irvine, Manager, Bholahat Silk Factory, is appointed to be a Member of the District Road Cess Committee of Maldah, *vice* Mr. G. Rice, resigned.

Horace A. Cockerell,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 18th April 1881.—The Lieutenant-Governor is pleased to appoint the following gentlemen to form a Branch Road Cess Committee at Gopalgunge in the district of Sarun:—

1. The Magistrate of the district, Chairman, *ex-officio.*
2. The Sub-divisional Officer of Gopalgunge, Vice-Chairman, *ex-officio.*
3. The Assistant Engineer, Sarun Irrigation Scheme, Member, *ex-officio.*
4. Baboo Bhubaneshwar Dutt, Manager, Hutwa Raj.
5. Mr M. Buskin, Assistant Manager, Hutwa Raj.
6. ,, D. Reid, Indigo-planter.
7. Baboo Kali Prosad Narain Sing, Zemindar.
8. ,, Rughoonundun Sing, ditto.
9. ,, Oudh Lall, ditto.
10. Mr. W. P. Adlcan, Manager of Baboo Sridhur Sahi, Zemindar.

(Nos. 4–10: Members.)

2. The Branch Committee shall exercise the powers conferred and discharge the duties imposed upon them by the Bengal Cess Act, 1880, within the sub-division of Gopalgunge.

Colman Macaulay,
Offg. Secy. to the Govt of Bengal.

NOTICE

The 16th April 1881.—Notice is hereby given that in the exercise of the powers vested in him by Section 5, Act VIII (B.C.) of 1880, the Bengal Contagious Diseases (Animals) Act, the Lieutenant-Governor has made the following rules in relation to the matters therein referred to:—

Rules under Section 5, Act VIII (B C.) of 1880.

A hospital for the examination and detention of horses affected with disease shall be established under the direction of the Commissioner of Police in the compound of Park Street thana at a proper distance from the enclosures and buildings used for the reception of impounded cattle.

2. The Inspector attached to the Park Street thana shall be the officer in charge of the hospital. Subject to his control, the pound mohurrir shall carry on all duties connected with the hospital, receiving such special allowance as may be fixed from time to time.

3. The owner of any horse detained in such hospital shall be required to pay such charges as would be leviable if the horse were confined in the pound. In addition, the sum of Rs. 2 shall be charged for the disposal of the carcass of each horse. Such charges shall be recovered in the manner prescribed in section 9 of the Act.

4. The carcasses of horses affected with disease shall be conveyed for burial to Dhappa.

[*Government Gazette, 26th April* 1881.]

১৮৮১ সাল ১৬ আপ্রিল।—নিম্নলিখিত মহাশয়েরা শাখানগর মুনিসিপালিটীর কমিশানরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু জগদানন্দ মুখোপাধ্যায়।	শ্রীযুত শাহাজাদা নসিরুদ্দীন হয়দর।
„ „ যদুলাল মল্লিক।	„ পণ্ডিত প্রাণনাথ সরস্বতী।

শ্রীযুত শাহাজাদা মহম্মদ ওয়াহাজুদ্দীন।

পথকর বিষয়ক।—১৮৮১ সাল ১৯ আপ্রিল।—সারণের কালেকটর সাহেব ও সেওয়ান মহকুমার কর্ত্তৃপক্ষ ক্রমান্বয়ে সেওয়ানের শাখাপথকর কমিটীর সভাপতি ও প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জি, জি, ডে সাহেব মুঙ্গের জিলার পথকর কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত জি, রাইস সাহেব কর্ম্ম ত্যাগ করাতে ভোলাহাট রেশম কুঠীর কার্য্যাধ্যক্ষ শ্রীযুত ডবলিউ, এচ, অর্ব্বিন সাহেব মালদহ জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৮ই আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নিম্নলিখিত মহাশয়দিগকে সারণ জিলার অন্তর্গত গোপালগঞ্জস্থ শাখা পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত করিলেন।

১। জিলার মাজিষ্ট্রেট সাহেব, স্বীয় পদোপলক্ষে সভাপতি।
২। গোপালগঞ্জ মহকুমার কর্ত্তৃপক্ষ স্বীয় পদোপলক্ষে প্রতিনিধি সভাপতি।
৩। সারণের জলসেচন কার্য্যের আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র, স্বীয় পদোপলক্ষে, মেম্বর।

৪। হাটওয়া রাজের কার্য্যাধ্যক্ষ শ্রীযুত বাবু ভুবনেশ্বর দত্ত,	মেম্বর
৫। হাটওয়ার রাজের সহকারি কার্য্যাধ্যক্ষ শ্রীযুত এম, রস্কিন, সাহেব,	
৬। নীলকর শ্রীযুত ডি, রিড সাহেব,	
৭। জমীদার শ্রীযুত বাবু কালীপ্রসাদ নারায়ণ সিংহ,	
৮। „ „ „ রঘুনন্দন সিংহ,	
৯। „ „ „ অযোধ্যালাল,	
১০। „ „ „ শ্রীধর শাহীর কার্য্যাধ্যক্ষ শ্রীযুত ডবলিউ, পি, আডলীন সাহেব,	

২। শাখা কমিটী গোপালগঞ্জ মহকুমার মধ্যে বঙ্গদেশীয় কর বিষয়ক ১৮৮০ সালের আইনক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য ও যেহ কার্য্য ভার অর্পিত হইয়াছে তাহা সম্পাদন করিবেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৬ আপ্রিল।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি বঙ্গদেশীয় পশুদের সংক্রামক রোগ বিষয়ক ১৮৮০ সালের ৮ আইনের ৫ ধারাক্রমে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি তদুল্লিখিত বিষয় সম্পর্কীয় নিম্নলিখিত বিধি প্রণয়ন করিলেন।

১৮৮০ সালের বঙ্গীয় ৮ আইনের ৫ ধারামত বিধি।

পোলীসের কমিশ্যনর সাহেবের আদেশমতে পীড়িত সকল ঘোড়ার পরীক্ষা করিবার ও তাহা-দিগকে আটক রাখিবার জন্যে, পার্ক ষ্ট্রীটের থানার হাতায খোঁয়াড়িতে বদ্ধ পশু গ্রহণার্থ যে ঘেরাস্থান ও বাড়ীর ব্যবহার হইতেছে তাহাহইতে যত দূর উচিত তত দূরে এক হাস্পাতাল স্থাপিত হইবে।

২। পার্ক ষ্ট্রীট থানায় নিযুক্ত ইনস্পেক্টর উক্ত হাস্পাতালের কার্য্যভার গ্রহণের কর্ত্তৃপক্ষ হইবেন। তাঁহার কর্ত্তৃত্বাধীনে খোঁয়াড়ির মহুরীর হাস্পাতাল সংক্রান্ত সমস্ত কার্য্য করিবেন ও সময়ে২ তাঁহার যে বিশেষ বেতন ধার্য্য হয় তিনি তাহাই লইবেন।

৩। ঘোড়া খোঁয়াড়িতে বদ্ধ হইলে যে খরচ লাগিত উক্ত হাস্পাতালে বদ্ধ কোন ঘোড়ার স্বামির সেই খরচ দিতে হইবে। তদ্ভিন্ন প্রত্যেক মরা ঘোড়া ফেলাইবার জন্যে আর দুই টাকা খরচ লাগিবে। এই খরচ আইনের ৯ ধারার নির্দ্দিষ্টমতে আদায় করা যাইবে।

৪। পীড়িত ঘোড়ার মৃত দেহ পুড়িয়া ফেলিবার জন্যে ধাপায় লইয়া যাইতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৬ আপ্রিল।]

5. The Commissioner and Deputy Commissioner of Police shall be the officers appointed to supervise all operations under this Act in the Town and Suburbs of Calcutta.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 18*th April* 1881.—In exercise of the powers conferred on him by Section 1, paragraph 1 of Act V (B.C.) of 1880, "The Bengal Vaccination Act," the Lieutenant-Governor hereby declares his intention to extend the provisions of the said Act to the Municipality of Hooghly and Chinsurah.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 14*th April* 1881.—In exercise of the power conferred on him by section 320, Act V (B.C.) of 1876, the Lieutenant-Governor extends, with effect from the 1st April 1881, the provisions of Chapter III of the said Act to the Khurruckpore Bazar in the district of Monghyr, including all the premises situated in the said bazar and the roads and streets passing through it. The Union is bounded on the north by the river Mun, west by the Gungta road, south by the Mozufferpore irrigation canal, and east by the Tarapur and Rajgunge cart-track.

COLMAN MACAULAY,
Offg. Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 2027A.

The 14*th April* 1881.—Baboo Gopee Krishna Lall, temporary Sub-Deputy Collector, Soopool, Bhagulpore, is vested with the powers of a Magistrate of the Third Class.

The 16*th April* 1881.—Baboo Purna Chandra De, B.L., is appointed to act as a Moonsif in the district of the 24-Pergunnahs, and to be ordinarily stationed at Diamond Harbour, during the absence, on deputation, of Mr. Abinash Chunder Mitter, or until further orders.

The 18*th April* 1881.—The Lieutenant-Governor has accepted the resignation tendered by Baboo Ashootosh Chatterjee of his appointment of Honorary Magistrate in the district of Tipperah.

The 19*th April* 1881.—Baboo Surat Chunder Mookerjee, M.A., B.L., Moonsif of Brahmunbariah, in the district of Tipperah, is appointed to act as a Moonsif in the district of the 24-Pergunnahs, and to be ordinarily stationed at Baraset, during the absence, on leave, of Baboo Uma Churn Dutt, or until further orders.

Moulvi Abul Munsoor, Moonsif of Serajgunge, in the district of Pubna, is appointed to act, until further orders, as a Moonsif in the district of Mymensingh, and to be ordinarily stationed at Bazitpore.

This cancels the orders of the 28th ultimo, appointing him to be Moonsif of Dewangunge in the district of Noakholly.

LEAVE OF ABSENCE TO MOONSIFS.—*The* 6*th April* 1881.—Baboo Khetter Mohun Mookerjee, Second Moonsif of Bussirhaut, in the district of the 24-Pergunnahs, has been allowed leave of absence for 15 days, under Sections 4 and 16-1, Supplement F of the Civil Leave Code, in extension of that already granted to him on the 21st March 1881.

The 12*th April* 1881.—Baboo Umma Churn Dutt, First Moonsif of Baraset, in the district of the 24-Pergunnahs, has been allowed 15 days' leave, under Section 43-1 of the Civil Leave Code, with effect from the 18th April 1881, or from such date as he may avail himself of it.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette,* 26*th April* 1881.]

৫। পোলীসের কমিশ্যনর ও ডেপুটী কমিশ্যনর কলিকাতা নগরে ও শাখানগরে এই আইনমত সকল কার্য্যচয়নের তত্ত্বাবধারণার্থ কর্তৃপক্ষের পদে নিযুক্ত হইলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৮ আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি বঙ্গদেশে গোবীজে টিকা দান বিষয়ক ১৮৮০ সালের ৫ আইনের ১ধারার ১ দফামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি হুগলী ও চুঁচড়া মুনিসিপালিটীতে উক্ত আইনের বিধান এতদ্দ্বারা প্রচলিত করিবার অভিপ্রায় ব্যক্ত করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১৪ আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩২০ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি, উক্ত আইনের তৃতীয় অধ্যায়ের বিধান ১৮৮১ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি মুঙ্গের জিলার অন্তর্গত খরকপুর বাজারে যত বাড়ী আছে ও যত রাস্তা ও পথ তন্মধ্য দিয়া যায় তাহা ধরিয়া উক্ত বাজারে প্রচলিত করিলেন। উক্ত গ্রাম সমাহারের উত্তর সীমা মন নদী, পশ্চিম সীমা গজতা পথ, দক্ষিণ সীমা মজফরপুর জলসেচনের খাল, ও পূর্ব্ব সীমা তারাপুর ও রাজগঞ্জের গরুর গাড়ী যাইবার পথ।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

২০২৭ A নম্বর।

১৮৮১ সাল ১৪ আপ্রিল।—ভাগলপুরের অন্তর্গত সুপুলের কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোপীকৃষ্ণলাল, তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮১ সাল ১৬ আপ্রিল।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত অবিনাশচন্দ্র মিত্রের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র দে, বি, এল, ২৪ পরগনা জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ কলাগাছীতে অবস্থাপিত হইলেন।

১৮৮১ সাল ১৮ আপ্রিল।—শ্রীযুত বাবু আশুতোষ চট্টোপাধ্যায় ত্রিপুরা জিলার অবৈতনিক মাজিষ্ট্রেট স্বরূপ স্বীয়পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

১৮৮১ সাল ১৯ আপ্রিল।—শ্রীযুত বাবু উমাচরণ দত্তের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ত্রিপুরা জিলার অন্তর্গত ব্রাহ্মণবাড়িয়ার মুনসেফ শ্রীযুত বাবু শ্যামাচন্দ্র মুখোপাধ্যায়, এম, এ, ও বি, এল, ২৪ পরগনা জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ বারাসতে অবস্থাপিত হইলেন।

পাবনা জিলার অন্তর্গত শেরাজগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল মনসুর, যাবৎ অন্য আজ্ঞা না হয়, ময়মনসিংহ জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ বাজিৎপুরে অবস্থাপিত হইলেন।

নওয়াখালী জিলার অন্তর্গত দেওয়ানগঞ্জের মুনসেফের কর্ম্ম করণার্থে তাঁহার নিয়োগ বিষয়ক গত মাসের ২৮ তারিখের আজ্ঞা এতদ্দ্বারা রহিত করা গেল।

মুনসেফদের ছুটী—১৮৮১ সাল ৬ আপ্রিল।—২৪ পরগনা জিলার অন্তর্গত বশীরহাটের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়, ১৮৮১ সালের ২১ মার্চের আজ্ঞা মতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ও ১৬—১ ধারামতে পনের দিনের ছুটী পাইলেন।

১৮৮১ সাল ১২ আপ্রিল।—২৪ পরগনা জিলার অন্তর্গত বারাসাতের প্রথম মুনসেফ শ্রীযুত বাবু উমাচরণ দত্ত, ১৮৮১ সালের ১৮ আপ্রিল অবধি অথবা তাহার পরে যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিধির ৪৩—১ ধারামতে পনের দিনের ছুটী পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮১। ২৬ আপ্রিল।]

NOTIFICATION.

The 12*th April* 1881.—Under Section 3, Act I (B.C.) of 1876 (an Act to provide for the voluntary registration of Mahomedan marriages and divorces), the Lieutenant-Governor has been pleased to grant a license to Syed Aftabuddin Ahmed authorizing him to register Mahomedan marriages and divorces, and to exercise the other functions of a Mahomedan Registrar within the police-station of Phulpore in the district of Mymensingh.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENT.

The 5*th April* 1881.

No. 6.—*Declaration*.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz. for the construction of a Railway from Ranaghat *vid* Jessore to Khoolna and from Bongong to Baraset, it is hereby declared that for the above purpose a strip of land about 117 miles in length with a width varying from 150 feet to 600 feet passing through the undermentioned villages in the districts of Nuddea, Jessore, and 24-Pergunnahs is required.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

Section Ranaghat to Khoolna—0 *to* 21.

Names of villages	Pergunnah	District	Names of villages	Pergunnah	District
Ranaghat	Sreenuggar		Doomurbasinee	Sreenuggar	
Sumnuggar			Ankurpoor	Ditto	
Magoorkhalee	Mamjoomnee		Nowadah	Ditto	
Soloon	Ditto		Mirzapoor	Ditto	
Tehregram	Sreenuggar		Burdhanbareah	Ditto	
Bagdangah	Ditto	Nuddea	Sanuckpoor	Ditto	Nuddea.
Gangnapoor	Ditto		Khamakulleah	Ditto	
Oojeerpookhareeah	Ditto		Gopaulnuggar	Ditto	
Doobley	Ditto		Sobharutunpoor	Ditto	
Majergram	Ditto		Sutbareah	Ditto	
Kamdebpoor	Ditto		Soondurpoor	Ditto	
Santeeany	Ditto		Poorana Bongong	Koosdoh	

Section Ranaghat to Khoolna—*Mile* 21 *to* 39.

Names of villages	Pergunnah	District	Names of villages	Pergunnah	District
Chugghurria	Joypoor		Kurrimany	Moolghur	
Peeruzpoor	Moolghur		Ramchunderpoor	Ditto	
Petrapole	Ditto		Ameeny	Ditto	
Auchra	Ditto		Ramchunderpoor	Ditto	
Chota Auchra	Ditto		Kalliany	Ditto	
Bhubarber	Ditto	Nuddea	Surrifpoor	Ditto	
Hooda Bijoyrampoor	Ditto		Fatooaparah	Ditto	
Kanguzpoor Khooria	Ditto		Soidparah	Ditto	Jessore
Permanundpoor	Ditto		Bemaily	Ditto	
Saursha	Ditto		Bamunally	Ditto	
Smnloogatchy	Ditto		Kaory	Mullickpore & Emadpore	
Booroos Bagaun	Ditto				
Nabhurun	Ditto	Jessore.	Poorunderpoor	Sodepore and Mullickpore	

Section Ranaghat to Khoolna—*Mile* 39 *to* 51

Names of villages	Pergunnah	District	Names of villages	Pergunnah	District
Mobarukpoor	Saidpore		Mundulghati	Emadpore	
Kitipoor	Ditto		Kholudinga	Ditto	
Mullickpoor	Ditto		Kharki	Ditto	
Lanjeni	Ditto		Chanchia	Ditto	
Megla	Emadpore		Sankarpoor	Ditto	
Moonpara		Jessore	Asannuggur	Ditto	Jessore.
Teghari	Emadpore		Mooralia	Ditto	
Dhopakhola	Ditto		Kajipoor	Ditto	
Doorgapoor	Ditto		Ramnuggar	Ditto	
Krishtenbati	Ditto		Shabati	Ditto	
Madiah	Ditto				

[*Government Gazette*, 26*th April* 1881.]

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ১২ আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব, মুসলমানদের বিবাহ ও তালাক এখ্তিয়ারমতে রেজিষ্টরী করিবার বিধান করণার্থে ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারামতে শ্রীযুত সৈয়দ আফতাবদ্দিন আহম্মদকে লাইসেন্স দিয়া ময়মনসিংহ জিলার অন্তর্গত ফুলপুর পোলীস থানার এলাকার মধ্যে মুসলমানদের বিবাহ ও তালাক রেজিষ্টরী করিবার ও মুসলমান রেজিষ্ট্রারের অন্যান্য ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতা দিলেন।

হরেস. এ. কক্রেণ,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিলশতা বিষয়ক।
১৮৮১ সাল ৫ আপ্রিল।

৬ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ রাণাঘাট হইতে যশোহর দিয়া খুলনা পর্য্যন্ত এবং বনগাঁহইতে বারাসৎ পর্য্যন্ত রেলওয়ে প্রস্তুত করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে নদীয়া ও যশোহর ও ২৪ পরগনা জিলার অন্তর্গত নিম্নলিখিত সকল গ্রামের মধ্য দিয়া প্রায় ১১৭ মাইল দীর্ঘ ও ১২০ অবধি ৬০০ ফুট পর্য্যন্ত প্রস্ত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

রাণাঘাট অবধি খুলনা পর্য্যন্ত ভাগ—০—২১ পর্য্যন্ত মাইল।

গ্রামের নাম।	পরগনা।	জিলা।	গ্রামের নাম।	পরগনা।	জিলা।
রাণাঘাট	.. শ্রীনগর ...		হারবাসিনী	... শ্রীনগর ...	
সমসপুর	... ...		আনকাইপুর	... ঐ ...	
মাগুড়খালি	..মামজোয়ানি ...		মণ্ডমদা	... ঐ ...	
সলুখা	.. ঐ ...		মিপুরর্জা	... ঐ ...	
তেহের গ্রাম	... শ্রীনগর ...		বর্দ্ধনশাড়িয়া	... ঐ ...	
বাগডাঙ্গা	... ঐ ...	নদীয়া।	সমসপুর	... ঐ ...	নদীয়া।
